আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রুক্স, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

ঈদুল আযহা ২৮ জুন

বাংলা পত্রিকা ডেস্ক: সৌদি আরবের আকাশে রোববার জিলহজ মাসের চাঁদ দেখা গেছে। দেশটিতে পবিত্র ঈদুল আজহা উদযাপিত হবে ২৮ জুন। স্থানীয় সময় রোববার সন্ধ্যায় সৌদি আরবের চাঁদ **(বাকি অংশ ০৮ পাতায়)**

২৬ বছরে

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

বর্ষ ২৭ || সংখ্যা ৩৭ || সোমবার || আষাঢ় ০৫ || ১৪৩০ || জিলক্বদ ২৯ || ১৪৪৪ || Vol. 27 || Issue 37 || June 19 || 2023 || USA. **FREE** in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

লড়ছেন বাংলাদেশী-আমেরিকান প্রার্থীও

২৭ জুন নিউইয়র্ক সিটি প্রাইমারি নির্বাচন

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কে শনিবার (১৭ জুন) থেকে শুরু হয়েছে আগাম ভোট। আগামী ২৭ জুন মঙ্গলবার ডেমোক্র্যাট দলীয় সিটির প্রাইমারি নির্বাচন সামনে রেখে এরই মধ্যে ভোটাররা ভোটাধিকার প্রয়োগ শুরু করেছেন। তারা সিটি কাউন্সিল প্রতিনিধি, স্থানীয় বিচারিক দায়িত্ব, জেলা এটর্নির আসনগুলোর জন্য প্রার্থী নির্বাচনে ভোট দেবেন। এই প্রার্থীরা মূল নির্বাচনী লড়াইয়ে নামবেন আগামী ৭ নভেম্বর। রি-ডিস্ট্রিক্টিংয়ের কারণে এবার ৫১ জন সিটি কাউন্সিল সদস্য প্রতিদ্বন্দ্বিতায় নামছেন চার বছর মেয়াদে



নির্বাচনে। এর আগে তার দুই বছর এই পদে সিটির জন্য কাজ করেছেন। সিটি কাউন্সিল সদস্য ও বিচারক পদের জন্য লড়াইয়ে র‍্যাঙ্কট-চয়েজ ভোটিং পদ্ধতি ব্যবহার করা হবে। এই পদ্ধতিতে ভোটাররা পাঁচ জন প্রার্থীকে অগ্রাধিকার ভিত্তিতে পছন্দ করতে পারবেন। ডিস্ট্রিক্ট অ্যাটর্নি নির্বাচনের জন্য স্টেটের নির্বাচনী বিধি মেনে চলা হবে। যাতে অবশ্য র‍্যাঙ্কড-চয়েজ পদ্ধতির প্রয়োগ হবে না। সিটি কাউন্সিলের আসন্ন নির্বাচনে বাংলাদেশী-আমেরিকান প্রার্থী হিসেবে প্রাইমারীতে লড়ছেন এডভোকেট **(বাকি অংশ ৮ পাতায়)**

নাগরিকত্ব গ্রহণ ইচ্ছুকদের সহায়তায় বিশেষ তহবিল

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের সিটিজেনশিপ অ্যান্ড ইমিগ্রেশন সার্ভিসেস-ইউএসসিআইএস এ দেশে নব্য অভিবাসীদের জন্য নাগরিকত্ব ও সমন্বয় কর্মসূচিতে মঞ্জুরি প্রদানের মেয়াদ বাড়িয়েছে। দেশ জুড়ে কমিউনিটিগুলোকে **(বাকি অংশ ০৬ পাতায়)**


যুক্তরাষ্ট্রে গ্যাসের চুলা কি থাকবে

বিশেষ প্রতিনিধি: গ্যাসের চুলা নিয়ে দড়ি টানাটানি চলছে যুক্তরাষ্ট্রের সর্বোচ্চ পর্যায়ে। বাইডেন প্রশাসন এই চুলাকে ক্ষতিকর পণ্য ঘোষণা দিয়ে তা নিয়ন্ত্রণ করতে চাইছে। আনতে চাইছে বিধি-বিধান। কিন্তু তাতে বাধ সাধছে রিপাবলিকানরা। প্রতিনিধি সভায় তাদের নিয়ন্ত্রণ আর সেই সুবাদে জিওপির আইন প্রণেতারা সরকারের বিধি-বিধানকে তোয়াক্কা করছেন না। বলছেন যে করেই হোক গ্যাসের চুলার **(বাকি অংশ ০৮ পাতায়)**

হাউজিং ইজ অ্যা হিউম্যান রাইট

ফাইট ফাইট ফাইট ফাইট

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কে বাড়ি ভাড়া বাড়ছেই। ভাড়াটিয়াদের নাভিশ্বাস উঠে গেছে। এ অবস্থায় নতুন করে ভাড়া বাড়ানোর প্রস্তাব উঠিয়েছে খোদ রেন্ট গাইডলাইন বোর্ড। আর সেই প্রস্তাবের ওপর ভোটাভুটি হচ্ছে ২১ জুন। কিন্তু তার আগেই **(বাকি অংশ ১৮ পাতায়)**



ট্রাম্প অভিযোগ কীভাবে পাল্টে দিতে পারে ২০২৪ নির্বাচন

বিশেষ প্রতিনিধি: জাতীয় নিরাপত্তার অতি-গোপন নথিপত্র বাড়িতে নিয়ে অযত্নে অবহেলায় রাখার জন্য ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে আনা অভিযোগ কি **(বাকি অংশ ১৮ পাতায়)**



ফেডারেল আদালতের বিচারক বাংলাদেশী বংশোদ্ভূত নুসরাত

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের ফেডারেল বিচারক হিসেবে নিয়োগ পেয়েছেন বাংলাদেশী বংশোদ্ভূত নুসরাত জাহান চৌধুরী। **(বাকি অংশ ১৮ পাতায়)**

মদ্যপানে সাবধান

সিটিতে ১ বছরে দশ হাজার টিকেট

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক সিটির বিভিন্ন ডিস্ট্রিক্টে প্রকাশ্য মদ্যপানের জন্য গত এক বছরে ১০,০০০ জনকে টিকেট ধরিয়ে দিয়েছে এনওয়াইপিডি। আর এর প্রতিটি টিকিটে মদাসক্তদের গুনতে হয়েছে ২৫ ডলার করে। নিউ-ইয়র্ক পোস্টের একটি খবরে বলা হয়েছে, মেয়র এরিক অ্যাডামস দায়িত্ব নেওয়ার পর এই সংখ্যা বেড়েছে। চলতি বছরে **(বাকি অংশ ০৬পাতায়)**

APOLLO INSURANCE BROKERAGE INC
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারণে বাড়ি-গাড়ি কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372

WIN ZONE REALTY INC
Licensed Real Estate Broker
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-899-7000
F: 718-899-2000
khanf04@yahoo.com
Ferdous Khan
Licensed Real Estate Sales Assoricate
Zillow
81-15 Queens Blvd. 2Fl
Elmhurst, NY 11373

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আপনার টাক্স ফাইল একজন সিপিএ দিয়ে করুন
আহাদ আলী, সিপিএ
Tel: (929)371-9915 info@ahadandco.com
2153 Westchester Ave Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street Long Island City, NY 11101

CHISHTI CPA PC
Mohammed Chishti
CPA, MBA
চিশতী একাউন্টিং এন্ড ট্যাক্স সার্ভিসেস
Income Tax - Sales Tax - Payroll - Notary Public - Bookkeeping - Business Formation - Financial Statement - Immigration Forms
73-19 BROADWAY, JACKSON HEIGHTS, NY 11372
917-832-7785, 347-515-3858
chishti@chishtiaccounting.com
www.chishtiaccounting.com

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনের বাড়ি
পাবলিক অকশনের বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

সব ধরনের Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
crescentinsurance@gmail.com
KABIR CHOWDHURRY
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

www.banglapatrikausa.com

২৩ জানুয়ারি ২০২৩ থেকে ট্যাক্স ফাইলিং শুরু হচ্ছে


কোনো প্রফেশনালকে দিয়ে ট্যাক্স ফাইল করান তাহলে সর্বাধিক রিফান্ড পাবেন এবং ভবিষ্যৎ জটিলতা থেকেও রক্ষা পাবেন।

We are Top 500 intuit Company

AUTHORIZED IRS e-file PROVIDER



Steven M. Levy, CPA



আপনাদের ট্যাক্স ফাইলিং সুষ্ঠু ও নিখুঁতভাবে সম্পন্নের জন্য আমাদের সাথে রয়েছেন সার্টিফাইড পাবলিক একাউন্টেন্ট।

Southeast USA Income Tax Services

জ্যাকসন হাইটস
74-09 37th Avenue, Suite # 206
Jackson Heights, NY 11372
Phone: 718-639-6207
Cell: 917-566-1612

জ্যামাইকা
168-16, Hillside Avenue
Jamaica, NY 11432
Phone: 646-464-5944
718-487-4507

ব্রংক্স
1445 Unionport Roa, Bronx, NY
পার্কচেষ্টার ফ্যামিলি ফার্মেসির ভিতরে
Phone: 347-621-0378
718-427-5919

email: usa.bd54@gmail.com

বাংলা পত্রিকা
৩-এর পৃষ্ঠা
The Weekly Bangla Patrika

আবারও বুস্টার ডোজের সুপারিশ এফডিএর

বাংলা পত্রিকা ডেস্ক: কেন্দ্রীয় ওষুধ প্রশাসন- এফডিএ বৃহস্পতিবার এই সুপারিশ দিয়েছে যে, আসছে ফলে কোভিড ভ্যাকসিনের বুস্টার ডোজ নিতে হবে। হঠাৎ করে কোভিড ভাইরাস আবারও বাড়তে শুরু করায় এই সুপারিশ এলো। এছাড়া দীর্ঘ-মেয়াদী সুরক্ষার জন্য নতুন ভ্যাকসিন তৈরির প্রক্রিয়া শুরুরও সুপারিজ দিলো এফডিএ। সংস্থাটির ভ্যাকসিন ও বায়োলজিক্যাল প্রডাক্ট সম্পর্কিত অ্যাডভাইজরি কমিটি সর্বসম্মতিক্রমে ভ্যাকসিনের নতুন শটস নেওয়ার সুপারিশ করেন। এছাড়াও তারা ভ্যাকসিন ফরমুলেশনেও পরিবর্তন আনার পক্ষে একমত হয়েছেন। তবে এখনই তারা সিদ্ধান্ত চূড়ান্ত করেন নি, কাকে কখন এই বুস্টার ডোজ দেওয়া হবে। এই সিদ্ধান্ত সেন্টার ফর ডিজেস কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন নিতে পারবে, তাদের নিজেদের যে অ্যাডভাইজরি কমিটি রয়েছে তারাই এই সিদ্ধান্ত দেবে। আগামী সপ্তাহে তাদের বৈঠক হওয়ার কথা রয়েছে। ওই বৈঠকেই সিদ্ধান্ত হবে কোভিডের কোন স্ট্রেইনটিকে টারগেট করে এই ডোজটি দেওয়া হবে। তবে সিদ্ধান্ত যেটাই হোক নতুন ডোজ তৈরি করে তা প্রয়োগের জন্য ছাড়তে প্রস্তুতকারীদেরও সময় লেগে যাবে। ধারণা করা হচ্ছে সেপ্টেম্বরের গোড়ার দিকে ফল শুরু হলে তখন হয়তো ফের ভ্যাকসিন দেয়া শুরু করা সম্ভব হবে।



ব্রঙ্কস বাংলাদেশ এসোসিয়েশনের কর্মকর্তারা অভিষিক্ত

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্কে ব্রঙ্কস বাংলাদেশ এসোসিয়েশনের নতুন কমিটির অভিষেক ও ঈদ পূনর্মিলনী অনুষ্ঠিত হয়েছে। গত ৩ জুন শনিবার সন্ধ্যায় এ উপলক্ষে স্টার্লিং এর খলিল চায়নিজে এক অনুষ্ঠানের আয়োজন করে সংগঠনটি। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন স্টেট অ্যাসেম্বলীওম্যান কারিনাজ রেইজ।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলওয়াত ও দোয়া করা হয়। নতুন কমিটিকে শপথ বাক্য পাঠ করান বিবিএ'র প্রধান উপদেষ্টা ও মূলধারার রাজনীতিক মোহাম্মদ এন মজুমদার। পরে ফুল দিয়ে নয়া কমিটিকে বরণ করে নেয়া হয়।

বিবিএ'র নয়া কমিটির সভাপতি কামাল উদ্দিনের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক এ ইসলাম মামুনের পরিচালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন অতিথি মোহাম্মদ এন মজুমদার, আব্দুস সহিদ, আব্দুর রহিম বাদশা, তোফায়েল চৌধুরী, সিরাজ উদ্দিন আহমেদ সোহাগ, হাসান আলী, সিনিয়র ডিটেকেটিভ মাসুদ রহমান, পুলিশ অফিসার বি-ল্লাল হোসেন, কারেকশন অফিসার কাজী আর হাসান, নূরে আলম জিকু, জালাল চৌধুরী প্রমুখ।

অনুষ্ঠানে অ্যাসেম্বলীওম্যান কারিনাজ রেইজ কমিউনিটিতে বিশেষ অবদান রাখার জন্য ৪ সাংবাদিকসহ ১০জন প্রবাসী বাংলাদেশীকে সম্মাননা সার্টিফিকেট তুলে দেন। একই সময় তিনি খলিল বিরিয়ানির সিইও মোঃ খলিলুর রহমানকে প্রক্লেমেশন প্রদান করেন।

নবনির্বাচিত কর্মকর্তারা শপথে। নিষ্ঠার সঙ্গে অর্পিত দায়িত্ব পালনের অঙ্গীকার করেন। তারা কমিউনিটির কল্যাণে সহযোগিতাসহ সংগঠনকে এগিয়ে নেয়ার প্রত্যয় ব্যক্ত করেন।

নবনির্বাচিত সভাপতি কামাল উদ্দিন এবং সাধারণ সম্পাদক এ ইসলাম মামুন বিদায়ী কমিটি সহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।



ফ্লোরিডায় খুশবু আলমের কন্যার জানাজা ও দাফন সম্পন্ন

(শেষের পাতার পর)

নামাজে জানাজা বুধবার (১৪ জুন) বাদ জোহর ফ্লোরিডা রাজ্যের ওয়েস্ট পামবীচ এলাকার অনুষ্ঠিত হয়েছে। এতে খুশবু আলম ও তার একমাত্র পুত্র সহ অনেকেই অংশ নেন। এছাড়াও নিউইয়র্ক থেকে তার (খুশবু আলম) কয়েকজন বন্ধুও এই জানাজা নামাজে শরীক হন। নান-াজা শেষে চাঁদনীর মরদেহ স্থানীয় কবরস্থানে দাফন করা হয়। ফ্লোরিডা থেকে খুশবু আলম এই তথ্য জানান। খবর ইউএনএ'র।

ফ্লোরিডার ওয়েস্ট পামবীচ এলাকায় মহাসড়ক আই-৯৫ এ গত ১১ জুন রোববার সন্ধ্যা ৭টার দিকে মর্মান্তিক এই দুর্ঘটনার জন্য দায়ী গাড়ির চালকসহ ৫ প্যাসেঞ্জারের সকলেই গুরুতর আহত হয়েছেন। তাদেরকেও হাস-পাতালে ভর্তি করা হয়েছে বলে পুলিশ জানায়। ঘটনার সময় একটি গাড়ী পিছন দিক থেকে চাঁদনীর গাড়ীটিকে সজোরে আঘাত করে।

ফ্লোরিডা থেকে খুশবু আলম মিডিয়াকে আরো জানান, রোববার সন্ধ্যা ৬টার সময়েও কন্যা চাঁদনীর সাথে তার টেক্সটে কথা হয়। তার এক ঘণ্টা পরই চাঁদনী'র দূর্ঘটনার খবর ও তার চির বিদায়ের কথা জানতে পারেন। মেডিক্যাল পরীক্ষা-নিরীক্ষা শেষে বুধবার (১৪ জুন) তার মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়।

উল্লেখ্য, চাঁদনী আলম পেশায় একজন রেজিস্টার্ড নার্স। তিনি ৬ বছর যাবত ফ্লোরিডার সেন্ট ম্যারি হাসপাতালে রেজিস্টার্ড নার্স হিসেবে চাকরি করছিলেন। ইতিপূর্বে কোন কোন মিডিয়ার খবরে তাকে ডাক্তার বলা হয়েছিলো। মর্মান্তিক এই দূর্ঘটনার খবর পেয়ে নিউইয়র্কে বসবাসরতে খুশবু আলম তার একমাত্র পুত্রকে সাথে নিয়ে সোমবার সকালের একটি ফ্লাইটে ফ্লোরিডা যান। ডা. চাঁদনীর আকস্মিক মৃত্যুর খবরে কমিউনিটিতে শোকের ছায়া নেমে আসে।

'এলএফআই' পেয়েছে

(শেষের পাতার পর)

ফিস্কাল ইন্টারমিডিয়ারী (এলএফআই) হিসেবে 'এলএ-ফআই' পেয়েছে বাংলাদেশী মালিবানাধীন। ইমিগ্র্যান্ট হোম কেয়ার ও বারী হোম কেয়ার।

জানা গেছে, ইমিগ্র্যান্ট এল্ডার হোম কেয়ারের কর্ণধার গিয়াস আহমেদ লিড এফ আই পেয়েছেন। লিড আরএফও পেয়েছে কমিটেড হোম কেয়ার। গিয়াস আহমেদ দীর্ঘদিন ধরে সততার সাথে হোম কেয়ার ব্যবসার সাথে জড়িত। এক প্রতিক্রিয়ায় তিনি বলেন, ডিপার্টমেন্ট অব হেলথের সকল নিয়মকানুন মেনে চলছি। সকল অডিটে শতভাগ রেজাল্ট পেয়ে ইমিগ্র্যান্ট এল্ডার হোম কেয়ার টপ এজেন্সী হিসেবে স্থান করে নিয়েছে। তিনি বলেছেন, যারা লিড এফ আই পাননি তারা সাব কন্ট্রাক্টর হিসেবে আমাদের সাথে কাজ/ব্যবসা করতে পারবেন। উল্লেখ্য, কমিটেড হোম কেয়ার ও ইমিগ্র্যান্ট এল্ডার হোম কেয়ারের মোট ১২টি শাখা বিভিন্ন এলাকায় কাজ করছে।

বিশিষ্ট রাজনীতিক গিয়াস আহমেদবিএনপি কেন্দ্রীয় জাতীয় কমিটির সদস্য। মূলধারার রাজনীতিতেও তিনি সক্রিয়। কমিউনিটিতে একজন সফল ব্যবসায়ীর পাশাপাশি রাজনীতিবিদ হিসেবেও খ্যাতি রয়েছে তার।

অপরদিকে বারী হোম কেয়ারও নিউইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ হেলথ কর্তৃক 'এলএফআই' হিসেবে মনোনীত হয়েছে। এ বিষয়ে বারী হোম কেয়ারের কর্ণধার আসেফ বারী টুটুল বলেন, বারী হোম কেয়ার নিউইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ হেলথ কর্তৃক লীড ফিস্কাল ইন্টারমিডিয়ারী কন্ট্রাক্টিং এটেস্টেশান কর্মসূচির আওতায় সিডিপ্যাপ (কনজুমার ডিরেক্টেড পার্সোনাল এসিসট্যান্স প্রোগ্রাম) এর জন্য লীড ফিস্কাল ইন্টারমিডিয়ারী (এলএ-ফআই) হিসেবে মনোনীত হওয়ায় আমরা আনন্দিত, এটি একটি বড় অর্জন। তিনি বলেন নিউইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ হেলথ-এর উপরোক্ত কর্মসূচির আওতায় গত ২০২০ সালের মার্চ মাসের পূর্বে যে সমস্ত হোমকেয়ার এজেন্সির গ্রাহক সংখ্যা একটি নির্দিষ্ট সীমায় পৌঁছাতে সক্ষম হয়েছিল, সে সকল হোম কেয়ার প্রতিষ্ঠানকেই লীড ফিস্কাল ইন্টারমিডিয়ারী (এলএফআই) হিসেবে মনোনীত করা হয়েছে। যে সকল হোমকেয়ার (সিডিপ্যাপ) এজেন্সি উপরোক্ত গ্রাহক সীমা অতিক্রম করতে সক্ষম হয়নি, সে সকল প্রতিষ্ঠানকে লীড ফিস্কাল ইন্টারমিডিয়ারী (এলএফআই) হিসেবে চিহ্নিত হোমকেয়ার প্রতিষ্ঠানের মাধ্যমে গ্রাহকদের সেবা প্রদান করতে হবে। সংকুচিত বাজেট এবং পর্যাপ্ত জনবলের অভাবে নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ হোমকেয়ার প্রতিষ্ঠানসমূহকে যথাযথ তদারকির জন্য লীড ফিস্কাল ইন্টারমিডিয়য়রী কন্ট্রাক্টিং এটেস্টেশান কর্মসূচির প্রবর্তন করেছে।

সিডিপ্যাপ সম্পর্কে তিনি বলেন, এই প্রোগ্রামটি গ্রাহক নির্দেশিত ব্যক্তিগত সহায়তা প্রোগ্রাম যা নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ কর্তৃক স্বীকৃত। এই প্রোগ্রামের আওতাq বয়স্ক এবং অক্ষমদের জন্য একটি হোম কেয়ার সুবিধা সরবরাহ করা হয়। দক্ষ পেশাদার, যোগ্যতাসম্পন্ন লোকজন দ্বারা বqস্ক এবং অক্ষমদের সাহায্য ও দৈনন্দিন সমস্ত কাজে সেবা প্রদান করা হয় যা প্রতিটি রোগীর ব্যক্তিগত চাহিদা অনুযায়ী নির্ধারণ করা হয়। নিউইয়র্ক স্টেট মেডিকেডের আওতাধীন ১৮ বছরের উর্ধ্বে যে কেউ এই সুবিধা নিতে পারে। পাশাপাশি এই প্রোগ্রামের আওতায় আপনি ঘরে বসে পরিবারের সদস্য বা প্রিয়জনের সেবা করে প্রতি সপ্তাহে আয়ের সুবর্ণ সুযোগ নিতে পারেন। এটি একটি সহজ পদ্ধতি।

তিনি আরো বলেন, কমিউনিটির বয়বৃদ্ধদের সেবায় আমাদের জ্যাকসন হাইটসসহ মোট ১০টি শাখা থেকে কার্যক্রম পরিচালনা করে আসছি। জ্যাকসন হাইটস ছাড়াও আমাদের জ্যামাইকা, ব্রুকস, ব্রুকলীন, ওজন পার্ক, লং আইল্যান্ড ও বাফেলোতে শাখা অফিস থেকে গ্রাহকদের প্রয়োজনীয় সেবা প্রদান করছি।

বারী হোম কেয়ারের চেয়ারম্যান মুনমুন হাসিনা বারী বলেন, এই অর্জন শুধু আমাদের একার নয়, আমাদের সকল গ্রাহক, শুভানুধ্যায়ী ও কর্মীরাও এর অংশীদার। তাই প্রতিষ্ঠানের পক্ষ থেকে আমি তাদের সকলকে কৃ






SHOWTIME MUSIC PROUDLY PRESENTS
ঢালিউড ফিল্ম এন্ড মিউজিক এওয়ার্ড
বঙ্গবিশ্বের সর্বাধিক জনপ্রিয় অনুষ্ঠান
SHOW TIME MUSIC
DALLYWOOD
MUSIC AWARDS 2023
SUNDAY, JUNE 25 AT 7 PM
VENUE - AMAZURA CONCERT HALL, QUEENS, NY 11435
TICKET: CIP, ELITE CLASS $300, VIP $150, SPECIAL $100, GENERAL ADMISSION $50
টিকেট প্রাপ্তি স্থান:
ব্রুকলিন: মোবাইল সিটি
জ্যাকসন হাইটস: খামার বাড়ী গ্রোসরি, ট্রেন্ডি ইউএসএ
ব্রঙ্কস: খলিল বিরিয়ানী হাউজ
জ্যামাইকা: জ্যামাইকা হালাল উইংস
FOR MORE INFO - 646 546 6038

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

প্রসঙ্গ : সর্বনাশা মাদক

বাংলাদেশে মাদক পাচার হয়ে আসে, মাদকের রমরমা বাণিজ্য চলে–এটা সবারই জানা। কিন্তু মাদক-সংশ্লিষ্ট অর্থ পাচারের দিক দিয়ে বিশ্বে পঞ্চম অবস্থানে কিংবা এশিয়ার মধ্যে শীর্ষে থাকার খবরে আমরা হতবিহ্বল না হয়ে পারি না। অনেক কিছুতেই আমাদের উন্নতি হয়েছে। তাই বলে মাদকের এই 'উন্নতি' কোনোভাবে মেনে নেওয়া যায় না।

বাংলাদেশ থেকে মাদকের কারণে প্রতিবছর পাচার হয়ে যায় ৪৮১ মিলিয়ন ইউএস ডলার বা প্রায় ৫ হাজার ১৪৭ কোটি টাকা। সম্প্রতি আঙ্কটাডের (ইউনাইটেড নেশনস কনফারেন্স অন ট্রেড অ্যান্ড ডেভেলপমেন্ট) ওয়েবসাইটে অবৈধ অর্থপ্রবাহসংক্রান্ত প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। এতে বাংলাদেশসহ বিশ্বের নয়টি দেশের মাদক-সংশ্লিষ্ট অবৈধ অর্থপ্রবাহের অনুমানভিত্তিক হিসাব তুলে ধরা হয়েছে। অন্য আটটি দেশ হলো আফগানিস্তান, কলম্বিয়া, ইকুয়েডর, মালদ্বীপ, মেক্সিকো, মিয়ানমার, নেপাল ও পেরু।

আঙ্কটাডের প্রতিবেদন অনুযায়ী, মাদকের অবৈধ অর্থপ্রবাহের দিক থেকে বিশ্বে প্রথম অবস্থানে রয়েছে মেক্সিকো। এশিয়ায় বাংলাদেশ শীর্ষে। অপর চারটি দেশ হলো যথাক্রমে মালদ্বীপ, নেপাল, আফগানিস্তান ও মিয়ানমার। ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত ৫ বছরের তথ্য-উপাত্ত বিশ্লেষণ করে মাদকের মাধ্যমে অবৈধ অর্থপ্রবাহের এই চিত্র প্রথমবারের মতো তুলে ধরেছে আঙ্কটাড।

বাংলাদেশে মাদক পাচার ও কারবারের সঙ্গে মিয়ানমারের রোহিঙ্গা শরণার্থীদের একটা যোগসূত্র আছে। মিয়ানমার সীমান্ত দিয়েই মূলত বাংলাদেশে মাদক আসে। অতীতে ভারত সীমান্তবর্তী এলাকা দিয়ে ফেনসিডিল আসত। সাম্প্রতিককালে আসছে ইয়াবা ও আইস। মাদক সমস্যা কমবেশি আগেও ছিল। ২০১৭ সালে সাড়ে সাত লাখ রোহিঙ্গা মিয়ানমার থেকে বিতাড়িত হয়ে এখানে আসার পর সেটি আরও প্রকট হয়েছে। রোহিঙ্গা শিবিরগুলো মাদক ব্যবসার বড় বড় আস্তানায় পরিণত হয়েছে। আন্তর্জাতিক মাদক পাচারকারীরা বাংলাদেশকে ট্রানজিট রুট হিসেবেও ব্যবহার করছে।

জানা যায়, ঢাকার উপকণ্ঠে ৫২০ মাদক কারবারি আছে। একটি এলাকায় যদি পাঁচ শতাধিক মাদক কারবারি থাকে, সারা দেশে এই সংখ্যা অনুমান করা কঠিন নয়। শহর ছাড়িয়ে গ্রামাঞ্চলেও মাদকের রমরমা ব্যবসা চলছে। উদ্বেগের বিষয় হলো, ঢাকার উপকণ্ঠে ৫২০ মাদক কারবারির মধ্যে স্থানীয় জনপ্রতিনিধি ও ক্ষমতাসীন দলের নেতা-কর্মীদের নামও আছে। সেখানে মাদকের কারবারে জড়িয়ে পড়েছেন স্থানীয় জনপ্রতিনিধি এবং ক্ষমতাসীন আওয়ামী লীগসহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতা-কর্মীরা। মাদকের টাকায় গাড়ি-বাড়িও করেছেন কেউ কেউ। রাজনৈতিকভাবে তাঁদের মধ্যে যত দ্বন্দ্বই থাকুক না কেন, মাদক ব্যবসাটি চলছে মিলেমিশেই। ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে মাদক ছড়িয়ে দেওয়ার ট্রানজিট পয়েন্ট (মধ্যবর্তী কেন্দ্র) হয়ে উঠেছে নারায়ণগঞ্জ।

মাদক যে দেশ ও প্রজন্মের ভয়াবহ ক্ষতির কারণ হয়ে দাঁড়িয়েছে, সেটি রাষ্ট্রের কর্ণধারেরা অনুধাবন করতে পেরেছেন বলে মনে হয় না। মাদকবিরোধী এত অভিযান হলো, গণসচেতনতায় এত অর্থ খরচ হলো, কথিত বন্দুকযুদ্ধে এত মানুষ মারা গেল, তারপরও মাদকের ভয়াবহতা কমানো গেল না কেন?

সীমান্ত পার হয়ে মাদক এলে সেটি মাদকসেবীদের কাছে যাবেই। তাই প্রথমে যে কাজ করতে হবে, সেটি হলো দেশের ভেতরে মাদকের প্রবেশ বন্ধ করা। রোহিঙ্গা শরণার্থীরা কক্সবাজার এলাকার পরিবেশ নষ্ট করছে, জনজীবনে অভিঘাত তৈরি করেছে। কিন্তু সর্বনাশা মাদক গোটা দেশকে গ্রাস করতে বসেছে। এখনই যদি সরকার ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সজাগ না হয়, তাহলে আরও ভয়াবহ পরিণতির জন্য আমাদের অপেক্ষা করতে হবে।

ভূরাজনীতি : আমেরিকা প্রশ্নে যে পথে হাঁটছে ভারত

॥ ব্রহ্ম চেলানি ॥

গত দুই দশকে যুক্তরাষ্ট্র ও ভারতের মধ্যে দ্বিপক্ষীয় সম্পর্ক এতটা দ্রুততায় গভীর ও জোরালো হয়েছে, যা আগে কখনোই হয়নি। এর ধারাবাহিকতায় নরেন্দ্র মোদি প্রধানমন্ত্রী হিসেবে অষ্টমবারের মতো এবং জো বাইডেন প্রেসিডেন্ট হওয়ার পর দ্বিতীয়বারের মতো যুক্তরাষ্ট্র সফর করতে যাচ্ছেন।

দুই দেশের দ্বিপক্ষীয় ঘনিষ্ঠতায় ভারতের যেমন লাভ আছে, তেমনি যুক্তরাষ্ট্রের এতে ন্যূনতম স্বার্থ উদ্ধারের সুযোগ আছে।

জনসংখ্যার দিক থেকে মাত্রই চীনকে ছাড়িয়ে যাওয়া ভারতের অর্থনীতি এখনো যদিও তুলনামূলকভাবে ছোট, তবে তার আকারও অধিকতর দ্রুততায় বাড়ছে। এখন ভারত বিশ্বের সবচেয়ে দ্রুতগতিতে বাড়তে থাকা অর্থনীতির দেশ। মোট দেশজ উৎপাদন বা জিডিপি প্রবৃদ্ধি অর্জনের দিক থেকে ভারত ইতিমধ্যেই যুক্তরাজ্যকে ছাড়িয়ে গেছে এবং জার্মানিকে ছাড়িয়ে যাওয়ার পথে রয়েছে। একইভাবে যুক্তরাষ্ট্রের অস্ত্রসহ অন্যান্য সরঞ্জাম ও পণ্য রপ্তানির বৃহৎ বাজার হয়ে উঠছে ভারত।

তবে এটি দুই দেশের বাণিজ্যিক সুযোগ-সুবিধার শুরু মাত্র। ভূরাজনৈতিক প্রতিদ্বন্দ্বিতার এই যুগে চীনের (এবং চীনের ক্রমবর্ধমানভাবে ঘনিষ্ঠ হয়ে ওঠা রাশিয়ার) ক্রমবর্ধমান প্রভাব-প্রতিপত্তিকে প্রতিহত করতে যুক্তরাষ্ট্র তার অংশীদারদের সহযোগিতা কামনা করছে।

ভারত পশ্চিমে তার সহযোগী গণতন্ত্রগুলোর জন্য একটি সুস্পষ্ট অংশীদার, যদিও ভারতীয়-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের ভবিষ্যৎ প্রকৃতি নির্ধারণে এবং অবশ্যই আরও ব্যাপক অর্থে বললে বলা যায়, বিশ্বব্যবস্থা নির্ধারণে ভারত একটি 'দোদুল্যমান রাষ্ট্র' হিসেবে কাজ করছে। রাশিয়া-চীনের উদীয়মান জোটের দিকে ভারতের ঝুঁকে যাওয়াটা যুক্তরাষ্ট্রের পক্ষে মেনে নেওয়া সম্ভব নয়।

ভারত বিশ্বাস করে যুক্তরাষ্ট্রের নীতি শুধু এই একটি ক্ষেত্রেই ভারতের নিরাপত্তা স্বার্থকে বিঘ্নিত করছে না। যে পাকিস্তানে গণগ্রেপ্তার, গুম ও নির্যাতন নিত্যদিনের ঘটনা, সেই পাকিস্তানকে আঁকড়ে ধরে রেখে মিয়ানমার ও ইরানের ওপর অবরোধ জারি রাখার মার্কিন নীতিও ভারতকে অস্বস্তিতে রেখেছে। এ ছাড়া বাংলাদেশে ইসলামপন্থী শক্তির বিরুদ্ধে সর্বদা সোচ্চার ক্ষমতাসীন ধর্মনিরপেক্ষ সরকারকে যুক্তরাষ্ট্র এই বলে হুমকি দিয়েছে যে দেশটির আসন্ন নির্বাচনে সরকার কোনো অনিয়ম করলে সরকারের কর্মকর্তাদের বিরুদ্ধে ভিসা নিষেধাজ্ঞা আরোপ করা হবে।

তথাকথিত বন্ধুত্ব গড়ার মাধ্যমে সরবরাহ শৃঙ্খলে স্থিতিস্থাপকতা বাড়ানোয় আমেরিকার বর্তমান আগ্রহের কথা বিবেচনা করুন। যুক্তরাষ্ট্রের অর্থমন্ত্রী জ্যানেট ইয়েলেন এ বিষয়টি ব্যাখ্যা করে বলেছেন, ভারত যুক্তরাষ্ট্রের এমন একটি 'আস্থাশীল বাণিজ্যিক অংশীদার' যাকে নিয়ে যুক্তরাষ্ট্র 'অর্থনৈতিক একীকরণকে সক্রিয়ভাবে গভীরতর করছে', কারণ যুক্তরাষ্ট্র তার সরবরাহ শৃঙ্খলের জন্য ভূরাজনৈতিক ও নিরাপত্তা ঝুঁকি তৈরি করে এমন দেশগুলো থেকে বাণিজ্য ব্যবস্থাকে সরিয়ে নেওয়ার চেষ্টা করছে।

ভারতীয়-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখতে ভারতকে যুক্ত রাখাটাও যুক্তরাষ্ট্রের কাছে অনস্বীকার্য। ভারতের সঙ্গে চীনের সামরিক দ্বন্দ্ব ৩৮তম মাসে গড়িয়েছে। ভারত পিছু তো হটেইনি, উল্টো চীনের সম্প্রসারণবাদের প্রতি খোলামেলা চ্যালেঞ্জ ছুড়ে দিয়েছে, যা চীনের জন্য তাইওয়ানে হামলা করা অনেক কঠিন করে তুলেছে।

বাইডেন চীন ও ভারতের এই দ্বন্দ্ব নিয়ে কখনো কথা বলেননি বটে, তবে তিনি নিশ্চিতভাবেই পরিস্থিতির ওপর নজর রাখছেন। চলতি মাসে মার্কিন প্রতিরক্ষামন্ত্রী লয়েড অস্টিন এবং জাতীয় নিরাপত্তা উপদেষ্টা জ্যাক সুলিভানের দিল্লি সফর অন্তত সে কথাই বলছে।

ইতিমধ্যেই ভারত বিশ্বের অন্য যেকোনো দেশের চেয়ে যুক্তরাষ্ট্রের সঙ্গে বেশিসংখ্যক সামরিক মহড়ায় অংশ নিয়েছে এবং যুক্তরাষ্ট্র তার মিত্রদের সঙ্গে যে চারটি 'ভিত্তিসূচক' চুক্তি মেইনটেইন করে তার সবগুলোতেই ভারত ২০২০ সালের মধ্যে সই করেছে।

এর মানে হলো, এই দুই দেশ অন্য বিষয়ের পাশাপাশি সামরিক স্থাপনা এবং বিমান ও স্যাটেলাইট থেকে পাওয়া তথ্য-উপাত্ত পরস্পর বিনিময় করতে পারবে। যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া এবং জাপানের সঙ্গে মিলিত হয়ে ভারত ইতিমধ্যে কোয়াড-এ যোগ দিয়েছে, যা গ্রুপটিকে তার প্রয়োজনীয় শক্তি জুগিয়েছে।

ভারতের সঙ্গে কৌশলগত সম্পর্ককে সুদৃঢ় করার বিষয়ে যুক্তরাষ্ট্রে দ্বিদলীয় ঐকমত্য অর্জন একটি বিরল ঘটনা। সেই ঘটনাই মোদি ঘটিয়েছেন। মার্কিন কংগ্রেসে ভাষণ দেওয়ার জন্য মোদিকে আমন্ত্রণ জানানো হয়েছে। এর মধ্য দিয়ে তিনি দ্বিতীয়বারের মতো মার্কিন কংগ্রেসে ভাষণ দেবেন। এর আগে রিপাবলিকান নেতা ট্রাম্পের আমন্ত্রণে তিনি সেখানে ভাষণ দিয়েছিলেন। এবার ডেমোক্র্যাট নেতা বাইডেনের আমন্ত্রণে ভাষণ দেবেন। এর মধ্য দিয়ে মোদিই হবেন প্রথম ভারতীয় কোনো নেতা, যিনি ডেমোক্রেটিক ও রিপাবলিকান–উভয় দলের পক্ষ থেকে মার্কিন কংগ্রেসে উপস্থিত হওয়ার আমন্ত্রণ পেলেন।

এরপরও পশ্চিমের অনেক সংশয়বাদী বিশ্বাস করেন, ভারতের সঙ্গে যুক্তরাষ্ট্রের কৌশলগত গাঁটছড়া বাধা শেষ পর্যন্ত হতাশাই বয়ে আনবে। উদাহরণ হিসেবে বলা যায়, সম্প্রতি একজন বিশ্লেষক বলেছেন, ভারত কখনোই যুক্তরাষ্ট্রের বিশ্বস্ত মিত্র হতে পারবে না। আরেকজন ভাষ্যকারের বিশ্লেষণ হলো, চীনের সঙ্গে ভূরাজনৈতিক প্রতিযোগিতায় ভারতের সঙ্গে যুক্তরাষ্ট্রের বন্ধুত্ব গড়ে তেমন কোনো ফায়দা হবে না।

জনসংখ্যার দিক থেকে মাত্রই চীনকে ছাড়িয়ে যাওয়া ভারতের অর্থনীতি এখনো যদিও তুলনামূলকভাবে ছোট, তবে তার আকারও অধিকতর দ্রুততায় বাড়ছে। এখন ভারত বিশ্বের সবচেয়ে দ্রুতগতিতে বাড়তে থাকা অর্থনীতির দেশ। মোট দেশজ উৎপাদন বা জিডিপি প্রবৃদ্ধি অর্জনের দিক থেকে ভারত ইতিমধ্যেই যুক্তরাজ্যকে ছাড়িয়ে গেছে এবং জার্মানিকে ছাড়িয়ে যাওয়ার পথে রয়েছে।

তাদের উদ্বেগের মূল বিষয় হলো ভারত তার কৌশলগত স্বাধীনতা ধরে রাখার বিষয়ে অবিচল রয়েছে। মোদি ক্ষমতায় আসার পর থেকে ভারত খুব কমই জোট নিরপেক্ষতার কথা বলেছে এবং বাস্তবে ভারত বহু জোটে যুক্ত হয়েছে। ভারত গণতান্ত্রিক শক্তিগুলোর সঙ্গে তার অংশীদারিকে গভীর করার সঙ্গে সঙ্গে রাশিয়ার সঙ্গে তার ঐতিহ্যগতভাবে ঘনিষ্ঠ সম্পর্ক বজায় রেখেছে।

তবে যুক্তরাষ্ট্র ও রাশিয়ার সঙ্গে ভারতের সম্পর্ক পরস্পর বিপরীতমুখী বলে মনে হচ্ছে। ভারত যুক্তরাষ্ট্রের সঙ্গে একটি বিস্তৃত এবং বহুমুখী অংশীদারি গড়ে তুলছে। মনুষ্যচালিত মহাকাশযান উৎক্ষেপণে সহযোগিতা থেকে শুরু করে সেমিকন্ডাক্টর সরবরাহ শৃঙ্খল পর্যন্ত সবকিছুই তাতে আছে। অন্যদিকে রাশিয়ার সঙ্গে তার সম্পর্ক এখন প্রায় একচেটিয়াভাবে প্রতিরক্ষা এবং জ্বালানির মধ্যে সীমাবদ্ধ আছে বলে মনে হচ্ছে।

তবে ইউক্রেন যুদ্ধ শুরু হওয়ার পর থেকে পশ্চিম যেভাবে রাশিয়াকে পরিত্যাগ করেছে, সেভাবে রাশিয়াকে ভারতের পক্ষে এড়িয়ে যাওয়া সম্ভব নয়। কারণ ভারত এখনো রাশিয়াকে চীনের চাপ মোকাবিলায় একটি সহযোগী শক্তি মনে করে।

ভারত মনে করে, চীন ও রাশিয়া অভিন্ন স্বার্থে আটকে থাকা 'প্রাকৃতিক মিত্র' নয়, বরং তাদের মধ্যে 'প্রাকৃতিক' প্রতিদ্বন্দ্বিতা আছে এবং যুক্তরাষ্ট্রের নীতির কারণেই এখন এই দুই প্রতিদ্বন্দ্বী পরস্পরের ঘনিষ্ঠ হচ্ছে। আমেরিকার নীতির কারণে চীন ও রাশিয়ার যে অক্ষ তৈরি হয়েছে, তা না ভারতের স্বার্থে কাজ করে, না আমেরিকার স্বার্থে কাজ করে। তারপরও যুক্তরাষ্ট্র তার নীতি পুনর্বিবেচনায় আগ্রহ দেখাচ্ছে না বলে ভারতের মধ্যে হতাশা রয়েছে।

ভারত বিশ্বাস করে যুক্তরাষ্ট্রের নীতি শুধু এই একটি ক্ষেত্রেই ভারতের নিরাপত্তা স্বার্থকে বিঘ্নিত করছে না। যে পাকিস্তানে গণগ্রেপ্তার, গুম ও নির্যাতন নিত্যদিনের ঘটনা, সেই পাকিস্তানকে আঁকড়ে ধরে রেখে মিয়ানমার ও ইরানের ওপর অবরোধ জারি রাখার আমেরিকানন নীতিও ভারতকে অস্বস্তিতে রেখেছে। এ ছাড়া বাংলাদেশে ইসলামপন্থী শক্তির বিরুদ্ধে সর্বদা সোচ্চার ক্ষমতাসীন ধর্মনিরপেক্ষ সরকারকে যুক্তরাষ্ট্র এই বলে হুমকি দিয়েছে যে দেশটির আসন্ন নির্বাচনে সরকার কোনো অনিয়ম করলে সরকারের কর্মকর্তাদের বিরুদ্ধে ভিসা নিষেধাজ্ঞা আরোপ করা হবে।

যুক্তরাষ্ট্র ও ভারত কৌশলগত স্বার্থের কারণেই পরস্পর এক হয়েছে। এ ক্ষেত্রে ভারতীয় প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে চীনের ভূমিকা গুরুত্বপূর্ণ। যত দিন চীন তার বর্তমান নীতির পথে হাঁটবে, তত দিন ভারত ও আমেরিকার সম্পর্কও থাকবে।

ইংরেজি থেকে অনূদিত স্বত্ব: প্রজেক্ট সিন্ডিকেট

লেখক নয়াদিল্লিভিত্তিক সেন্টার ফর পলিসি রিসার্চের অধ্যাপক এবং বার্লিনের রবার্ট বোচ একাডেমির একজন ফেলো

নামাজের সময়-সূচী

জুন	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫
ফজর	৩.৪৪	৩.৪৪	৩.৪৪	৩.৪৪	৩.৪৫	৩.৪৫	৩.৪৫
সূর্যোদয়	৫.২৩	৫.২৩	৫.২৪	৫.২৪	৫.২৪	৫.২৪	৫.২৪
জোহর	১২.৫৭	১২.৫৭	১২.৫৮	১২.৫৮	১২.৫৮	১২.৫৯	১২.৫৯
আসর	৬.১২	৬.১২	৬.১২	৬.১৩	৬.১৩	৬.১৩	৬.১৩
মাগরিব	৮.৩১	৮.৩১	৮.৩১	৮.৩১	৮.৩২	৮.৩২	৮.৩২
এশা	১০.১১	১০.১১	১০.১১	১০.১২	১০.১২	১০.১২	১০.১২

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৫ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৬ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদেরকে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

নাগরিকত্ব গ্রহণ ইচ্ছুকদের সহায়তায় বিশেষ তহবিল

(প্রথম পাতার পর)

এদেশের নাগরিকত্বের জন্য প্রস্তুত করতেই এই কর্মসূচি নেওয়া হয়েছে। কর্মসূচির আওতায় এখন আবারও আবেদন নিতে শুরু করেছে ইউএসসিএস। এতে ২৫ মিলিয়ন ডলার পর্যন্ত মঞ্জুরি পাওয়া যাবে। যা খরচ করা হবে অভিবাসীদের আত্মীকরণ ও খাপ খাইয়ে নেওয়ার বিভিন্ন কার্যক্রমে। যার মধ্যে থাকবে:

- ইংরেজি ভাষায় জ্ঞান ও দক্ষতা বাড়ানো
- যুক্তরাষ্ট্রের ইতিহাস ও পৌরনীতি
- নাগরিক কর্তব্যবোধ ও অন্যান্য

তবে প্রচলিত এই বিষয়গুলো ছাড়াও ২০২৩ সালের মঞ্জুরি কার্যক্রমে যুক্ত করা হয়েছে বিভিন্ন সৃষ্টিশীল ও উদ্ভাবনী কাজে দক্ষ করে তোলার কর্মসূচি। যা ইমিগ্র্যান্টদের আত্মীকরণে অনেক বেশি সহায়ক হবে।

ইউএসসিআইএস্থর পরিচালক উর এম জাড্ডু বলেন, এই কর্মসূচিতে আমরা নব্য অভিবাসীদের ইংরেজি ভাষা, আমেরিকান ইতিহাস ও নাগরিক দায়িত্ব-কর্তব্য নিয়েই জ্ঞান ও দক্ষতা প্রদানে চেষ্টা করি যাতে এই মানুষগুলো আমেরিকান সিটিজেটশিপ অর্জনের পথ সুগম করতে পারেন। এর বাইরেও অতিরিক্ত তহবিল সরবরাহ করে আমরা চেষ্টা করছি আরও বেশি কমিউনিটিকে এই কর্মসূচির আওতায় আনতে এবং এই নব্য অভিবাসীয়দের নাগরিকত্ব শিক্ষায় প্রয়োজনীয় উপকরণে তাদের প্রবেশাধিকার নিশ্চিত করতে।

ইউএসসিআইএস এই কর্মসূচির আওতায় উচ্চ মানসম্পন্ন নাগরিকত্ব ও সমন্বয় সেবা নিশ্চিত করতে চায়, বলেন জাড্ডু। সেবা কর্মসূচিগুলো মধ্যে থাকছে-

নাগরিকত্ব নির্দেশনা ও আত্মীকরণ আবেদন সেবা মঞ্জুরি: সরকারি কিংবা অলাভজনক সংস্থাগুলোকে তহবিল সরবরাহ করে তাদের মাধ্যমে এই সেবা দেওয়া হবে যাতে অভিবাসীরা আইনিভাবে এই দেশে স্থায়ী নিবাস করতে পারেন। ইউএসসিসআইএস মনে করছে, দেশের ৫৫টি এমন প্রতিষ্ঠানকে ৩০০,০০০ ডলার করে তহবিল দেওয়া সম্ভব হবে। এ জন্য আবেদনের শেষ তারিখ জুলাই ২৮, ২০২৩।

কমিউনিটি ও আঞ্চলিক সমন্বয় নেটওয়ার্ক মঞ্জুরি: এই মঞ্জুরি দিয়ে নির্দিষ্ট কিছু অভিবাসী, বিশেষ করে যারা যুক্তরাষ্ট্রের শরণার্থী প্রবেশ কর্মসূচির আওতায় এদেশে এসেছেন কিংবা কিউবা বা হাইতি থেকে বিতাড়িত হয়ে এসেছেন তাদের জন্য ব্যক্তিপর্যায়ে সেবা কর্মসূচি বাস্তবায়ন করা হবে। যাতে তারা সফল নাগরিক হয়ে উঠতে প্রয়োজনীয় দক্ষতা ও জ্ঞান পেতে পারেন। এ ধরনের কর্মসূচি বাস্তবায়ন করছে এমন সংস্থাগুলোর প্রত্যেককে দুই বছরের জন্য ৩০০,০০০ ডলার পর্যন্ত তহবিল সংগ্রহে প্রস্তুত ইউএসসিআইএস। এক্ষেত্রেও আবেদনের শেষ তারিখ জুলাই ২৮, ২০২৩।

আঞ্চলিক হাব কর্মসূচি: এই মঞ্জুরি সুবিধার লক্ষ্যই হচ্ছে নাগরিকত্বের জন্য আইনিভাবে স্থায়ী নিবাসীদের সহায়তা ও প্রস্তুত করতে কমিউনিটি গঠন ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বাড়ানো। এই লক্ষ্য অর্জনে তহবিল প্রাপ্ত প্রতিষ্ঠানগুলো সিটিজেনশিপ নেটওয়ার্ক বাড়াবে এবং নেটওয়ার্কের ব্যক্তিসদস্যদের কারিগরি সহায়তা দেবে। এছাড়াও এই মানুষগুলো যাতে কমিউনিটিতে খাপ খাইয়ে নিতে পারেন সে জন্য সব ধরনের সহায়তা নিশ্চিত করবে। এই সুবিধার আওতায় ইউএসসিআইএস প্রতি দুই বছর মেয়াদের জন্য প্রত্যেককে ১ মিলিয়ন ডলার করে বরাদ্দ দিতে প্রস্তুত। আবেদনের শেষ তারিখ জুলাই ২৮, ২০২৩।

নাগরিকত্ব শিক্ষা ও উদ্ভাবনী কর্মসূচি: এই মঞ্জুরি থেকে ইউএসসিআইএস তহবিল সরবরাহ করবে সরকারি, অলাভজনক ও লাভজনক সংস্থাগুলোকে যাতে তারা নব্য অভিবাসীদের এখানে আত্মীকরণ ও তাদের নাগরিক কর্তব্য, ভাষাগত দক্ষতা ও এখানকার সংস্কৃতির সঙ্গে খাপ খাইয়ে নিতে সহায়তা করতে পারেন। নাগরিকত্ব বিষয়ক শিক্ষা ও প্রস্তুতির এই কর্মসূচিতে ১৪ টি সংস্থাকে ২৫০,০০০ ডলার করে দুই বছর মেয়াদের জন্য সরবরাহ করা হবে। আবেদন করা যাবে জুলাই ২৮, ২০২৩ এর মধ্যে।

উল্লেখ, ২০০৯ সাল থেকে নাগরিকত্ব ও সমন্বয় মঞ্জুরি কর্মসূচির আওতায় মোট ৫৭৯টি মঞ্জুরির মাধ্যমে দেশের অভিবাসন সেবা সংস্থাসমূহকে মোট ১৩২ মিলিয়ন ডলার তহবিল সরবরাহ করেছে। এই বরাদ্দকৃত অর্থ দিয়ে দেশের ৩৯টি অঙ্গরাজ্য ও ডিস্ট্রিক্ট অব কলাম্বিয়ায় এ পর্যন্ত মোট ৩০০,০০০ অভিবাসীকে প্রস্তুকরণ সেবা দেওয়া হয়েছে। চলতি বছরের ঘোষিত কর্মসূচির সেবা অভিবাসীরা আগামী সেপ্টেম্বর নাগাদ পেতে শুরু করবেন।

তহবিল পেতে grants.gov এ আবেদন করতে হবে। এছাড়া তথ্য পেতে ই-মেইল করা যাবে citizenship-grantprogram@uscis.dhs.gov এই ঠিকানায়।

সিটিতে ১ বছরে দশ হাজার টিকেট

(প্রথম পাতার পর)

এই ধরনের জরিমানার মাত্রা আরও বাড়ছে। একটি হিসাবে দেখা গেছে ২০২৩ সালের প্রথম তিন মাসেই এমন টিকেট ইস্যু করা হয়েছে ২,৫২৪ টি। যা গত বছরের প্রথম তিন মাসের চেয়ে ছয় গুন বেশি। 'বিয়ার লুকাও নইলে ২৫ ডলারের ঝুঁকি নাও... ক্যাপ্টেন বাজকিল আসছেন' এই ছিলো এনওয়াইপিডির বার্তা।

তারপরেও ধরা খেয়ে যাচ্ছে অনেক মদ্যপ। এনওয়াইপিডির পরিসংখ্যান মতে, এ বছরের জানুয়ারি থেকে মার্চের মধ্যে মোট ২১ হাজার অপরাধীকে তলব করা হয়েছে যার মধ্যে ১২ শতাংশই ছিলো প্রকাশ্যে মদ খাওয়ার কারণে। তবে নাগরিকদের এতে আপত্তি। গত রোববার রিভারসাইড পার্কে বসে পিকনিক করছিলেন ৪২ বছরের জেমি ক্যান্টওয়েল। তিনি বললেন, আমরা এখানে নগরে আয় কর দেই, তার বিপরীতে কি-ই পাই। পার্কে বসে একটু নির্বিঘ্নে মদ পান করতেও পারবো না?' প্রশ্ন তার।

বহু বছর ধরেই আমরা পার্কে বসে মদ পান করে আসছি, বলেন ক্যান্টওয়েল। আর তিনি মনে করেন এতে বাধা দেওয়া কিছু নেই। বরং উৎসাহিতই করা উচিত। কিন্তু মানতে রাজি নন মেয়র এরিক অ্যাডামস। রাজি নয় এনওয়াইপিডি-ও।

২০২২ সালের জানুয়ারীতে তিনি মেয়রের দায়িত্ব নেওয়ার পর পুলিশের হাতে এই অপরাধীরা খুব একটা রেহাই পাচ্ছে না। এবং এক বছরে তারা যতজনকে ধরেছে, তা গত চার বছরের মোট সংখ্যার সমান। এর আগে ২০১৮ থেকে ২০২১ পর্যন্ত এই সংখ্যা ছিলো ২৫০০ ও ৩৪০০ এর মধ্যে।

এদিকে ২০২৩ সালে যতজনকে এই টিকেট দেওয়া হয়েছে তাদের মধ্যে প্রতি ১০ জনে ৯ জনই হয় কৃষ্ণাঙ্গ নয়তো হিসপ্যানিক। ১১০ নং প্রিসিঙ্কটে সবচেয়ে বেশি টিকেট পড়েছে। এখানে মোট টিকিট ২৩৭টি। দ্বিতীয় অবস্থানে ৭৩তম প্রিসিঙ্কট যার সংখ্যা ২২৪ টি।
















শায়খ আব্দুল মতীন (রহ:) স্মরণে আলোচনা ও দু'আ মাহফিল

(শেষের পাতার পর)

তিনি সমাজবিরোধী কার্যকলাপরোধে যেমন সোচ্চার ছিলেন, পরোপকার ও মানবতার হিতাকাঙ্খী হিসেবে তেমনি নিবেদিত ব্যক্তিত্ব ছিলেন। তিনি হেরার রাজতোরণের স্বপ্নে আলোকিত একজন প্রকৃত মানুষ গড়ার কারিগর এবং শালিসি ব্যক্তিত্ব ছিলেন। তাঁর শূন্যতা পূরণ হবার নয়।

নিউইয়র্কের জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি হলে গত ১৫ জুন বৃহস্পতিবার সন্ধ্যায় ফাউন্ডেশন অফ গ্রেটার জৈন্তা, নিউইয়র্ক এর উদ্যোগে তাঁর বর্ণাঢ্য জীবন ও কর্ম নিয়ে আলোচনা সভা ও দু'আ মাহফিলে আলোচকরা উপরোক্ত কথাগুলো বলেন। সংগঠনের সিনিয়র সহ সভাপতি মুহাম্মদ বুরহান উদ্দিনের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক জামীল আনছারীর সাবলীল পরিচালনায় শুরুতে কালামে হাকীম থেকে তেলাওয়াত করেন ইস্ট এলমহার্স্ট মুসলিম সেন্টারের ইমাম ও খতীব ক্বারী মাওলানা মুহাম্মদ ইয়াসীন।

অতিথিদের মধ্যে মরহুমের জীবন ও কর্ম নিয়ে আলোচনা রাখেন জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনক এর সভাপতি বদরুল হোসেন খান, টাইম টিভির সিইও ও সাপ্তাহিক বাংলা পত্রিকা'র সম্পাদক আবু তাহের, আসসাফা ইসলামিক সেন্টারের ইমাম ও খতীব মাওলানা রফিক আহমদ রেফাহী, বায়তুশ শরফ মসজিদ এন্ড ইসলামিক সেন্টারের ইমাম ও খতীব মাওলানা মাহমুদ জাকারিয়া, আমেরিকান মুসলিম সেন্টারের প্রেসিডেন্ট হাফেজ রফিকুল ইসলাম, আন নূর কালচারাল সেন্টারের প্রিন্সিপাল মুফতি মোহাম্মদ ইসমাইল, রাহমানিয়া ট্রাভেলস-এর সত্ত্বাধিকারী মাওলানা কুতুবউদ্দিন মাহমুদ, আই টিভির সিইও মাওলানা মুহাম্মদ শহীদুল্লাহ, টাইম টিভির অন্যতম পরিচালক সৈয়দ ইলিয়াস খসরু, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক এবিএম সালাহউদ্দিন আহমেদ, টাইম টিভির হেড অব দ্যা নিউজ ইকবাল মাহমুদ, সাংবাদিক এমদাদ চৌধুরী দীপু, জৈন্তাপুর প্রবাসী গ্রুপের সার্বিক তত্ত্বাবধায়ক ফয়েজ আহমদ, দারুল আহনাফ নিউইয়র্ক এর প্রেসিডেন্ট মাওলানা রশীদ জামীল, প্রিন্সিপাল মাওলানা হামিদুর রহমান আশরাফ, আন নূর কালচারাল সেন্টারের ইমাম মাওলানা মুজিবুর রহমান, জালালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা'র সাবেক সাংগঠনিক সম্পাদক মানিক আহমদ, মরহুমের দ্বিতীয় ছেলে, ইয়র্ক বাংলা'র সম্পাদক মাওলানা রশীদ আহমদ প্রমূখ। শাqখের রুহের মাগফেরাত কামনা করে দু'আ পরিচালনা করেন মাওলানা রফিক আহমদ রেফাহী।



মাহফিলে বিশিষ্টজদের মধ্যে সাপ্তাহিক পরিচয় সম্পাদক নাজমুল আহসান, আমেরিকান মুসলিম সেন্টারের ইমাম ও খতীব মাওলানা আতাউর রহমান জালালাবাদী, মুনা জ্যাকসন হাইটস চ্যাপ্টারের সেক্রেটারী ফখরুল ইসলাম মাসুম, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সাবেক সহ-সভাপতি জোসেফ চৌধুরী, সাবেক আইন ও আন্তর্জাতিক সম্পাদক শামীম আহমদ মনীর, কবি ও সংগঠক আবদুন নূর, কমিউনিটি অ্যাক্টিভিস্ট মীর্জা আজম, ফাউন্ডেশন অফ গ্রেটার জৈন্তা'র উপদেষ্টা ডা. আব্দুল কাদির, আহমদ জারীরসহ আরো অনেক উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, মাওলানা শায়খ আব্দুল মতীন গত ১ জুন বৃহস্পতিবার রাত নয়টায় সিলেটের গোয়াইনঘাট উপজেলার নন্দিরগাঁও ইউনিয়নের মানাউরা গ্রামের নিজ বাড়িতে তিনি ইন্তেকাল করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৫ বছর। তিনি ১৯৩৮ সালের ২ মে সিলেটের গোয়াইনঘাট উপজেলার নন্দিরগাঁও ইউনিয়নের মানাউরা গ্রামে জন্ম গ্রহন করেন। ১৯৭২ সালে তিনি উপমহাদেশের প্রখ্যাত হাদিস বিশারদ আল্লামা মুশাহিদ বায়মপুরী (রা.) এর তত্ত্বাবধানে দারুল উলুম কানাইঘাট থেকে দাওরায়ে হাদিস পাশ করে পরের বছরই কোম্পানীগঞ্জের খাগাইল মাদরাসায় শিক্ষকতা শুরু করেন। তিনি খাগাইল মাদরাসার দীর্ঘ ৪৪ বছরের শিক্ষক ও দীর্ঘকালীন নাজিমে তালিমাত (শিক্ষা সচিব) ও মুহাদ্দিসের দায়িত্ব পালন করেন। এলাকায় তিনি 'বড় মেছাব' নামে পরিচিত ছিলেন। তাঁর অসংখ্য ছাত্র আজ দেশ-বিদেশের বিভিন্ন দ্বীনি প্রতিষ্ঠানের শায়খুল হাদীস, প্রিন্সিপালসহ গুরুত্বপূর্ণ দ্বায়িত পালন করছেন।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী

● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্স সহ বিভিন্ন
সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।
মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, Email: azizbbu@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ
অফিসের অধীনে পেডনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।

অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'
আমেরিকায় যে কোন নতুন ব্যবসার নূন্যতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে বসবাস করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।
তাছাড়া ১ মিলিয়ন বা নূন্যতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।
বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।
দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার ৭ বছরের সুবিধা নিতে পারেন এবং ৫ বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।
আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?
* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিপ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।
Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

ভিসা আবেদন ফি বাড়ল

বাংলা পত্রিকা ডেস্ক: ভ্রমণ, ব্যবসা, অস্থায়ী কর্মীসহ কিছু অনভিবাসী ভিসা (এনআইভি) প্রক্রিয়াকরণের ফি বাড়িয়েছে যুক্তরাষ্ট্র। রোববার

(১৮ জুন) দুপুরে ঢাকায় যুক্তরাষ্ট্র দূতাবাসের ফেসবুক পেইজে ভিসা ফি বাড়ানোর কথা জানানো হয়। নতুন ভিসা ফি ১৭ জুন থেকে কার্যকর হয়েছে।

আমেরিকান দূতাবাস জানিয়েছে, ব্যবসা বা পর্যটনের জন্য ভ্রমণ ভিসা (বি ১/বি ২) এবং অন্যান্য আবেদনমুক্ত (নন-পিটিশন) এনআইভি যেমন শিক্ষার্থী ও এক্সচেঞ্জ ভিজিটর ভিসার আবেদন ফি ১৬০ ডলার (প্রায় ১৭ হাজার টাকা) থেকে বাড়িয়ে ১৮৫ ডলার (প্রায় ২০ হাজার টাকা) করা হয়েছে।

অস্থায়ী কর্মীদের (এইচ, এল, ও, পি, কিউ এবং আর শ্রেণির) জন্য সুনির্দিষ্ট কিছু আবেদনভিত্তিক অনভিবাসী ভিসা আবেদনের ফি ১৯০ ডলার (প্রায় ২০ হাজার টাকা) থেকে বাড়িয়ে ২০৫ ডলার (প্রায় ২২ হাজার টাকা) করা হয়েছে।

এ ছাড়া চুক্তির আওতাধীন ব্যবসায়ী, বিনিয়োগকারী ও চুক্তির আবেদনকারীদের জন্য কোনো বিশেষ পেশার (ই শ্রেণি) ক্ষেত্রে ভিসা আবেদনের জন্য ফি ২০৫ ডলার (প্রায় ২২ হাজার টাকা) থেকে বাড়িয়ে ৩১৫ ডলার (প্রায় ৩৪ হাজার টাকা) করা হয়েছে।

২৭ জুন নিউইয়র্ক সিটির প্রাইমারি নির্বাচন

(প্রথম পাতার পর)

রুবাইয়া রহমান। তার নির্বাচনী ডিস্ট্রিক্ট-২৩। তিনি সকল ভোটারের ভোট প্রার্থনা করেছেন।

প্রাইমারি কি?

প্রাইমারি নির্বাচন মূলত চূড়ান্ত প্রার্থীতা নির্বাচনেরই একটি প্রক্রিয়া। দল থেকে শেষ পর্যন্ত মূল লড়াইয়ে কে হবে প্রার্থী তার নির্বাচন করতেই এই প্রাইমারি নির্বাচন। আগামী ৭ নভেম্বর এই সাধারণ নির্বাচনের তারিখ নির্ধারিত। প্রাইমারিতে নির্বাচিতরা দলের হয়ে ওই নির্বাচনে লড়বেন। এটা সত্য সকল ডিস্ট্রিক্টে পদগুলোর জন্য প্রতিযোগী প্রার্থী নেই। কোনো কোন ডিস্ট্রিক্টে রিপাবলিকান ও ডেমোক্র্যাট দলের স্রেফ ১ জন করেই প্রার্থী রয়েছেন। তাদের নাম ব্যালটে থাকছে না। কারণ সেখানে পছন্দ করার কিছু নেই। তারা বিনা প্রতিযোগিতায়ই দলের প্রার্থিতা পেয়ে যাচ্ছেন। কোনো কোনো ডিস্ট্রিক্টে বর্তমান কাউন্সিল সদস্যই থেকে যাচ্ছেন কারণ সেখানে কোনো দলই আর নতুন প্রার্থী দিচ্ছে না।

রিডিস্ট্রিক্টিং কি?

প্রতি দশ বছরে রাজনৈতিক ডিস্ট্রিক্ট লাইন নতুন করে নকশা করা হয়। সবশেষ আদমশুমারির ভিত্তিতে এই রিডিস্ট্রিক্টিং চলে। প্রতিটি ডিস্ট্রিক্ট যাতে কম-বেশি সম সংখ্যক ভোটার পেতে পারে সে লক্ষ্যেই এই রিডিস্ট্রিক্টিং করা হয়। এছাড়াও নেইবারহুড ও জাতিগত বিষয়ও এতে বিবেচনায় নেওয়া হয়। এর মানে হচ্ছে দুই বছর আগের নির্বাচনে আপনি যে ডিস্ট্রিক্টে ভোট দিয়েছিলেন এবছর সে ডিস্ট্রিক্টে নাও থাকতে পারেন। এজন্য বোর্ড অব ইলেকশনের ওয়েবসাইট থেকে আপনার বর্তমান ডিস্ট্রিক্ট সম্পর্কে ধারনা নিয়ে নিন। আর সেখানকার স্যাম্পল ব্যালট দেখে প্রার্থীদেরও চিনে নিন। হতে পারে আপনি যে প্রার্থীদের চেনেন তারা আপনার প্রার্থী নন।

কোথায় কখন ভোট

নির্বাচন ২৭ জুন, মঙ্গলবার। আর্লি ভোটিং শুরু হয়েছে ১৭ জুন শনিবার থেকে। এবং তা ২৫ জুন রোববার পর্যন্ত চলবে। কিন্তু ভোটের কেন্দ্র কিংবা ভোট দেওয়ার সময়সূচি ভিন্ন ভিন্ন। এ অবস্থায় আপনার পোলিং সাইট কোনটি তা জেনে নিন। নিচে তুলে ধরা হলো কোন দিন কখন দিতে পারবেন আর্লি ভোট।

শনিবার, ১৭ জুন: সকাল ৯টা থেকে বিকেল ৫ টা
রোববার, ১৮ জুন: সকাল ৯টা থেকে বিকেল ৫ টা
সোমবার, ১৯ জুন: সকাল ৯টা থেকে বিকেল ৫ টা
মঙ্গলবার, ২০ জুন: সকাল ৮টা থেকে বিকেল ৫ টা
বুধবার, ২১ জুন: সকাল ১০টা থেকে রাত ৮ টা
বৃহস্পতিবার, ২২ জুন: সকাল ১০টা থেকে রাত ৮ টা
শুক্রবার, ২৩ জুন: সকাল ৮টা থেকে বিকেল ৪ টা
শনিবার, ২৪ জুন: সকাল ৯টা থেকে বিকেল ৫ টা
রোববার, ২৫ জুন: সকাল ৯টা থেকে বিকেল ৫ টা

এদিকে নতুন করে ডিস্ট্রক্টের নকশা আঁকায় বেশ কিছু পরিবর্তন এসেছে। কোনো কোনো ডিস্ট্রিক্ট খুঁজে পাওয়া অনেকাংশেই অসম্ভব। কোনো ডিস্ট্রিক্ট হয়তো বিমানবন্দরে ঢাকা পড়েছে। কিন্তু দেখা যাবে বড় বড় হাউজিং কমপ্লেক্সের ভিতরে ঢুকে পড়েছে। বর্তমান নকশা অনুযায়ী নিউইয়র্ক সিটিতে মোট ৫১টি ডিস্ট্রিক্টস। এর মধ্যে ১৬টি ব্রুকলীনে, ১৪টি কুইন্সে, ১০টি ম্যানহাটনে, ৮টি ব্রঙ্কসে ও ৩টি স্ট্যাটেন আয়ল্যান্ডে।

ভোটারদের হয়তো নতুন কোনো প্রার্থীকে এবার ভোট দিতে হবে যাদের তার আগে থেকে চিনতেনই না। তাহল কিভাবে কোথায় যাবেন ভোটের জন্য সে জন্য অনুসরণ করুন এই গাইড লাইন। https://projects.thecity.nyc/new-york-city-council-district/

Akash Medical Care
আকাশ মেডিক্যাল কেয়ার

Akash Ferdaus MD
Akash Medical Care
Internal & Geriatric Medicine
হার্টের ডাক্তার
Sudesh Srivastava MD
Cardiologist
পায়ের ডাক্তার
Dr. Nayeem Haque
Podiatic Surgeon
Complete Physical & Follow up
DMV/TLC, School Physical
Flu Shots, Hajj & Umrah Vaccine
Blood, Urine Test, EKG
Immigration Physical
Podiatric Surgery
COVID Test & COVID Vaccine
All Types of Vaccine
FOR APPOINTMENT
718-431-0009
Hours:
Mon-Sat 10 AM to 8 PM
79 Church Avenue, Brooklyn, NY 11218

যুক্তরাষ্ট্রে গ্যাসের চুলা কি থাকবে

(প্রথম পাতার পর)

ব্যবহার চালু রাখতে হবে।

গ্যাসের চুলা নিয়ন্ত্রণে কেন্দ্র সরকার একটি তহবিল গঠনে উদ্যোগ নিয়েছিলো। কিন্তু সেটি বন্ধে গত ১৩ জুন মঙ্গলবার প্রতিনিধি সভা আরেকটি বিল পাশ করে, যাতে সরকারের উদ্যোগ প্রতিহত করা যায়। বুধবার আরেকটি ভোটে জ্বালানি বিভাগের পক্ষ থেকে আনা একটি নীতির বিষয়ে সিদ্ধান্ত হয়। ওই নীতিতে জ্বালানি বিভাগের পক্ষ থেকে ঘরে ঘরে স্টোভটপস ও ওভেন ব্যবহারে মানসম্মত জ্বালানি এফিসিয়েন্সির ওপর জোর দেওয়া হয়েছে।

দুটি বিলই গেলো সপ্তাহে অনুমোদনের অপেক্ষায় ছিলো কিন্তু প্রতিনিধিসভার রক্ষণশীলরা সে সপ্তাহে ব্যস্ত ছিলেন স্পিকার ক্যাভিন ম্যাককার্থির বিরুদ্ধে প্রতিবাদে। রাষ্ট্রের ঋণসীমা বাড়ানোর পক্ষে স্পিকারের সিদ্ধান্ত মানতে পারছিলেন না যারা তারা রীতিমতো ছোটখাটো একটা বিদ্রোহই করে ফেললেন। যার নেতৃত্বে ছিলেন হাউস ফ্রিডম ককাসের প্রতিবাদী সদস্যরা। এতে ১১ জন রিপাবলিকান দল থেকেই বিচ্ছিন্ন হয়ে পড়েন। ফলে সে সময় নিয়মমাফিক বিলগুলোর কার্যক্রম পিছিয়ে যায়। পরে ম্যাককার্থী কথা দেন কেন্দ্রীয় ব্যয় কমানোর জন্য তিনি জিওপি সদস্যদের সঙ্গে বৈঠক করেই সিদ্ধান্ত নেবেন। সে সঙ্কট কাটার পর জিওপি আইন প্রণেতারা ফের সামনে আনেন গ্যাস স্টোভস প্রসঙ্গ। আর সরকারের আনা নীতিকে আমলাতান্ত্রিক আখ্যা দিয়ে এর সমালোচনায় লেগে পড়েন।

ওকলাহোমার রিপাবলিকান সদস্য টম কোল বলেন, কঠোর পরিশ্রমী সাধারণ আমেরিকানদের ওপর এর কী প্রভাব পড়বে তা নিয়ে সরকার একটুই ভাবছে না। তিনি বলেন, বাইডেন সরকারের গ্রিন নিউ ডিল নামে যে নিয়ন্ত্রণ প্রক্রিয়া তা শেষ পর্যন্ত মানুষের রান্না ঘরে পৌঁছে গেছে। এর আগে গ্যাস স্টোভকে ক্ষতিকর আখ্যা দিয়ে আনা বিধি ২৮৪-১৮০ ভোটে পাস হয়ে। পরে বিলটি প্রতিহত করতে নতুন বিল আনেন প্রতিনিধি সভার রিপাবলিকানরা।

হোয়াইট হাউজ বলছে, বিলটি বন্ধ করতে জিওপির এই প্রচেষ্টার সমালোচনা করেছেন প্রেসিডেন্ট বাইডেন। ডেমোক্রেটিক নিয়ন্ত্রিত সিনেটে বিলটি ধোপে টিকবে না বলেই মনে করা হচ্ছে। এরই মধ্যে ডেমোক্র্যাট অধ্যুসিত নগরগুলোতে গ্রিনহাউজ গ্যাস নিঃস্বরণ কমাতে নতুন ভবনগুলোতে গ্যাসের চুলা নিষিদ্ধ করা হয়েছে। যার মধ্যে রয়েছে ক্যালিফোর্নিয়ার স্যান ফ্রান্সিসকো ও বেকারলি। এতে গৃহভ্যন্তরের পরিবেশ ভালো থাকবে বলে উল্লেখ করা হচ্ছে।

নিউইয়র্কেও গত মাসে একটি নতুন আইন পাস করা হয়েছে যাতে নতুন ভবনে প্রাকৃতিক গ্যাস স্টোভস বা ফারনেস চুলা ব্যবহার নিষিদ্ধ করা হয়েছে।

এদিকে গোটা দেশ জুড়েই গ্যাসের চুলা নিষিদ্ধ করা হতে পারে এমন আশঙ্কাও বাড়ছে। কাস্টোমার প্রোডাক্ট সেফটি কমিশনের একজন সদস্য গত জানুয়ারীতে সে রকমই ইঙ্গিত দিয়েছেন। বিষয়টি আলোচনার টেবিলে উঠেছে, বলেই মত ছিলো তার। বলেন, গ্যাসের চুলা মানেই ঘরের ভিতরে বাতাসের মান কমে যাওয়া, শ্বাসকষ্টের মতো বিভিন্ন স্বাস্থ্য ঝুঁকি রয়েছে। সোশ্যাল মিডিয়ায় সে সময়ে একটি ছবি বেশ ভাইরাল হয়, তাদের দেখানো হয়, চার চুলার একটি গ্যাস স্টোভ টেনে হিচড়ে ঘর থেকে বের করে নেওয়া হচ্ছে। তবে জনপ্রিয় এই গৃহ সামগ্রীটি যাতে ঘরেই থাকতে পারে সে লক্ষ্যে উঠে পড়ে লেগেছেন রিপাবলিকান সদস্যরা। তবে মূল তর্ক শুরু হয় জ্বালানি বিভাগ যখন একটি নতুন বিধি এনে গ্যাস ইলেক্ট্রিক স্টোভ ও কুকটপের ডিজাইন ও প্রযুক্তি নিয়ে কথা বলে।

জ্বালানি বিভাগের এই বিধি অবশ্য চূড়ান্ত করা হয় নি। তবে এই বিধি অনুযায়ী গ্যাস স্টোভের অর্ধেকের বেশি মডেলই বাতিল হয়ে যাবে। তবে এই বিধান কার্যকর হবে নতুন গ্যাস স্টোভ বিক্রির ক্ষেত্রে। এরই মধ্যে যেসব স্টোভ বাড়িতে রয়েছে সেগুলোর ওপর এই বিধি প্রয়োগ যোগ্য হবে না।

ঈদুল আযহা ২৮ জুন

(প্রথম পাতার পর)

দেখা কমিটি এই সিদ্ধান্ত জানিয়েছে। এর আগে পবিত্র ঈদুল আজহা উদযাপনের তারিখ ঘোষণা করে মালয়েশিয়া, ইন্দোনেশিয়া ও ব্রুনাই। চাঁদ দেখা যায়নি বলে এসব দেশে ২৯ জুন ঈদ উদযাপন করা হবে। মধ্যপ্রাচ্য ভিত্তিক সংবাদ মাধ্যম খালিজ টাইমস এই তথ্য জানিয়েছে।

আরবি চন্দ্র বর্ষপঞ্জির শেষ মাস জিলহজ। ঈদুল আজহা জিলহজের দশম তারিখ পালন করা হয়। সৌদি আরবসহ মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে ঈদুল আজহা উদযাপনের একদিন পর বাংলাদেশে ঈদ উদযাপন করা হয়। সোমবার বাংলাদেশের চাঁদ দেখা কমিটি ঈদের তারিখ ঘোষণা করবে।

উল্লেখ্য, সৌদি আরবের সাথে মিল রেখে উত্তর আমেরিকায় ঈদ উদযাপন করা হয়।

MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET $500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration

Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।
এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

40-19 73rd St. Woodside, NY 11372
Tel: 718-701-2666

রুমী ডেন্টাল ল্যাব



আবু হক
(সার্টিফাইড ডেন্টাল টেকনোলজিষ্ট)
২৫ বছরের অধিক অভিজ্ঞতা সম্পন্ন

কোন প্রকার মেটাল বা মেটালিক তার ছাড়া আরামদায়ক ও উন্নতমানের দাঁত(Unbreakable, Flexi,Soft & Latest Denture) তৈরী করা হয়।



Princeton Court Building
35-06, 73rd St. #3H, Jackson Heights, NY 11372
(Bet. 35th & 37th Avenue)

Tel: 718-672-0209, 718-414-4760

DR. SADI ALAM, DPM
Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Alam Podiatry, P.C.

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।	বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে *প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়*	ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.





নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।



বৃহস্পতিবার (১৫ জুন) ইউএস সিনেট নুসরাতের নিয়োগের পক্ষে ভোট দেয়। তিনি যুক্তরাষ্ট্রের ডিস্ট্রিক আদালতের নিউইয়র্ক ইস্টার্ন ডিস্ট্রিকের ফেডারেল বিচারক হিসেবে দায়িত্ব পালন করবেন। এর আগে অর্থাৎ ২০২২ সালের শুরুর দিকে নিউইয়র্ক অঙ্গরাজ্যের ফেডারেল বিচারক হিসেবে মনোনীত হন নুসরাত জাহান চৌধুরী। এর মাধ্যমে তিনি প্রথম মুসলিম-আমেরিকান নারী হিসেবে ফেডারেল আদালতের বিচারক হিসেবে নিয়োগের অপেক্ষায় ছিলেন।

প্রেসিডেন্ট জো বাইডেন মনোনীত ৮ নতুন বিচারপতির মধ্যে একজন ছিলেন নুসরাত জাহান চৌধুরী। গত বছরের ১৯ জানুয়ারী হোয়াইট হাউজ এক বিবৃতিতে বিচার বিভাগীয় মনোনীতদের তালিকা প্রকাশ করে। তিনি ফেডারেল সরকারের নো ফ্লাই লিস্ট এবং নিউইয়র্ক পুলিশ ডিপার্টমেন্টের শহরের মুসলিম সম্প্রদায়ের ওপর নজরদারির বিরুদ্ধে চ্যালেঞ্জ করে মামলা সহ অসংখ্য নাগরিক অধিকারের মামলায় জড়িত ছিলেন।

২০২১ সালের সেপ্টেম্বরে ডেমোক্র্যাটিক সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা চাক শুমার আনুষ্ঠানিকভাবে নুসরাত চৌধুরীকে নিউইয়র্কের ফেডারেল বেঞ্চে নিয়োগ দেওয়ার জন্য সুপারিশ করেছিলেন এবং তাকে 'নাগরিক অধিকার ও স্বাধীনতার বিশেষজ্ঞ' বলে অভিহিত করেছিলেন।

নুসরাত জাহান চৌধুরী বিশ্বখ্যাত ইয়েল ল' স্কুল থেকে স্নাতক সম্পন্ন করেছেন। সিভিল লিবার্টিজ ইউনিয়নে যোগদানের আগে তিনি নিউইয়র্ক সাউদার্ন ডিসট্রিক্ট কোর্টের ক্লার্ক এবং সেকেন্ড সার্কিট ইউএস কোর্ট অব আপিলের বিচারক ব্যারিঙ্গটন পার্কারের সঙ্গেও কাজ করেছেন।

ফাইট ফাইট ফাইট

(প্রথম পাতার পর)

১৫ জুন বৃহস্পতিবার এর বিরুদ্ধে মামলা ঠুকে দিয়েছে ভাড়াটিয়ারা। বিক্ষোভও করেছে। বৃহস্পতিবার সেইন্ট ফ্র্যান্সিস কলেজ স্টেডিয়ামে শুনানিতে জড়ো হয়েছিলেন শত শত ভাড়াটিয়া। ২১ জুন ভোটাভুটির আগে এটাই ছিলো শেষ গণশুনানি।

প্রাথমিক ভোটে বোর্ড এরই মধ্যে এক বছরের লিজগুলোতে ২-৫% পর্যন্ত ভাড়া বাড়ানোর প্রস্তাব অনুমোদন দিয়েছে। দুই বছরের লিজে এই বৃদ্ধির হার ৪% থেকে ৭%। বোর্ডের এই সিদ্ধান্ত সরাসরি প্রভাব ফেলছে নিউইয়র্ক জুড়ে এক মিলিয়ন রেন্ট-স্ট্যাবিলাইজড অ্যাপার্টমেন্টগুলোর ওপর। এর আগে মঙ্গলবার বাড়ির মালিকদের সাক্ষ্য নেওয়া হয় একটি ভার্চুয়াল শুনানিতে। এসময় তারা প্রপার্ট ট্যাক্স বাড়ানো ভবনের রক্ষণাবেক্ষণ খরচ বেড়ে যাওয়ার কথা বলতে থাকেন।

এন্ড্রু হফম্যান নামে এক বাড়িওয়ালা বলছিলেন পানির ট্যাক্স, রিয়েল স্টেট ট্যাক্স ও অন্যান্য সিটি পেমেন্টের কারণে তাদের ভবনের রক্ষণাবেক্ষণ খরচ ৪০ শতাংশ ছাড়িয়ে যাচ্ছে। তবে ২৬ বছর বয়সী ক্যাথরিন সালাজার বলছিলেন, ভাড়া এরই মধ্যে যা বেড়েছ তাতে তার ও তার স্বামীর পক্ষে ১৫০০ ডলার দিয়ে ব্রুকলীনের একটি অ্যাপার্টমেন্টে থাকাও অসম্ভব হয়ে পড়েছে। বাড়ি ভাড়া আরও বাড়লে তাদের এই বাসা ছাড়তে হবে।

আমি ও আমার স্বামী দুই জনই কাজ করি, দুই জনের আয়ও এখন যথেষ্ট নয় খরচ নির্বাহের জন্য, বলছিলেন সালাজার। বৃহস্পতিবারের শুনানিতে যারা সশরিরে হাজির হয়ে মাইকে কথা বলার সুযোগ পাচ্ছিলেন তাদের মুখেও একই সমস্যার কথা শোনা যাচ্ছিলো। হাউজিং ইজ অ্যা হিউম্যান রাইট, ফাইট ফাইট ফাইট ফাইট, স্লোগান দিচ্ছিলেন বিক্ষোভকারীরা।

বোর্ডের চূড়ান্ত ভোট হবে আগামী ২১ জুন ইস্ট ভিলেজের কুপার ইউনিয়নে। আর শেষ পর্যন্ত বাড়িভাড়া যদি বেড়েই যায়, আগামী ১ অক্টোবর থেকে তা কার্যকর করা হবে।

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইনক.

917-282-9256

Moin Choudhury, Esq

Email: moinlaw@gmail.com

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ

কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা

গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে

বিকলাঙ্গ শিশুর জন্য

ফেডারেল ডিজএবিলিটি

(ফোস অগ্রিম ফি নেয়া হয় শা)

Immigration



Timothy Bompart
Attorney at Law

(To Schedule Appointment Only)

Call:917-282-9256

E-mail: moinlaw@gmail.com

Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Manhattan Office By Appointment Only.

Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.





হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা

D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, **Autism, Autistic,** শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

পার্কচেস্টারে
অভিজ্ঞ বাংলাদেশি ডাক্তার

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

এখানে বাংলাদেশী মহিলা গাইনোকলজিষ্ট, কার্ডিওলোজী, গ্যাস্ট্রো এন্ট্রোলজী, ফিজিক্যাল থেরাপী, পেইন ম্যানেজমেন্ট সহ সব ধরনের চিকিৎসা সুবিধা রয়েছে

ডা. আতাউল চৌধুরী (তুষার) এম.ডি
মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড)

ডা. মঞ্জিলা রহমান
গাইনোকলজিষ্ট



TEL: 917-634-9600
917-634-9601
FAX: 888-776-0872

We Provide EKG, Echocardiogram, TLC Exam, Different blood test and much more

1268 White Plains Road, Bronx, NY 10602
E-mail: nyccommunitymedicalcare@gmail.com
Web: www.nyccommunitymedicalcare.com
372 East 204th Street, Bronx, NY 10467

ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

▼ বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
▼ অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21
Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

Each Office is Independently Owned and Operate

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

জিলহজ মাসের আমল ও কোরবানির বিধিবিধান

॥ মুফতি মাওলানা শাঈখ মুহাম্মাদ উছমান গনী ॥

(শেষের পাতার পর)

ছয় দিনেই হজের মূল কার্যক্রম সম্পাদিত হয়। আল্লাহ তাআলা কোরআন কারিমে বলেন, 'হজ হয় সুবিদিত মাসগুলোয় (শাওয়াল, জিলকদ ও জিলহজ)।।

এরপর যে কেউ এ মাসগুলোয় হজ করা স্থির করে সে হজের সময় স্ত্রী সম্ভোগ, অন্যায় আচরণ ও কলহবিবাদ করবে না। আর তোমরা উত্তম কাজ থেকে যা-ই করো, আল্লাহ তা জানেন। আর তোমরা পাথেয় সংগ্রহ করো। নিশ্চয়ই, সবচেয়ে উত্তম পাথেয় হচ্ছে তাকওয়া। হে বোধসম্পন্ন ব্যক্তিগণ! তোমরা আমারই তাকওয়া অবলম্বন করো।' (সুরা-২ বাকারা, আয়াত: ১৯৭)

চারটি মাস বিশেষ মর্যাদাপূর্ণজিলকদ, জিলহজ, মহররম ও রজব। এসব মাসে যুদ্ধবিগ্রহ, কলহবিবাদ সম্পূর্ণ নিষিদ্ধ। আল্লাহ তাআলা কোরআন মাজিদে বলেন, 'প্রকৃতপক্ষে আল্লাহর কাছে মাসের সংখ্যা ১২টি, যা আল্লাহর কিতাব অনুযায়ী সেই দিন থেকে চালু আছে, যে দিন আল্লাহ তাআলা আকাশমণ্ডলী ও পৃথিবী সৃষ্টি করেছিলেন। এর মধ্যে চারটি মাস বিশেষ মর্যাদাপূর্ণ। এটিই সুপ্রতিষ্ঠিত বিধান।' (সুরা-৯ তওবা, আয়াত: ৩৬)।

জিলহজ মাসের চাঁদ ওঠার আগে প্রয়োজনীয় ক্ষৌরকর্ম করা, অর্থাৎ নখ কাটা, গোঁফ ছাঁটা, চুল কাটা ও ব্যক্তিগত পরিচ্ছন্নতা অবলম্বন করা সুন্নত। জিলহজের চাঁদ ওঠার পর থেকে ১০ তারিখে কোরবানির পশু জবাইয়ের পূর্ব পর্যন্ত কোনো প্রকার ক্ষৌরকর্ম না করা এবং পশু জবাইয়ের পর ওই দিনের মধ্যে ক্ষৌরকর্ম করা (অন্তত নখ কাটা) সুন্নত।

প্রিয় নবীজি (সা.) বলেন, 'তোমাদের মধ্যে যারা কোরবানি করবে, তারা যেন (এই ১০ দিন) চুল ও নখ না কাটে।' (মুসলিম: ৫২৩৩, ইবনে মাজাহ, পৃষ্ঠা: ২২৭)। এক সাহাবি জিজ্ঞাসা করলেন, হে আল্লাহর রাসুল (সা.)! আপনি বলুন, '(যদি আমার কোরবানির পশু কেনার সামর্থ্য না থাকে) কিন্তু আমার কাছে এমন উট বা বকরি থাকে, যার দুধ পান করা বা মাল বহন করার জন্য তা প্রতিপালন করি। আমি কি তা কোরবানি করতে পারি?' তিনি বললেন, 'না। বরং তুমি (১০ জিলহজ) তোমার মাথার চুল, নখ, গোঁফ কেটে ফেলে এবং নাভির নিচের চুল পরিষ্কার করো। এ-ই আল্লাহর কাছে তোমার কোরবানি।' (আবু দাউদ, নাসাঈ, ত্বহাবি, খণ্ড-২, পৃষ্ঠা: ৩০৫)। জিলহজ মাসের প্রথম ৯ দিনে রোজা পালন করা ও রাতে বেশি বেশি ইবাদত করা সুন্নত।

এরপর যে কেউ এ মাসগুলোয় হজ করা স্থির করে সে হজের সময় স্ত্রী সম্ভোগ, অন্যায় আচরণ ও কলহবিবাদ করবে না। আর তোমরা উত্তম কাজ থেকে যা-ই করো, আল্লাহ তা জানেন। আর তোমরা পাথেয় সংগ্রহ করো। নিশ্চয়ই, সবচেয়ে উত্তম পাথেয় হচ্ছে তাকওয়া। হে বোধসম্পন্ন ব্যক্তিগণ! তোমরা আমারই তাকওয়া অবলম্বন করো।' (সুরা-২ বাকারা, আয়াত: ১৯৭)

রাসুলে আকরাম (সা.) বলেন, 'জিলহজ মাসের প্রথম দশকের নেক আমল আল্লাহর নিকট যত বেশি প্রিয় আর কোনো দিনের আমল তাঁর কাছে তত প্রিয় নয়। সাহাবিগণ জিজ্ঞাসা করলেন, জিহাদও কি এই দশকের আমল থেকে উত্তম নয়? তিনি বললেন, না, আল্লাহর পথে জিহাদও এই দশকের আমলের তুলনায় উত্তম নয়, তবে ওই ব্যক্তির যে নিজের জান ও মাল নিয়ে বেরিয়ে গেল এবং শেষে কিছুই ফিরে এল না।' (বুখারি, পৃষ্ঠা: ১৩২)

আরাফাতের দিন অর্থাৎ ৯ জিলহজ নফল রোজা রাখা বিশেষ সুন্নত। তবে আরাফাতে অবস্থানরত হাজি সাহেবদের জন্য এই রোজা প্রযোজ্য নয়। রাসুল (সা.) বলেন, 'আরাফার দিনের রোজার ব্যাপারে আমি আশাবাদী যে আল্লাহ তাআলা তার (রোজাদারের) বিগত এক বছরের ও সামনের এক বছরের গুনাহ মাফ করে দেবেন।' (তিরমিজি, খণ্ড-১, পৃষ্ঠা: ১৫৭)

আইয়ামে তাশরিক তথা জিলহজ মাসের ৯ তারিখ ফজর থেকে ১৩ তারিখ আসর পর্যন্ত প্রতি ফরজ নামাজের পর একবার তাকবির বলা ওয়াজিব। পুরুষগণ স্বাভাবিক স্বরে, আর নারীগণ নিম্ন স্বরে তাকবির বলবেন। তাকবির হলো, 'আল্লাহু আকবার, আল্লাহু আকবার, লা ইলাহা ইল্লাল্লাহু, আল্লাহু আকবার, আল্লাহু আকবার, ওয়া লিল্লাহিল হামদ।' (ইলাউস সুনান, খণ্ড-৮, পৃষ্ঠা: ১৪৮)

জিলহজের ১০, ১১ ও ১২ যেকোনো দিন, কোনো ব্যক্তির মালিকানায় নিত্যপ্রয়োজনের অতিরিক্ত সাড়ে সাত ভরি স্বর্ণ অথবা সাড়ে বায়ান্ন ভরি রুপা বা এর সমমূল্যের সম্পদ থাকলে তার ওপর কোরবানি করা ওয়াজিব। পুরুষ ও নাবালকসবার জন্য এ বিধান প্রযোজ্য। (ইবনে মাজাহ: ২২৬)

যুগ্ম মহাসচিব, বাংলাদেশ জাতীয় ইমাম সমিতি; সহকারী অধ্যাপক, আহ্ছানিয়া ইনস্টিটিউট অব সুফিজম

AUTHORIZED IRS e-file PROVIDER
Popular Tax Services
পপুলার ইনকাম ট্যাক্স সার্ভিসেস
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
Call/Text (347)-666-7862 & Call (718)-426-9453
Email: popultaxservices@gmail.com
Personal Income Tax Preparation for all industries:
■ All types of W2 & 1099 Income Tax Filing
■ Specialization in Uber Lyft & Rideshare Driver Tax Filing
■ Homeowners & Stock Market Trader Tax Filing
We provide Remote Personal Income Tax Filing
সঠিক, দ্রুত, সুনিপুন এবং
আইন সম্মত সার্ভিসে আমরা বিশ্বাসী
tax refund
কম খরচে সততা ও বিশ্বস্ততা সহিত ট্যাক্স
ফাইলিং এর জন্য আমাদের সাথে যোগাযোগ করুন
Nahian Howladar Emon
BBA IO Psychology Baruch College
New York State Tax Preparer
(347)-666-7862
(718)-426-9453
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)
OPEN 7 DAYS
Road Lesson Local & Highway
5 Hours Class Certificate (Zoom Class)
Road Test Appointment
Car for Road Test
আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
6 Hours DDC Class
Good For TLC
718-426-9453, 917-301-2063
Popular Driving School Inc.
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায়
সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.

আপনাদের
সুবিধার্থে আমরা
এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)
❑ আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
❑ আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
❑ পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
❑ পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
❑ আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।
ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
❑ সিটিজেনশীপ ❑ ফ্যামিলি পিটিশন ❑ NVC Case প্রসেসিং
❑ স্ট্যাটাস এডজাস্টমেন্ট ❑ এফিডেভিট অব সাপোর্ট
❑ এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
❑ Advanced Parole / Reentry Permit ইত্যাদি
37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

শিল্পী কাদেরী কিবরিয়া

যোগাযোগ :
267-249-7687,
610-352-7123
Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

বাংলা পত্রিকা পড়তে
ভিজিট করুন
banglapartikausa.com

Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
MIRZA M ZAMAN
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

COMPUTER IT TRAINING
& JOB PLACEMENT
MyTechUSA
"YOUR DREAM BECOME TRUE"
Why "MyTechUSA"
- We "MyTechUSA" Company is taking our community members IT career dream on our Shoulder to make it real!
- After Job Placement we provide continuous support to our students while they are on the Job!
- Our courses are very much affordable! We Pay $500 referral bonus.
- We don't leave our students alone OR leave them behind from the beginning till the end of the course!

DATABASE → ADMINISTRATION
→ ENGINEERING
Microsoft
SQL Server
ORACLE
Azure
mongoDB.
NoSQL
Please Contact:
Zia Uddin Ahamed
CEO & President
Phone: 347-597-0885
571-208-5450
813-767-4600
E-mail: ziaahamed@ymail.com

Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com

PEOPLE TECH
DevOps
Scrum Master
& Product Owner
(100% Scholarship for Training & Job Placement, Condition applied)
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing (QA) Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us

VIVID MORTGAGES® INC.

Crystal Clear Loans®

আপনার স্বপ্নের বাড়ি



ট্যাক্স রিটার্ন ছাড়াই
১ বছর ট্যাক্স রিটার্ন
তুলনামূলক সুদের হার
সর্বনিম্ন ৩.৫% ডাউন পেমেন্ট

আমরা ইসলামিক লোন করি

বিনামূল্যে পরামর্শ ও প্রি-এপ্রুভালের জন্য যোগাযোগ করুন
হোপ সেকিজি **NMLS# 244341**

Phone: 718-831-2800, Fax: 718-831-2100, Toll Free 800-880-8557

hope@vividmortgages.com
www.vividmortgages.com

VIVIDMORTGAGES

YOUR DREAM HOUSE



No Tax Returns
1 Year Tax Return
Copmpetitive Interest Rates
Down Payment
as low 3.5%

For Free consultation & Pre-Approval

Hope Sekezi : NMLS # 244341

Phone: 718-831-2800, Fax: 718-831-2100, Toll Free 800-880-8557

hope@vividmortgages.com www.vividmortgages.com

211-35 Jamaica Ave. Queens Village, NY 11428

REGISTERED MORTGAGE BROKER NYS DEPARTMENT OF FINANCES SERVICES NMLS # 1279925
ALL LOANS APPROVED THROUGH 3RD PARTY PROVIDERS

EQUAL HOUSING OPPORTUNITY

vividmortgages is registered Traders of vivid mortgage Inc All rights reserved

আবু জাফর মাহমুদের ডক্টরেট ডিগ্রি লাভ

(শেষের পাতার পর)

করা হয়। হিউমানিটারিয়ান ফোকাস ফাউন্ডেশন, ইউনাইটেড গ্রাজুয়েট কলেজ সেমিনারি ইন্টারন্যাশনাল ও থাউজেন্ড শেডস অব উইম্যান ইন্টারন্যাশনালের এক বর্ণাঢ্য গ্রাজুয়েশন অনুষ্ঠানে ওই ডিগ্রি প্রদান করা হয়। তার সঙ্গে আন্তর্জাতিক অঙ্গনে শান্তির পক্ষে অবদান রাখার জন্য আরো সাতজনকে সম্মানসূচক ডক্টরেট প্রদান করা হয়।

নিউইয়র্কের ম্যানহাটনে থেউজেন্ডস শেডব অব উইমেন ইন্টারন্যাশনালের চেয়ারপার্সন ডিওর ফলের সভাপতিত্বে অনুষ্ঠানে মানবিক বক্তব্য রাখেন প্রখ্যাত আফ্রিকান-আমেরিকান লেখক, মানবতাবাদী 'কুইন মাদার'খ্যাত ডিলোইস ব্লেকলি। আরো বক্তব্য রাখেন ড. ব্যাস, ড. ক্লাইড রিভার্স প্রমুখ।

নিউইয়র্কে হোম কেয়ার সেবার পথিকৃৎ, বাংলা সিডিপ্যাপ সার্ভিসেস ও অ্যালেগ্রা হোম কেয়ারের প্রেসিডেন্ট এন্ড সিইও এবং পিপল ইউনাইটেড ফর প্রোগ্রেস-পিপল আপ এর প্রেসিডেন্ট আবু জাফর মাহমুদের সঙ্গে আরো যারা সম্মানসূচক ডক্টরেট ডিগ্রি পেয়েছেন তাদের মধ্যে রয়েছেন জতিসংঘের দূত ইন্টারন্যাশনাল হিউম্যান রাইটস ফাউন্ডেশনের সেক্রেটারি জেনারেল মালিক নাদিম আবিদ, নিউইয়র্কের ব্রঙ্কস বোরো প্রেসিডেন্ট ভেনেসা এল গিবসন, মানবতার দূত মুসু কে ড্রামেহ, সেইডি সারা, ক্লারিজ মেফোটসো ফল, মারিয়া থমাস ও ইউমা বা।

সম্মানসূচক ডক্টরেট ডিগ্রি গ্রহণের পর অনুভূতি প্রকাশ করতে গিয়ে আবু জাফর মাহমুদ বলেন, আমি জাতীয় পর্যায়ে নেতৃত্ব করেছি, এই সম্মানসূচক স্বীকৃতি ও ডিগ্রির মধ্য দিয়ে আজ আমার কর্মপরিধির আন্তর্জাতিক নেতৃত্বের দায়বদ্ধতা উপলব্ধি করছি। আজ মনে হচ্ছে আমি গ্লোবাল ফাইটার।

তিনি ডিওর ফলের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে বলেন, জাতিসংঘের নিকটবর্তী এই জায়গাটি আমেরিকার গুরুত্বপূর্ণ একটি ক্ষেত্র। একাধারে বিশ্বেরও গুরুত্বপূর্ণ একটি কেন্দ্র। এখানে বিশ্বনেতৃত্বের কাজে আমাকে যুক্ত করার প্রয়াস নিয়ে ডিওর ফল দিদি আমাকে কৃতজ্ঞতা পাশে আবদ্ধ করেছেন। সারা পৃথিবীর যুদ্ধ বিধ্বস্ত ও দুর্যোগ কবলিত জাতিগুলির জন্য মানবতার পক্ষে লড়াই করতে আমাকে সুযোগ করে দিয়েছেন।

আবু জাফর মাহমুদ বলেন, জন্ম থেকেই আমি যোদ্ধা। আমি জন্মেছি সন্দ্বীপে। সেটি বাংলাদেশের চারদিকে সমুদ্রবেষ্টিত একটি দ্বীপ। সমুদ্রের ঢেউ দেখে দেখে, জলোচ্ছাস বন্যা দেখে দেখে, ঢেউয়ের সঙ্গে লড়াই করে করে আমরা বেড়ে উঠেছি। মেঘনার ভাঙন, দুর্গত মানুষের হাহাকারসহ প্রকৃতির সকল রুদ্র শাসনে ক্ষতিগ্রস্থ মানুষের পাশে থেকেই বেড়ে উঠেছি আমি। একইভাবে যৌবনে ১৮ বছর বয়সে অন্যায় অবিচার জুলুম ও সশস্ত্র হামলার বিরুদ্ধে লড়াইয়ে শামিল হয়েছি। সেই লড়াইটিই বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধ। মুক্তিযুদ্ধে মাউন্টেন ব্যাটালিয়ন কমান্ড করেছি, সেই লড়াই আমার সংগ্রামী জীবনেরই অংশ। একইভাবে আমেরিকায় এসে আরেক মানবিক লড়াইয়ে অংশ নিয়েছি। এখানেও যেকোনো সংকটাপন্ন মানুষের পাশে আত্মনিয়োগ করেছি। বাংলাদেশের মানবিক ভালোবাসার সঙ্গে আমেরিকার প্রাতিষ্ঠানিক মানবিক কর্মসূচিকে একত্ব করেছি। সেই কাজ দিনে দিনে ব্যাপ্তি লাভ করেছে। এখন এই সমাজে হোম কেয়ার একটি প্রতিষ্ঠিত সেবা ব্যবস্থা। আমরা এর মধ্য দিয়েই মানবিক ভালোবাসার চর্চা করি।

আবু জাফর মাহমুদ এই সম্মানসূচক ডক্টরেট ডিগ্রির স্বীকৃতি তার তরুণ বয়সের নেতা, বাংলাদেশের মহান স্বাধীনতা সংগ্রামের প্রধান সংগঠক সদ্যপ্রয়াত সিরাজুল আলম খানের প্রতি উৎসর্গ করে বলেন, তিনি আমার নেতা। ছাত্র বয়সে তিনি আমাকে লড়াই করতে শিখিয়েছিলেন। তিনি ছিলেন, ১৯৬২ থেকে ১৯৭১ পর্যন্ত মহান স্বাধীনতা সংগ্রামের 'ফিলোসফিক্যাল ক্যাটালিস্ট'।

অনুষ্ঠানে বাংলা সিডিপ্যাপ ও অ্যালেগ্রা হোম কেয়ার পারিবারের সদস্যরা উপস্থিত ছিলেন।



নিউইয়র্ক: উদীয়মান ক্রিকেটার ও তার বোন সিনথিয়া জেরিন চৌধুরী টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা অফিসে আসলে মিডিয়া হাউজটির পক্ষ থেকে শুভেচ্ছা প্রদান করছেন টাইম টিভি'র অন্যতম পরিচালক সৈয়দ ইলিয়াস খসরু ও বাংলা পত্রিকা'র বিশেষ প্রতিনিধি সালাহউদ্দিন আহমেদ। ছবি: মুশফিকুর রহমান

এইওয়াইপিডি কমিশনার কিচান্ট সোয়েলের পদত্যাগ, কেনো?

বাংলা পত্রিকা রিপোর্ট: পদত্যাগ করেছেন নিউইয়র্ক পুলিশ বিভাগের কমিশনার কিচান্ট সোয়েল। দায়িত্ব গ্রহনের দেড় বছরের মাথায় এই পদ থেকে সরে দাঁড়ালেন তিনি। সোমবার (১২ জুন) এই পদত্যাগের ঘোষণা দিয়ে কিচান্ট বলেন, 'আমি আমার পদ থেকে সরে দাঁড়াচ্ছি। তবে নিউইয়র্ক পুলিশের যখনই আমাকে প্রয়োজন হবে আমি সহায়তার জন্য প্রস্তুত থাকবো। নিউইয়র্কের মানুষের জন্য আমি চ্যাম্পিয়ন হয়েই থাকতে চাই।' ৫১ বছর বয়সী কুইন্সের বাসিন্দা এই নারী পুলিশ কর্মকর্তা তার পদত্যাগের সুনির্দিষ্ট কারণ জানাননি, এবং এরপর তিনি কি করতে যাচ্ছেন যে ব্যাপারেও কিছু বলেন নি। তবে এই জুনের শেষ নাগাদ তিনি কর্মস্থল ছাড়ছেন এমনটাই নিশ্চিত হওয়া গেছে।

কিচান্ট সোয়েল পদত্যাগের বিষয়টি মেয়র অফিসকে আনুষ্ঠানিকভাবে জানিয়েছেন কিনা তা নিশ্চিত নয়। তবে মেয়র কার্যালয় থেকে তার একটি বিবৃতি এরই মধ্যে প্রকাশ করা হয়েছে। মেয়র এরিক অ্যাডামস বলেছেন, আমি পুলিশ কমিশনার সোয়েলকে গত ১৮ মাস ধরে তার আত্মনিয়োজনের জন্য ও নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাই। নিউইয়র্ক সিটিকে নিরাপদ রাখতে তার নেতৃ পর্যায়ের ভূমিকা অনুস্বীকার্য। মেয়র বলেন, আমরা যখন দায়িত্ব গ্রহণ করি তখন নিউ ইয়র্কে অপরাধের মাত্রা হু হু করে বাড়ছিলো। এনওয়াইপিডির নারী ও পুরুষ সদস্যারা তাদের সাহসিকতা দিয়ে তা মোকাবেলার চেষ্টা করে যাচ্ছে। কমিশনার এই সময়ে সপ্তাহে ৭ দিন আর দিনে ২৪ ঘণ্টা করেই কাজ করে গেছেন। এবং আমরা তার এই সেবার জন্য কৃতজ্ঞ।

২০২১ সালে ডিসেম্বরে নির্বাচিত মেয়র






শেখরকে পুনঃনির্বাচিত করুন
RE-ELECT SHERKAR







২৬ মার্চ ২০২৩, বাংলাদেশের মহান স্বাধীনতা দিবসে জ্যাকসন হাইটস এ 'বাংলাদেশ প্রিন্সের উত্তোলনের সময় হাজারো উল্লাসের কেন্দ্রবিন্দুতে কাউন্সিলম্যান শেখর কৃষ্ণান



"নেতা তৈরি হয় শেকড় থেকে। মানুষের গভীর সান্নিধ্য তাকে তিল তিল করে গড়ে তোলে। সাহস ও দর্শন তাকে নিয়ে যায় মানুষের স্বপ্ন পূরণের বাস্তবতায়। একটি মানব সমাজ উজ্জল হতে থাকে এমন একজন নেতার উপস্থিতিতে। আমাদের মাঝে শেখর কৃষ্ণান তেমনই একজন।

আমাদের বর্তমান ও আগামীর নেতৃত্ব।"

আবু জাফর মাহমুদ
প্রেসিডেন্ট এণ্ড সিইও, বাংলা সিডিপ্যাপ সার্ভিসেস ও অ্যালেগ্রা হোম কেয়ার ইনক্
প্রেসিডেন্ট, ইউনাইটেড ফর প্রোগ্রেস, জয় বাংলাদেশ ইনক্

"Leaders are not born, rather they are shaped by their roots. It is through the profound connections with people that they grow and develop. It is their courage and visionary mindset that propels them towards transforming the dreams of the people into tangible realities. Shekar Krishnan stands as a shining example among us.

Leader for Present & Future."

Abu Zafar Mahmood
President & CEO, BANGLA CDPAP Services & ALEGRA home Care Inc.
President, United for Progress, Joy Bangladesh Inc.

PEOPLE UNITED FOR PROGRESS
POLITICAL RIGHTS FOR ETHNIC COMMUNITIES

PEOPLE UNITED FOR PROGRESS
Political rights for Ethnic Communities

সাহিত্য সাময়িকী

তোমার কাছে যাব একদিন
দুলাল সরকার

তোমার কাছে যাব একদিন
সাথে যাবে কয়েকটি রাজহাঁস,
বায়না ওদের- ঈর্ষাকাতর
দেখতে তুমি কেমন? ওদের মতো গ্রীবা
কিংবা পালক ওদের মত সুন্দর;
যাব একদিন যাব, সাজিয়ে রেখ সুন্দর
পসরা খুলে বুকের অনবদ্য,
শংখ যেতে চেয়েছে- সেও ভীষণ কাতর
বলো মীরা, হারতে কি কেউ চায়?

ময়ুর যাবে ময়ুরী যাবে, সঙ্গে প্রজাপতি,
সহজে ওরা মানবে না হার
তোমাকে নিয়ে মনে মনে প্রতিদ্বন্দ্বী
জেদ ধরেছে দেখতে তোমায় যাব শুনে
তৈরি থেক গলায় পরে ঘুঘু মালা
গলায় যেন পালক গুঁজে যেমন কবুতর ।

স্বপ্নমঙ্গল
রুহুল কাদের

স্বপ্নের জন্মভূমি হৃদয় না
কোথায়?
সে কেনো অনিকেত
ঘুরে, উড়ে.....দূরের নীলিমায়?

আলোকরথে ছুঁতে যাই
ছন্নছাড়া স্বপ্নের অস্থিমজ্জা
তার নাদুস হাত, নুদুস পায়ে রেশমি সজ্জা ।
সেধে কেঁদে এই ধরি,আবার ছুটে যায়
স্বপ্ন কেবল উঁকি মারে
দুয়ারখোলা বুকের বারান্দায় ।

রত্নজ্ঞানে
স্বপ্ন দেখি,
মৌলিক, অলীকমেকি...

খোলা চোখে দেখার মতো রাতের তারামেলা
রোদচশমায় দেখার মতো সূর্যের লীলাখেলা-
রাত্রির নিরালা নিদ্রায়,
হাতে রাজার ধন যে সূত্রে মিলে যায় ।

জেনেশুনে ভুলমগ্ন
জুয়াড়ির মতো তৈলাক্ত দড়িতে ঝুলিয়ে
রাখি আসক্ত হৃদয়,
স্বপ্নে জ্বলি তুমুল বারুদ, স্বপ্ন তবু অলীক আলোকময় ।

প্রথমে আমাকে
দিলীপ কির্ত্তুনিয়া

প্রথমে আমাকে যথাযথ নিভে যাওয়া শিখতে হলো
তারপর আমি ভালো আলো হলাম ।
প্রথমে আমার নাম হলো শূন্য মাঠ, উষর প্রান্তর
ফসলবিহীন এক জমির কষ্ট
সবুজবিহীন এক ধূসর পত্র ।
তারপর আমি শস্য সুন্দর হলাম ।
তারপর আমি মিষ্টি হাসির প্রবাহ
তারপর আমি সুখের প্রগাঢ় ।

পাতাঝরা বিকেল
এস এম রাকিব

পাতাঝরা এ বিকেলগুলো
একান্তই তোমার আমার,
সংবেদনশীল গোধুলীর গা চুইয়ে পড়া
শিশিরগুলো শুধুই তোমার....
তোমারই লক্ষীমন্ত পদ্মচরণ যুগলে
তার আত্মসমর্পণ
পশ্চিমের সান্ধ্য আকাশে
ক্ষয়িষ্ণু লাল আর নিলাভ প্রলেপটুকুও-
তোমার ঠোঁট আর কপোলের স্নিগ্ধ সমীকরণ ।
টুকরো টুকরো বখাটে দুপুরগুলো
কখন যে লাস্যময়ী বিকেল হয়ে যায়,
অত:পর সন্ধ্যা এবং তারা খসা রাতের গভীরে
তার জ্যোৎস্নামুখর শুদ্ধ স্নান....!!!

বাড়ি যাবার দিন
বহ্নি কুসুম

বাড়ি যাবার দিন এলে দু'চোখ
অথই পদ্মা সাঁতরে উঠে যায়
দূরযাত্রেটেনের খোলা জানালায় নিঃসঙ্গ
একটা মুখ বাড়িয়ে থাকে অসীম সীমানায় ।
আষাঢ়ে ঝুম বৃষ্টিতে ভিজে যায় উদ্ভ্রান্ত এলোকেশ
স্বপ্নবান আছোঁয়া ঠোঁট ।

শুভ্র তারকা উড়তে থাকে দুধধোয়া আকাশে
শ্যামবিল তখনো গভীর ঘুমে ।
দুরন্ত দস্যুতায় ঘোলা হয়নি
নীলিমা হরিহর । পথিকহীন পথ তখনো
শুয়ে আছে নির্বিঘ্নে ।

ত্রিমোহিনী মেড়ে তন্নতন্ন করে চোখ
খোঁজে একটি মুখ, পাহাড়সম
খুনসুটি নিয়ে কথা ছিল
উদাসী ছেলে তোমার দাঁড়াবার?

অরিগামি
শাহনাজ পারভীন

যুগ যুগ আগের বর্ষা কিংবা রংধনু দিন তখনো জীবন্ত ছিল ।

শরতের মায়াময় কাশবন বিকেলে
তুমি আমাকে চিনতে পারোনি
তুমি আমার আবেগকে বুঝতে পারোনি
তুমি আমার অনুভবকে মনে রাখোনি স্নিগ্ধতার নরম অনলে ।
অথচ তোমার নিঃশ্বাসকে চিনি আমার আমিত্বের মত
তোমার প্রশ্বাসকে জানি নিজের প্রশ্বাসের মত
তোমার উষ্ণতাকে অনুভব করি বিস্ময়কর ওমের মত
ডিম ফোটা সবুজ সকালে ।

যদি কোন দিন এ আকাশ অন্য হয়, এই সন্ধ্যা ম্লান হয়
এবং এই শরৎ মিলিয়ে যায় অন্য এক শূন্যতায় তবুও.....
সাভারের স্মৃতিসৌধের মত জলজ্বল করবে হৃদয়ে আমার ।
এক আকাশ স্মৃতির চাপ আমি সহ্য করবো পেঁজা তুলার মত নিরুদ্বেগে ।

কর্মফল
তুহীন বিশ্বাস

গর্বিত নাবিক হয়ে-
সমুদ্র পাড়ি দিয়েছি বারবার বহুবার
উচ্ছ্বাসে হত-বিহ্বলে করেছি উন্মাদ নৃত্য
তবুও জাতপাতের বিচার হয়নি কখনো ।

সিদ্ধান্তগুলো বিষ ব্যথায় রক্ত চোষে
ইচ্ছেগুলো অন্তর্দাহ হয় প্রতিনিয়ত
স্বপ্নগুলো আঙুল তুলে বিবেকের দিকে
পরাজিত স্নায়ুতন্ত্র নিস্তব্ধ নিস্তেজ ।

কৃতকর্মের দায় নিতে অপরাগ মস্তিষ্ক
শিরা-উপশিরায় প্রতিবাদের ঝঙ্কার
অনুতপ্ত সুরে ভাসে আত্মহত্যার হুঙ্কার
অতঃপর...
অবনত মস্তকে দাঁড়িয়ে থাকে কর্মফল ।

মৃতপুষ্পা
সুমন শামসুদ্দিন

অশ্বত্থগাছের মতো থিতু হয়ে আছি;
জীবনের গতি হঠাৎ মন্থর, জবুথবু মন!
রাগ ভৈরবী সুরের মুর্ছনায় প্রতিষ্ঠাপিত সকাল;
তবুও এখানে বাতাস বহে নিস্পৃহ স্পন্দনে ।

কৃষ্ণচূড়ার তলায় স্পষ্ট আবেশিত হই
নিত্য বিদিত তোমার সৌরভসিক্ত বীজনে!
প্রচ্ছন্ন তোমার অবয়বী, অথচ কী জীয়ন্ত
তোমার সেই চাহনি, যা আমার অক্ষিপটে
অবিনশ্বরভাবে অঙ্কিত এক দৃশ্যপট!

লৌকিক এই প্রতিপাদ-বিন্দুতে বসে
শুধু তোমার মোহিনী স্মিতমুখে তাকিয়ে
ব্যয়িত হয়েছে শতসহস্র সুখাব্দ ।
কস্মিনকালেও অনুভূত হয়নি
তুমিহীনা এ কৃষ্ণচূড়াটি হবে মৃতপুষ্পা!

[গত সংখ্যায় মুদ্রণপ্রমাদ জনিত কারণে কবিতাটি আংশিক ছাপা হয়েছিল। পাঠকদের জন্য পূর্ণ কবিতা চলতি সংখ্যায় ছাপা হলো]

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং
বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



Call Today:

Giash Ahmed
Chairman/CEO
917-744-7308

Dr. Md. Mohaimen
718-457-0813
Fax: 631-282-8386
718-457-0814

Nusrat Ahmed
President
718-406-5549

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

Corporate Office	Jamaica Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl	87-54 168th Street, 2nd Fl	1 Blacksmith Lane	2148 Starling Ave.	175 B Forbell Street	859 Fillmore Ave
Jackson Heights, NY 11372	Jamaica, NY 11432	Dix Hill, NY 11731	Bronx, NY 10462	Brooklyn, NY 11208	Buffalo, NY 14212
917-744-7308, 718-457-0813	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549

আমেরিকায় একঝাঁক তারকা



বিনোদন ডেস্ক: যুক্তরাষ্ট্রের ভার্জিনিয়ায় অনুষ্ঠিতব্য ঢালিউড অ্যাওয়ার্ডে অংশ নিতে দেশ থেকে একঝাঁক তারকা উড়াল দিয়েছেন। অনুষ্ঠানটি দুই ভাগে অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন এর আয়োজন প্রতিষ্ঠান শোটাইম মিউজিকের কর্ণধার আলমগীর আলম খান। আয়োজনের প্রথম অংশ অনুষ্ঠিত হবে নিউইয়র্কে, ২৫ জুন। এদিন থাকবে বিশেষ সাংস্কৃতিক আয়োজন।

এতে অংশ নেবেন নগরবাউল জেমস, তাহসান, চিরকুটের সুমীসহ আরও বেশক কয়েকজন সংগীতশিল্প। দ্বিতীয় পর্ব অর্থাৎ অ্যাওয়ার্ড অনুষ্ঠান হবে ১ জুলাই, ভার্জিনিয়ায়। প্রথমবারের মতো এ অনুষ্ঠানে অংশ নেবেন জনপ্রিয় অভিনেতা মোশারফ করিম, সাজু খাদেম, জিয়াউল হক পলাশ, কেয়া পায়েল, রেবেনা করিম জুঁই। অনুষ্ঠানে অংশ নিতে এরই মধ্যে আমেরিকায় পৌঁছেছেন তারা। যুক্তরাষ্ট্র ভ্রমণের পথে তারা ট্রানজিট রুট ব্যবহার করেন সংযুক্ত আরব আমিরাতের দুবাইতে।

সেখানে পৌঁছে পরবর্তী গন্তব্য ধরার আগে ফেসবুকে একটি ছবি পোস্ট করে মোশাররফ পত্নী জুঁই লিখেছেন 'বিদায় দুবাই'। দুবাই বিমানবন্দরে খানিক অপেক্ষার সময়টা যে তারা সবাই দারুণ উপভোগ করেছেন, সেটাই জানিয়েছেন তারা। আয়োজন প্রতিষ্ঠান জানিয়েছে, এবারের আয়োজনে আরও উপস্থিত থাকবেন অভিনেতা চঞ্চল চৌধুরী, চিত্রনায়িকা পূজা চেরী, গায়ক প্রতীক হাসানসহ আরও অনেকে।

না ফেরার দেশে অস্কারজয়ী জনপ্রিয় অভিনেত্রী

বিনোদন ডেস্ক: অসুস্থতায় ভুগে লন্ডনে নিজ বাড়িতেই মারা গেলেন সাবেক এমপি ও অস্কারজয়ী ব্রিটিশ অভিনেত্রী গ্লেন্ডা জ্যাকসন। তার বয়স হয়েছিল ৮৭ বছর। গত ১৫ জুন বৃহস্পতিবার মারা যান এ অভিনেত্রী। গ্লেন্ডা মঞ্চে ও পর্দায় দীর্ঘদিন অভিনয় করেছেন। অভিনয় ছাড়াও একজন রাজনীতিবিদ হিসেবে পরিচিতি ছিল তার। যুক্তরাজ্যের আইনপ্রণেতা হিসেবে রাজনীতিতে এসেছিলেন তিনি।



বিবিসি সূত্র বলছে, অস্কারজয়ী এ অভিনেত্রীর মৃত্যুর খবর নিশ্চিত করেছেন তার সহঅভিনেতা মাইকেল কেইন। তিনি বলেন, আমাদের অন্যতম সেরা চলচ্চিত্র অভিনেত্রী গ্লেন্ডা মারা গেছেন।

গ্লেন্ডা সদ্যই 'দ্য গ্রেট এস্কেপার' সিনেমার শুটিং সম্পন্ন করেন। সিনেমাটি শিগগিরই মুক্তি দেওয়ার কথা ছিল। কিন্তু সেটি দেখে যাওয়া হলো না অভিনেত্রীর।

১৯৩৬ সালের উত্তর-পশ্চিম ইংল্যান্ডের বিরখেনহেড জন্ম এ অভিনেত্রীর। লন্ডনের রয়্যাল অ্যাকাডেমি অব ড্রামাটিক আর্ট থেকে অভিনয়ের প্রশিক্ষণ নিয়েছিলেন গ্লেন্ডা। অভিনয়গুণে ১৯৬০ থেকে ১৯৭০ সালে ব্রিটিশ অভিনয়শিল্পীদের মধ্যে অন্যতম তারকা হয়ে উঠেছিলেন।

পর্দার বাইরে রাজনীতিতেও নাম লেখিয়েছিলেন গ্লেন্ডা। ১৯৯২ সালে সংসদ নির্বাচনে অংশ নিয়ে জয় পেয়েছিলেন। লেবার পার্টির একজন আইনপ্রণেতা হিসেবে ২৩ বছর দায়িত্ব পালন করেন। এরপর ১৯৯৭ সালে প্রধানমন্ত্রী টনি ব্লেয়ারের প্রথম সরকারের সময় পরিবহণমন্ত্রী হিসেবেও দায়িত্ব পালন করেন তিনি।

তবে অভিনয়ে ফেরার পর উইলিয়াম শেক্সপিয়রের নাটক 'কিং লায়ার'-এ তার অভিনয় মুগ্ধ করে সবাইকে, যা ব্যাপক প্রশংসিত হয়েছিল। এ ছাড়া ২০১৯ সালে 'এলিজাবেথ ইজ মিসিং'-এ ৩০ বছর পর দেখা গিয়েছিল ব্রিটিশ এ অভিনেত্রী।

২০০৫ সালে সংসদ ছেড়ে ফের অভিনয়ে ফিরে আসেন গ্লেন্ডা। এর আগে ২০০৩ সালে ইরাক আক্রমণের জন্য ব্লেয়ারের সঙ্গে মতবিরোধ হয় তার। জাতিসংঘের অনুমতি না নিয়েই মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে যুদ্ধে নামার সিদ্ধান্ত ব্যথিত করেছিল গ্লেন্ডাকে।

ইতালীতে শিল্পা বাড়িতে চুরি

বিনোদন ডেস্ক: স্বামী ও সন্তানদের নিয়ে ছুটি কাটাতে ইতালীতে রয়েছেন বলিউড অভিনেত্রী শিল্পা শেঠি। সেই সুযোগে তার বাড়িতে ঘটেছে চুরির ঘটনা। গত সপ্তাহে শিল্পার মুম্বাইয়ের জুহুর বাড়িতে ঢুকে বেশ কিছু মূল্যবান জিনিস চুরি করে নিয়ে যায় চোর। এ ঘটনায় জুহু থানায় অভিযোগ দায়ের করা হয়েছে। তদন্তে নেমে গত ১৫ জুন বৃহস্পতিবার দুই ব্যক্তিকে গ্রেফতারও করেছে মুম্বাই পুলিশ।



জুহু থানা পুলিশের বরাত দিয়ে ভারতীয় সংবাদমাধ্যম হিন্দুস্তান টাইমস জানিয়েছে, গ্রেফতার দুই ব্যক্তি আপাতত পুলিশ হেফাজতে রয়েছে। তাদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

সম্প্রতি ৪৮ বছরে পা দিয়েছেন শিল্পা শেঠি। ৫০ ছুঁই ছুঁই শিল্পার সৌন্দর্য হার মানাবে যে কোনো তরুণীকেও। জন্মদিন উদযাপন করতে ইতালিতে রয়েছেন বলিউড অভিনেত্রী। সেখান থেকে সোশ্যাল মিডিয়ায় ছবিও পোস্ট করেছেন শিল্পা।

এদিকে দীর্ঘ ১৪ বছর পর ২০২১-এ 'হাঙ্গামা টু' দিয়ে অভিনয় দুনিয়ায় কামব্যাক করেছেন শিল্পা। এর পর ২০২২-এ 'নিকম্মা' সিনেমাতে দেখা যায় তাকে।

খুব শিগগিরই রোহিত শেঠির ওটিটি প্রজেক্ট 'ইন্ডিয়ান পুলিশ ফোর্স'-এ দেখা যাবে এই অভিনেত্রীকে। এতে তার সঙ্গে থাকছেন সিদ্ধার্থ মালহোত্রা, বিবেক ওবেরয়ের মতো অভিনেতারা। এ ছাড়া সোনাই যোশীর 'সুখী'তেও দেখা যাবে শিল্পাকে।

১৯৯৩ সালে 'বাজিগর' সিনেমা দিয়ে বলিউডে পা রেখেছিলেন শিল্পা। পরবর্তীকালে 'ফির মিলেঙ্গে', 'ধরকন' সহ বহু হিট সিনেমাতে অভিনয় করেছেন তিনি। হলিউড শো 'সেলিব্রিটি বিগ ব্রাদার' জেতার পর বিদেশেও পরিচিতি পান শিল্পা।

সাইফ-কারিনার প্রেমের রসায়ন

যতটা পারবেন কম বয়সি মহিলাকে বিয়ে করুন

বিনোদন ডেস্ক: কালই মুক্তি পাচ্ছে 'আদিপুরুষ'। এ ছবিতে রাবণের ভূমিকায় থাকবেন সাইফ আলী খান। রাম চরিত্রে প্রভাস, সীতা হলেন কৃতি শ্যানন আর লক্ষ্মণের ভূমিকায় অভিনয় করবেন সানি সিং। ছবি নিয়ে বেশ সাড়া পড়েছে। আগ্রহ বাড়ছে নায়ক-নায়িকা নিয়েও। ব্যক্তিগত জীবনে কেমন হবেন ছবির রাবণ, ঠিক আছে তো সীতা আর লক্ষ্মণ-রাত পোহালেই মিলবে সব উত্তর।



অভিনেত্রী শর্মিলা ঠাকুরের ছেলে সাইফ আলী খান। ২০১২ সালে দ্বিতীয়বার বিয়ের পিঁড়িতে বসেন এই অভিনেতা। বিয়ে করেন তার থেকে দশ বছরের ছোট কারিনাকে। একবার সাইফকে জিজ্ঞাসা করা হয়েছিল, তার এবং কারিনার বয়সের যে এতটা ফাঁরাক এর প্রভাব কখনো তাদের সম্পর্কে পড়ে না?

উত্তরে অভিনেতা বলেছিলেন, আমি সমস্ত পুরুষকে এটাই পরামর্শ দেব যে নিজেদের থেকে যতটা পারবেন কম বয়সি মহিলাকে বিয়ে করুন। এটা কিন্তু একটা দারুণ বিষয়।

দেখতে দেখতে বিয়ের বয়স দশ বছর পেরিয়ে গেছে তাদের। দুই সন্তানের বাবা-মা তারা। তবুও সাইফের প্রেমে হাবুডুবু খাচ্ছেন অভিনেত্রী কারিনা কাপুর। ইনস্টাগ্রামের স্টোরিজে বুধবার (১৪ জুন) সাইফের একটি ছবি পোস্ট করে কারিনা কাপুর লেখেন- 'গুড লুকস, গুড লুকস অ্যান্ড গুড লুকস...'।

সাইফকে ভ্যানে বসে থাকতে দেখা যায়। তার পরনে গোলাপি রঙের টিশার্ট, কালো প্যান্ট, একটি সাদা স্নিকার ও রোদ চশমা ছিল। এ ছবিতে তিনি 'কভি খুশি কভি গম' সিনেমার একটি ডায়লগ নিয়ে ক্যাপশন লেখেন আর একগুচ্ছ লাল হার্ট ইমোজি দিয়ে সেটা পোস্ট করেন।



কোহলির সঙ্গে প্রেমের গুঞ্জন নিয়ে মুখ খুললেন তামান্না

বিনোদন ডেস্ক: একসময়ে বলিউডের জোর গুঞ্জন ছিল অভিনেত্রী তামান্না ভাটিয়ার সঙ্গে ভারতীয় ক্রিকেটার বিরাট কোহলির সম্পর্ক। তারা প্রেম করছেন, বিয়ে করতে পারেন... এমন কথাও শোনা যেত। তবে সেসবই এখন পুরনো। তামান্নার সঙ্গে সম্পর্কের গুঞ্জনকে পেছনে ফেলে বিরাট বিয়ে করেছেন বলিউড অভিনেত্রী আনুশকা শর্মাকে। অন্যদিকে তামান্না এখনো অবিবাহিত থেকে গেছেন।

তবে সম্প্রতি এ নায়িকা আবারও প্রেমে জড়িয়েছেন। তিনি এবার মন দিয়েছেন অভিনেতা বিজয় শর্মাকে। তাদের সেই সম্পর্কের বিষয়টি ভক্তদের কাছেও ওপেন সিক্রেট এখন। এসবের মধ্যেই আবারও তামান্নার মুখে শোনা গেল বিরাট কোহলির নাম। সম্প্রতি এক সাক্ষাৎকারে কোহলিকে নিয়ে প্রশ্নের মুখে পড়েন এ অভিনেত্রী। যেখানে তিনি জানান, বিজ্ঞাপনের শুটিং সেট থেকেই দুজনের আলাপ। এর পর কথাবার্তা হয়েছিল। কিন্তু এসবের মাঝেই দুজনকে নিয়ে গুঞ্জন ছড়িয়ে পড়ে।

এ সময় ব্যক্তি কোহলির প্রশংসা করতে দেখা যায় তামান্নাকে। তিনি মনে করেন অনেক অভিনেতার থেকেও ভালো কোহলি। অভিনেত্রী বলেন, 'হ্যাঁ, এটা বলতে পারি অনেক অভিনেতার থেকে বিরাট সব দিক দিয়েই ভালো।'

প্রসঙ্গত কয়েক মাস ধরেই বলিপাড়ায় গুঞ্জন অভিনেতা বিজয় ভার্মার সঙ্গে গোপনে প্রেম করছেন তামান্না। প্রথমে বিষয়টি অস্বীকার করলেও এখন অভিনেত্রী স্বীকার করে নিয়েছেন, বিজয়ের সঙ্গে সম্পর্কে রয়েছেন তিনি।



ইতালির স্বপ্নভঙ্গ করে ফাইনালে স্পেন

ঢাকা ডেস্ক, ১৬ জুন : উয়েফা নেশনস লিগের সেমিফাই-নাল মানেই যেন টান টান উত্তেজনাপূর্ণ ম্যাচ। বৃহস্পতিবার নেদারল্যান্ডসকে অতিরিক্ত সময়ে কাঁদিয়ে ফাইনাল নিশ্চিত করেছে ক্রোয়েশিয়া। অন্যদিকে দিকে দ্বিতীয় সেমিফাইনালে ইউরো চ্যাম্পিয়ন ইতালিকে শেষ মুহূর্তের গোলে ২-১ ব্যবধানে হারিয়ে উয়েফা নেশনস লিগের ফাইনালে উঠেছে স্পেন।

নেশনস লিগের তৃতীয় আসর এটি। চার দলের এবারের ফাইনালসটি অনুষ্ঠিত হচ্ছে নেদারল্যান্ডসে। ম্যাচের তৃতীয় মিনিটেই ইয়েরিমো পিনোর গোলে এগিয়ে যায় স্পেন। কিন্তু লিড বেশিক্ষণ ধরে রাখতে পারেননি স্প্যানিশরা।

প্রথমার্ধের ১১তম মিনিটে ম্যাচে সমতা ফেরায় ইতালি। পেনাল্টি থেকে চিরো ইম্মোবিলের গোলে স্কোরলাইন ১-১ দাঁড়ায়। দুই দলি তার পর আক্রমণাত্মক ফুটবল খেলতে থাকে।

কিন্তু প্রথমার্ধে কেউ-ই আর গোলের দেখা পায়নি। ড্র নিয়ে বিরতিতে যায় দুদল। দ্বিতীয়ার্ধে ম্যাচের শুরুতেই একাধিক সুযোগ পায় উভয় দল। কিন্তু কাঙ্ক্ষিত গোলের দেখা পাচ্ছিল না তারা, অবশেষে ম্যাচের ভাগ্য বদলে যায় ৮৮ মিনিটে।

অতিরিক্ত সময়ের দিকে গড়ানো ম্যাচে স্পেনের হয়ে জয়সূচক গোলটি করেন হোসেলু। শেষ পর্যন্ত ২-১ ব্যবধানে ম্যাচ জিতে নেন ২০১০ বিশ্বকাপ চ্যাম্পিয়নরা। গত আসরে ফাইনালে ফ্রান্সের বিপক্ষে হেরে খালি হাতে ফিরতে হয়েছিল স্প্যানিশদের। এবার টানা দ্বিতীয়বারের মতো উঠলেন উনাই সিমোনরা।

যেখানে প্রতিপক্ষ লুকা মদ্রিচের ক্রোয়েশিয়া। আগামী ১৮ জুন রোববার ক্রোয়েশিয়ার মুখোমুখি হবে স্পেন।

হারিস রউফের নতুন ইনিংস শুরু

(ছবি আছে স্পোর্টস পিকচার নং-০৪)



ঢাকা ডেস্ক, ১৬ জুন : পাকিস্তানি তারকা পেসার হারিস রউফের নতুন ইনিংস শুরু। সবকিছু ঠিক থাকলে আগামী মাসেই মুজনা মাসুদকে নিয়ে ক্যারিয়ারের নতুন ইনিংস শুরু করবেন তিনি।

বৃহস্পতিবার এমন খবর প্রকাশ করেছে পাকিস্তানের সংবাদ মাধ্যম জিও নিউজ। সেই প্রতিবেদনে বলা হয় মুজনা মাসুদকে স্ত্রী হিসেবে ঘরে তুলতে যাচ্ছেন হারিস রউফ। ছাত্রজীবনে মুজনা মাসুদ হারিস রউফের সহপাঠী ছিলেন।

বিয়ে করার বিষয়টি সামাজিক যোগাযোগের মাধ্যমে শেয়ার করার পর সঙ্গে সঙ্গে ভাইরাল হয়ে যায়। তবে বিয়ের কার্ডে ছবি ও তারিখ জানা-ননি হারিস রউফ। তবে ৬ জুলাই তাদের বৌভাত এবং ৭ জুলাই বিবাহোত্তর সংবর্ধনা অনুষ্ঠিত হবে।

গত বছরের ২৪ ডিসেম্বর ইসলামাবাদে একটি ঘরোয়া পরিবেশে তারা বিবাহ বন্ধনে আবদ্ধ হন। সেই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পাকিস্তানের তারকা পেসার শাহিন শাহ আফ্রিদি, পাকিস্তানের সাবেক অধিনায়ক ও কিংবদন্তি ক্রিকেটার শহীদ আফ্রিদি ও সাবেক তারকা ক্রিকেটার আকিব জাভেদ।

নিজেকে ফিরে পাওয়ার লড়াইয়ে সাকিব

ঢাকা ডেস্ক, ১৬ জুন : বাংলাদেশ-আফগানিস্তান একমাত্র টেস্ট ম্যাচ চলছে মিরপুরে। এদিকে ইনডোরে পুনর্বাসন কার্যক্রম চলছে সাকিব আল হাসানের। ডান হাতের তর্জনীর চোটের দরুন ঢাকা টেস্টে নেই তিনি। আফগানদের বিপক্ষে ওয়ানডে ও টি ২০ সিরিজের আগে ফিট হয়ে উঠতে চান তিনি। এরপর রয়েছে কানাডায় গ্লোবাল টি ২০ লিগ। বৃহস্পতিবার সকালে মিরপুর ইনডোরে বোলিং অনুশীলন করেন সাকিব। তার সঙ্গে ছিলেন স্পিন বোলিং কোচ রঙ্গনা হেরাথ। এরআগে কয়েকদিন ধরে রানিং ও জিমে সময় কাটিয়েছেন এই বাঁ-হাতি অলরাউন্ডার।



কানাডার গ্লোবাল টি ২০ লিগের তৃতীয় আসরে বাংলাদেশ থেকে সাকিব ছাড়াও দল পেয়েছেন লিটন দাস। সাকিব খেলবেন মন্ট্রিয়েল টাইগার্সের হয়ে। লিটনকে দলে নিয়েছে সারে জাগুয়ার্স। তিন বছর পর ফিরছে এই ফ্র্যাঞ্চাইজি টুর্নামেন্ট। ২০ জুলাই থেকে ৬ আগস্ট বসবে এবারের আসর। ১৮ দিনের টুর্নামেন্টে মোট ম্যাচ ২৫টি। গ্লোবাল টি ২০ লিগের প্রথম দুই আসর বসেছিল ২০১৮ ও ২০১৯ সালে। কোভিড মহামারির কারণে পরের তিন বছর আর কোনো আসর বসেনি।

ঈদের পর আফগানিস্তানের বিপক্ষে তিনটি ওয়ানডে ও দুটি টি ২০ ম্যাচের সিরিজ শেষ হবে ১৬ জুলাই। একমাত্র টেস্ট খেলে আফগানরা দুবাই যাবেন।



কম্বোডিয়াকে ১-০ গোলে হারাল বাংলাদেশ

ঢাকা ডেস্ক, ১৬ জুন : সাফ চ্যাম্পিয়নশিপের আগে ফিফা প্রীতি ম্যাচে কম্বোডিয়াকে ১-০ গোলে হারাল বাংলাদেশ ফুটবল দল।

বৃহস্পতিবার নমপেন অলিম্পিক স্টেডিয়ামে বাংলাদেশ সময় বিকাল ৬টায় ম্যাচটি শুরু হয়।

খেলার ২৪ মিনিটে মজিবর রহমান জনির গোলে ১-০ গোলে এগিয়ে যায় লাল সবুজের প্রতিনিধিরা। মাঝমাঠ থেকে ফয়সাল আহমেদ ফাহিমের বাড়ানো ক্রস দ্রুত ছুটে গিয়ে ডি-বক্সে দখলে নেন জনি। কম্বোডিয়ার ডিফেন্ডারদের অফ সাইডের পাতা ফাঁদ এড়িয়ে তিনি বল জড়ান জালে।

শুরুতে পিছিয়ে পড়ে কিছুটা আক্রমণাত্মক হয়ে ওঠে কম্বোডিয়া। কিন্তু শত চেষ্টা করেও গোল শোধ করতে পারেনি। এরপর আর কোনো গোল না হওয়ায় ১-০তে জয় নিশ্চিত করে বাংলাদেশ।

ফিফা র‍্যাঙ্কিংয়ে বাংলাদেশের চেয়ে ১৬ ধাপ এগিয়ে কম্বোডিয়া। কম্বোডিয়ার অবস্থান ১৭৬ আর বাংলাদেশ আছে ১৯২তম স্থানে।

র‍্যাঙ্কিংয়ে এগিয়ে থাকলেও অতীত পরিসংখ্যান ফেভারিট হিসেবে বাংলাদেশ জয় নিশ্চিত করে মাঠ ছাড়ে।



বর্ণিল আয়োজনে ডব্লিউইউএসটি'র সমাবর্তন সম্পন্ন

(শেষের পাতার পর)

অব টোয়েন্টি টোয়েন্টিথ্রি। গাউন ও হ্যাট পরে শিক্ষার্থীরা গ্রাজুয়েশন প্যারেডে অংশ নেন। আর গ্রহণ করেন গ্রাজুয়েশন সনদ। বিশ্ববিদ্যালয়ের ৭৬ জন শিক্ষার্থী পেলেন এই সমাবর্তন।

এক আলোঝলমল বিকেলে ভার্জিনিয়ার জর্জ সি মার্শাল হাইস্কুল প্রাঙ্গণটি ভরে উছেছিলো কালো ও কমলার গাউন পরা নব্য গ্রাজুয়েটদের আনাগোনায়। আর অভ্যাগত অতিথিরা পরে ছিলেন কালোর সঙ্গে আর হরেক রঙ মিশিয়ে- কোনোটি নীল, কোনটি মেজেন্টা কিংবা লাল। সব মিলিয়ে এক বর্ণিল গ্রাজুয়েশন।

সাবেক প্রেসিডেন্ট বিল ক্লিনটনের পাঠানো শুভেচ্ছা বার্তা বহন করে এনেছিলেন তারই সাবেক প্রশাসনিক কর্মকর্তা বব জে ন্যাশ। চিঠিতে সাবেক ইউএস প্রেসিডেন্ট ডব্লিউইউএসটির কার্যক্রমের প্রশংসা করেন। ডব্লিউই-উএসটি যেভাবে শিক্ষার সেবা দিয়ে যাচ্ছে এই সেবা যেন অব্যাহত থাকে তার আহ্বান জানান। আর গ্রাজুয়েটেড শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, 'পরিবর্তনশীল পৃথিবীটাকে সঠিক পথ ধরে এগিয়ে নিয়ে যাওয়ার দায়িত্ব এখন আপনাদের।'

সমার্তন শুরু হয় দুপুর ২টায়। তখন গাউনধারী শিক্ষার্থীরা গ্রাজুয়েশন প্যারেড করে নির্ধারিত নিজ নিজ আসনে বসেন। ওদিকে আগে থেকেই মঞ্চ ততক্ষণে ঝলমল গুরুত্বপূর্ণ সকল উপস্থিতিতে। তাদের সঙ্গে ছিলেন বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ, শিক্ষকরাও। জাতীয় সঙ্গীত পরিবেশনার মধ্য দিয়ে শুরু হয় অনুষ্ঠানের মূল পর্ব।

এরপর মঞ্চে আসেন বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর আবুবকর হানিপ। তুলে ধরেন তার জীবনের গল্প। সাফল্যের পথটি যে নয় মসৃণ। সেখানে কত থাকে উত্থান-পতনের গল্প তা তুলে ধরেন। আনুষ্ঠানিক সমার্বতন বক্তৃতায় তিনি গ্রাজুয়েটেড শিক্ষার্থীদের উদ্যেশ্যে বলেন, জীবনের প্রকৃত যুদ্ধ এখান থেকেই শুরু, একটা দৃঢ়চেতা মন নিয়ে অব্যহত চেষ্টাই পারবে জীবনের অগ্রযাত্রা নিশ্চিত করতে। সমাবর্তনে প্রধান অতিথি ও কি-নোট স্পিকার ছিলেন সাবেক ইউএস রিপ্রেজেন্টেটিভ জিম মোরান। তার উপদেশমূলক বক্তব্য মন্ত্রমুগ্ধ হয়ে শোনেন শিক্ষার্থী তথা অভ্যাগত অতিথিরা। নিয়মিত শারিরিক ব্যায়াম করা, প্রতিদিন নতুন কিছু শেখা এবং নিজেকে একজন ভালো মানুষ হিসেবে গড়ে তোলার পরামর্শ রাখেন তিনি।

গেস্ট স্পিকার ছিলেন ভার্জিনিয়ার ফেয়ারফ্যাক্সের স্টেট সিনেটর চ্যাপ পিটারসেন। মাস্টার্স সম্পন্ন করা গ্র্যাজুয়েটদের তাদের শিক্ষার আলো নানাভাবে সর্বত্র ছড়িয়ে দেবার আহবান জানান। তিনি বলেন, ডাইভার-সিটিই যুক্তরাষ্ট্রের সেরা সৌন্দর্য। একজন প্রথম বাংলাদেশী-আমেরিকান হিসেবে আবুবকর হানিপ এখানে বিশ্ববিদ্যালয় গড়ে তুলেছেন যা আমাদের গৌরবান্বিত করে, বলেন চ্যাপ পিটারসেন।

ভিডিও বার্তার মাধ্যমে ওয়াশিংটন ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলোজির গ্র্যাজুয়েটদের এবং কর্তৃপক্ষকে শুভেচ্ছা জানান ইউএস সেনেট মেজোরিটি লিডার



চ্যাক শুমার। তিনি বলেন, যুক্তরাষ্ট্রে সকল সেক্টেরেই রয়েছে শিক্ষার্থীদের সুযোগ, এই সুযোগকে কাজে লাগাতে এগিয়ে যেতে হবে। এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা সেটা পারবে বলে আশা ব্যক্ত করেন সেনেটর চাক শুমার। ভিডিও বার্তা পাঠান কংগ্রেস ম্যান গ্যারি কন্নলী ও কনগ্রেস উইম্যান গ্রেস মেং।

অনুষ্ঠানে অভ্যাগত অতিথি হয়ে এসেছিলেন যুক্তরাষ্ট্রে স্বীয় ক্ষেত্রে প্রতিষ্ঠিত অন্য আরও অনেক বাংলাদেশী-আমেরিকান। যারা এই গ্র্যাজুয়েশন-কনভোকেশনে শিক্ষার্থীদের উদ্দেশ্য দিক-নির্দেশনামূলক বক্তব্য রাখেন। যুক্তরাষ্ট্রের বাংলাদেশী-আমেরিকান জর্জিয়ার ডেমোক্র্যাট স্টেট সেনেটর শেখ রহমান অনুষ্ঠানে তুলে ধরেন তার জীবনে গল্প। একটি বিশ্ববিদ্যালয় ডিগ্রি তার জীবনটাকে কিভাবে বদলে দিয়েছে তা তুলে ধরেন শিক্ষার্থীদের উদ্দেশ্যে।

টেম্পল বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল মেডিসিনের অধ্যাপক ড. জিয়াউর রহমান তার বক্তব্যে তুলে আনেন কতগুলো ডিগ্রি তাকে নিতে হয়েছে তার বিশ্ববিদ্যালয়ে নিজের অবস্থান পাকাপোক্ত করতে, নেতৃত্বের দিকে এগিয়ে নিতে। আইটি বিশেষজ্ঞ ও আইটি উদ্যোক্তা ড. ফয়সাল কাদির নব্য গ্রাজুয়েটদের উদ্দেশ্যে তুলে ধরেন পরবর্তী করণীয় দিকগুলো। প্রকৌশল উদ্যোক্তা ও ফিলানথ্রপিস্ট, মোলি বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি সৈয়দ জাকি হোসেন বলেন, অসীম সম্ভাবনা দেশ এই যুক্তরাষ্ট্র। শিক্ষার্থীদের সামনে রয়েছে অপার সুযোগ। বক্তব্য রাখেন ডবিউইউএসটির উপদেষ্টা মো: মিজানুর রহমান, উপদেষ্টা মো: সিদ্দীক শেখ।

বিশ্ববিদ্যালয়ের সিএফও ডব্লিউইউএসটির সিএফও ফা-রহানা হানিপ শিক্ষাউদ্যোগে তার পারিবারিক ঐতিহ্যের কথা তুলে ধরে বলেন, ওয়াশিংটন ইউনিভর্সিট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির শিক্ষার্থীরা তাদের পরিবারকেই খুঁজে পাবে এই ক্যাম্পাসে।

শিক্ষার্থীদের প্রতিনিধি হিসেবে বক্তব্য রাখেন স্কুল অব বিজনেসের কেলি ডি আলসেন্টারা এবং ইনফরমেশন টেকনোলজিতে মাস্টার্স সম্পন্ন করে সনদপ্রাপ্ত অফুনি এডা আগাডা। তারা তাদের এগিয়ে যাওয়ার উদ্দীপনার কথা তুলে ধরেন। যা তারা পেয়েছেন বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টিদের কাছ থেকে।

পরে একে একে শিক্ষার্থীদের মাঝে তাদের গ্রাজুয়েশন ডিগ্রির সনদ তুলে দেওয়া হয়। প্রথমেই মঞ্চে আসে স্কুল অব আইটির গ্রাজুয়েটরা। এই স্কুলের পরিচালক অধ্যাপক ড. পল এপোস্টোলস আগাসপোলস শিক্ষার্থীদের হাতে সনদ তুলে দেন। আর স্কুল অব বিজনেসের গ্রাজুয়েটদের সনদ দেন এর পরিচালক অধ্যাপক ড. মার্ক রবিনসন।

শিক্ষার্থীরা সনদ নিয়ে ছবি তোলার সুযোগ নেন বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর আবুবহর হানিপ ও প্রেসিডেন্ট ড. হাসান কারাবার্কের সঙ্গে। পরে সনদ হাতে শিক্ষার্থীরা নিজ আসনে বসলে তাদের আনুষ্ঠানিকভাবে গ্রাজুয়েশন ডিগ্রিপ্রাপ্ত হিসেবে ঘোষণা করেন ড. হাসান কারাবার্ক। শিক্ষার্থীরা তাদের গ্রাজুয়েশন হ্যাটে ট্যাসলটি ডান দিক থেকে বাম দিকে সরিয়ে দিয়ে গ্রাজুয়েশন রিচুয়াল শেষ করে।

আর এর পরপরই সেই অনন্য দৃশ্য। শিক্ষার্থীরা তাদের হ্যাট খুলে ছুঁড়ে মারে উপরে আর মেতে ওঠে আনন্দ উদযাপনে। যা শেষ হয় ফটো সেশনের মধ্য দিয়ে। সনদ বিতরণ শেষে অভ্যাগত অতিথিরা যোগ দেন কনভোকেশন ডিনারে। বিশ্ববিদ্যালয়ের দুই ভাইস প্রেসিডেন্ট ড. জাফর পিরিম, ড. শ্যান চো, অ্যাসোসিয়েট ডাইরেক্টর ড. হুয়ান লি ছাড়াও শিক্ষকদের অনেকেই অংশ নেন এই কনভোকেশনে। মাস্টার অব দ্য সেরিমনি হিসেবে দায়িত্ব পালন করেন বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা র‍্যাচেল রোজ।

২০০৮ সালে প্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয়টি ২০২১ সাল থেকে ওয়াশিংটন ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি হিসেবে যুক্তরাষ্ট্রের সফল বাংলাদেশী উদ্যোক্তা ইঞ্জি. আবুবকর হানিপের ব্যবস্থাপনা ও নেতৃত্বে পরিচালিত হচ্ছে। এটি যুক্তরাষ্ট্রে কোনো বাংলাদেশী আমেরিকানের হাতে পরিচালিত প্রথম কোনো পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়। এখানে তথ্য-প্রযুক্তি, সাইবার সিকিউরিটি ও এমবিএ-বিবিএ কোর্সে বর্তমানে ছয় শতাধিক শিক্ষার্থী লেখাপড়া করছে। বিশ্বের ১২১ দেশের শিক্ষার্থীরা এই বিশ্ববিদ্যালয়ে বর্তমানে অধ্যয়নরত রয়েছেন।

TODAY'S DENTAL
86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500
আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।
দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য
আপনাদের সেবায়
ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)
আমরা বাংলায় কথা বলি
REQUEST A FREE CONSULTATION
HOW TO REACH US
718-760-5500
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

বাড়ি-ক্রয়-বিক্রয়ের বিশ্বস্ত ও নির্ভরযোগ্য রিয়েলটর
MURSHEDA ZAMAN
Lic. Real Estate Sales Person
171-21 Jamaica Ave., Jamaica 11432
844-464-3262
E-mail: murshedazaman@gmail.com
MLS
যোগাযোগ
Cell: 917-502-6445

গান শিখুন
বাংলাদেশ কমিউনিটির সঙ্গীত অঙ্গনে অতি পরিচিত মুখ
সবিতা দাস
উচ্চাঙ্গ সঙ্গীতসহ সব ধরনের নৃত্য, গান ও তবলা শিক্ষা দেয়া হয়। বাংলা শিক্ষা ফ্রি
বহ্নিশিখা সঙ্গীত নিকেতন
৩৫-১৮, ৩৩ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
যোগাযোগঃ (৭১৮) ৭২১-৩৬৫১, ৭১৮-৮১০-৬৮৫৮



গোলাম রাব্বানী নাদিমের মৃত্যুতে শোক জানিয়েছে ইন্দো বাংলা প্রেস ক্লাব

ঢাকা ডেস্ক, ১৬ জুন : দুর্বৃত্তদের হামলায় নিহত বাংলাদেশের জামালপুরের সাংবাদিক গোলাম রাব্বানী নাদিমের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছে কলকাতার ইন্দো বাংলা প্রেস ক্লাব।

বৃহস্পতিবার সন্ধ্যায় জরুরি এক সভায় এ ঘটনার প্রতিবাদ করে শোক প্রস্তাব আনা হয়।

এ সময় ইন্দো বাংলা প্রেসক্লাব সকল সদস্য গোলাম রাব্বানী নাদিমের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নীরবতা পালন করেন এবং তার বিদেহী আত্মার শান্তি কামনা করেন। ক্লাবের সকল সদস্যদের হাতেই ছিল গোলাম রব্বানীর একটি সাদা-কালো ছবি।

সংক্ষিপ্ত শোক সভা অনুষ্ঠানে ইন্দো বাংলা প্রেসক্লাবের সভাপতি কিংশুক চক্রবর্তী এই ঘটনার তীব্র নিন্দা জানিয়ে দোষীদের দ্রুত গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়ার দাবি তোলেন।

যুক্তরাষ্ট্রে প্রথম বাংলাদেশী-আমেরিকান এবং মুসলমান নারী ফেডারেল বিচারক



ঢাকা ডেস্ক, ১৬ জুন : যুক্তরাষ্ট্রের ইতিহাসে একজন ফেডারেল বিচারকের পদে প্রথমবারের মতো কোনো বাংলাদেশী-আমেরিকান এবং মুসলমান নারী হিসেবে নুসরাত জাহান চৌধুরীর নাম নিশ্চিত করা হয়েছে।

নিউইয়র্কের ইস্টার্ন ডিস্ট্রিক্ট আসনের জন্য তার নির্বাচনের কথা সিনেট নিশ্চিৎ করেছে।

৪৬ বছর বয়স্কা নুসরাত চৌধুরী দীর্ঘকাল যুক্তরাষ্ট্রের একটি নাগরিক অধিকার রক্ষা-সংক্রান্ত আইনজীবী সংগঠন এসিএলইউ-এ কাজ করেছেন।

যুক্তরাষ্ট্রের পুলিশ বাহিনীসহ বিভিন্ন ক্ষেত্রে জাতিগত বৈষম্যের বিরুদ্ধে নাগরিক অধিকার সমুন্নত রাখার লক্ষ্যে তিনি প্রচুর কাজ করেছেন।

এর আগে তিনি কলাম্বিয়া ইউনিভার্সিটি থেকে স্নাতক এবং ইয়েল ল স্কুল থেকে আইন বিষয়ে ডিগ্রি নেন।

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস
(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)



একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER
Electronic Filing & Direct Deposit 2021 For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজ্যুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিষ্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিষ্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।
অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা ঃ শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা
"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা
যোগাযোগ করুন ঃ এম এ কাইয়ূম
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩,৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী



SHEIKH SALIM
Attorney at Law

Accident Cases,
Medical Malpractice
& Legal Malpractice

এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ

- কন্ট্রাকশন দুর্ঘটনা
- ভুল চিকিৎসা
- ত্রুটিপূর্ণ পণ্য ক্রয়
- স্ক্যাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা
- মটর গাড়ি দুর্ঘটনা
- অ্যাসবেস্টস থেকে ক্ষতি
- লেড বিষ সম্ভীয়
- কাজের সময় দুর্ঘটনা
- মিসিনারি ওয়েজ বা ওভারটাইম না পাওয়া
- বার্থ রিলেটেড ইনজুরি
- পিছলে পড়া, হোঁচট খাওয়া
- যে কোন ধরনের ইমিগ্রেশন কেস

এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি

Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC
Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

Wasi Choudhury & Associates LLC

SERVICES

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

- Represent Taxpayers for I.R.S./ State Audit
- Tax Preparation:
  Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- Accounting:
  Payroll, Sales Tax, etc.
- Business Licenses
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

Wasi Choudhury, EA
Admitted to practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক

Member : naea e-file

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইনক এর সদস্য পদ গ্রহণ / নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার অনুরোধ রইল।



37-22, 61 Street, 1st Fl, Woodside, NY 11377 Tel: 718-205-3460, 718-440-6712, Fax: 718-205-3475, e-mail: wasichoudhury@yahoo.com

Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.

37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030

নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন

After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-



Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels

কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates السعودية SAUDIA الإتحاد ETIHAD

KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

SE CI

বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

ছুটির দিনে যুক্তরাষ্ট্রে সোনালী এক্সচেঞ্জ হাউজ খোলা

- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা দিচ্ছি সর্বোচ্চ এক্সচেঞ্জ রেট
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ রেটও সমান
- আমাদের বিকাশ সার্ভিসের রেটও সমান
- আমরা দিচ্ছি আড়াই শতাংশ সরকারী প্রণোদনা পাবার নিশ্চয়তা



blaze ব্লেজ নামীয় সার্ভিসের মাধ্যমে ২৪/৭/৩৬৫ ভিত্তিতে মাত্র ৫ সেকেন্ডের মধ্যে রেমিট্যান্স প্রেরণ করুন।

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক

SONALI EXCHANGE CO. INC.

(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE NY DFS, NJ DB&I, MI DIFS, GA DB&F AND MD OCFR

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

ল'অফিস অব
রুমা জান্নাতুল
ইমিগ্রেশন ল' অফিস
কানুন কার্যালয়

- ইমিগ্রেশন
  * গ্রীন কার্ড * সিটিজেনশিপ
  * এসাইলাম * আপিল
  * I-130 * বিজনেস ইমিগ্রেশন
- ডিভোর্স / ম্যাট্রিমনিয়াল
  * চাইল্ড সাপোর্ট * কাস্টডি
- এক্সিডেন্ট এন্ড ইনজুরি
- রিয়েল স্টেট ক্লোজিং
- ল্যান্ডলর্ড এন্ড ট্যানেন্ট
  * ইভেকসান
- সিভিল কোর্ট প্রসিডিংস



৬ দিনই খোলা

এটর্নী জান্নাতুল রুমা
জুরিস ডক্টর
এটর্নী এ্যাট ল' (নিউইয়র্ক)

বিশ্বস্ততার সাথে বাংলাদেশী কমিউনিটিকে আইনি সহায়তা প্রদান

(516) 549-6707
(718) 427-1233
37 11 74th Street,Suite # F2
Jackson Heights, NY 11372
rumalawny@gmail.com
www.rumalawny.com



ঘূর্ণিঝড় বিপর্যয়ের তান্ডবে লন্ডভন্ড গুজরাট, নিহত ২

ঢাকা ডেস্ক, ১৬ জুন : আরব সাগরে অবস্থান করা ঘূর্ণিঝড় বিপর্যয় প্রবল শক্তি নিয়ে বৃহস্পতিবার সন্ধ্যায় ভারতের গুজরাটের জখাউ বন্দরের স্থলভাগে আঘাত হানে। ফলে সৌরাষ্ট্র উপকূলীয় এলাকায় ঝড়ো বাতাস, ভারি বৃষ্টিতে উপড়ে গেছে অনেক গাছ। বিদ্যুৎ ব্যবস্থা ভেঙে চরম দুর্ভোগ সৃষ্টি হয়েছে। এখন পর্যন্ত দুজনের মৃত্যুর খবর পাওয়া গেছে। নিরাপদ আশ্রয়ে সরিয়ে নেওয়া হয়েছে লাখো মানুষকে।

দেশটির আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে, আঘাত হানার সময় বাতাসের গতিবেগ ছিল ঘণ্টায় ১২৫ কিলোমিটার। কিছু জায়গায় ১৪০ কিলোমিটার পর্যন্ত রেকর্ড করা হয়। ঝড়টি ৬ ঘণ্টা তাণ্ডব চালায়। ঘূর্ণিঝড়টিকে 'ক্যাটাগরি-৩' বলে ঘোষণা করা হয়, যা অতিপ্রবল ঘূর্ণিঝড় হিসেবে স্বীকৃত।

দুর্যোগপূর্ণ আবহাওয়ায় স্কুলসহ অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠান শুক্রবার বন্ধ রাখার নির্দেশ দিয়েছে পাঞ্জাব সরকার। কারণ ঘূর্ণিঝড়পরবর্তী রাজ্যের অনেক জায়গায় আকস্মিক বন্যার শঙ্কা রয়েছে।

প্রবল বাতাসে ওখা ও জামনগরে কয়লা স্টোরেজ গ্রাউন্ডে অগ্নিকাণ্ডে ক্ষতির খবর পাওয়া গেছে। কিছুক্ষণ পর পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।

সাময়িক সময়ের জন্য পাঞ্জাবের ৭০টির বেশি ট্রেন যাত্রা বাতিল করেছে কর্তৃপক্ষ। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গুজরাটের মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র প্যাটেলের সঙ্গে টেলিফোনে আলাপ করেছেন। পরিস্থিতি সম্পর্কে মোদিকে বিস্তারিত জানিয়েছেন গুজরাট মুখ্যমন্ত্রী।

আবাহওয়া অধিদপ্তরের তথ্যমতে, সকালের দিকে ঘূর্ণিঝড় বিপর্যয় শক্তি হারিয়ে ফেলবে। যদিও এই প্রতিবেদন লেখা পর্যন্ত পাঞ্জাবের উপকূলীয় এলাকায় ব্যাপক তাণ্ডব চালানোর খবর পাওয়া গেছে। ধারণা করা হচ্ছে, ক্ষতির মাত্রা কয়েক গুণ বাড়বে।

এনডিআরএফ মহাপরিচালক অতুল কারওয়াল বলেন, ঘূর্ণিঝড় আছড়ে পড়ার পর উদ্ধার অভিযান পরিচালনায় প্রস্তুত রয়েছে বাহিনী। প্রতিবেশী রাজস্তান, মহারাষ্ট্র ও কর্নাটকও আক্রান্ত হলে সহযোগিতা চেয়েছে। রাজস্তানের দক্ষিণাংশে প্রভাব পড়তে পারে।

ঘূর্ণিঝড়ের কারণে পাকিস্তানের করাচির উপকূলেও বৃষ্টি হচ্ছে। সাগর উত্তাল থাকায় বিপদ সংকেত রয়েছে। সতর্কতার অংশ হিসেবে উপকূলবর্তী কয়েক হাজার মানুষ আশ্রয়কেন্দ্র নেওয়া হয়েছে।

বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ত এজেন্টের সহায়তা নিন

WIN ZONE Realty Inc.

আমাদের সেবা সমূহঃ
- বাড়ি ক্রয়-বিক্রয়
- লোন মোডিফিকেশনে (Loan Modification) ফ্রি সহায়তা
- ফরক্লোজারে (Foreclosure) ফ্রি সহায়তা
- আরইও (REO) বা ব্যাংকের বাড়ি ক্রয়-বিক্রয়
- ট্যাক্সলিনের-এর (Taxlien) বাড়ি ক্রয়-বিক্রয়
- সট সেলের (Short Sale) বাড়ি ক্রয়-বিক্রয়
- বাণিজ্যিক, আবাসিক বা মিক্স ইউজ (Mix Use) বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ততার সাথে ১৬ বৎসর ধরে কমিউনিটিকে সহায়তা করছি।

বাড়ি ক্রয়-বিক্রয়ে আপনার সহযোগিতায় আমরা আছি আপনার পাশে



MOHAMMED ISLAM (SHAMSU)

81-15 Queens Blvd, Elmhurst, NY 11373
Cell: 917-586-2172, Phone: 718-899-7000, Email: mishamsu@gmail.com

Jumbo Travel, Inc.



Your agent for Air, Cruise, Tour, Vacation, Hajj & Umrah Package



WINTER টিকেটের আকর্ষণীয় মূল্য হ্রাস

সবচেয়ে কম মূল্যে গ্যারান্টিযুক্ত রিটার্ণ টিকেটের জন্য আজই যোগাযোগ করুন

Ali A. Chowdhury
Managing Director

Tell: 718-267-9651
Cell: 917-478-7131
Faz: 718-267-1922

30-10 35th Street
Astoria, NY 11103
jumbotravelusa@aol.com

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
বিসমিল্লাহ হালাল লাইভ পোল্ট্রি, মিট এন্ড ফিস মার্কেট

New Price বিশাল মূল্যহ্রাস



রেড/ব্লাক চিকেন $3.25/lb

১০টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ৩টি ফ্রি
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি (৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৩টি হার্ড চিকেন $12.99 (১টি রেড হার্ড চিকেন ফ্রি)



প্রতিদিন জবেহ করা হালাল মাংসের মধ্যে রয়েছে-
রেওলার গোট $4.49/lb বেবি গোট $6.49/lb



বিমানে আসা তাজা মাছসহ আমাদের এখানে পাবেন লাইভ ফিস
এছাড়াও আমাদের এখানে সুলভ মূল্যে পাওয়া যাবে বাংলাদেশের যাবতীয় ব্লকের মাছ
বোয়াল, আইড়, কোরাল, পাবদা, স্টার বাইন, লং বাইন, চিতল, কাতলা, বাছা ও শোল



লাইভ তেলাপিয়া	$3.49/lb
লাইভ বাফেলো	$3.49/lb
আমেরিকান ইলিশ	$1.99/lb
দেশী রুই	$1.79/lb
Herring Fish (চাপিলা মাছ)	$2.49/lb
Porgy	$1.49/lb

শাইক কার্টকিস, স্নালবন, স্ট্রাইপ বাস, সীবাস, স্নেপার, হ্যাডক, ফ্লাউন্ডার, বাংলাদেশী গলদা চিংড়ি এবং ইলিশ মাছ

স্পেশাল

দেশী স্যালমন ফ্রাইস	$ 17.99
আমিন স্যালমন ফ্রাইস	$ 17.99
আমিন স্যালমনেলস ফ্রাইস	$ 9.99
ফ্রোজেন স্যালমন ফ্রাইস	$ 18.99
স্যাবার স্যালমন ফ্রাইস	$ 13.99
সুলতানা স্যালমন ফ্রাইস	$ 12.99

ফ্রি ডেলিভারী মিনিমাম ৫০ ডলার

EBT & Foodstamp
Open 7 Days: 8:00am to 7:30pm
Directions: R, Q, V train to Northern Blvd

37-15, 55th Street, Woodside, NY 11377 (Bet. 37&38 Ave)
718.205.7200 917.295.4011

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attorneys Admitted in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

ELECTION COMMISSION 2023

Election of Executive Committee 2023-2025

SYLHET M.C. & GOVT COLLEGE ALUMNI ASSOCIATION OF USA INC

সিলেট এম.সি. এন্ড গভঃ কলেজ এলামনাই এসোসিয়েশন অব ইউএসএ ইনক্

Dear Members,

Please be informed that as per Article-V of the constitution of Sylhet M.C. & Govt College Alumni Association of USA Inc, the Election Commission is hereby soliciting nominations for the 21 Executive Committee positions from the LIFE MEMBERS of the Association (As per Article III, Sec B(vi) of the constitution)

ELECTION SCHEDULE

Date : July 9, Sunday 2023 • Time : 11 AM - 7 PM

Place : Will be notified

- Collection of Nomination Package by the intending candidate or by his/her representative from Prime Printing & Binding at 34-03 30th Ave. Astoria, NY 11103) on June 19, Monday and June 20, Tuesday from 4 PM - 10 PM. Package fee $50 payable cash only.
- Submission of Nomination by the intending candidate or by his/her representative on June 24, 2023, Saturday 4 PM - 8 PM at Prime Printing & Binding (34-03 30th Ave. Astoria, NY 11103)
- Publication of eligible candidates list: June 26, 2023, Monday by 9 pm.
- Withdrawal of Nomination on or before 8 PM, June 30, 2023 Friday at Prime Printing & Binding (34-03 30th Ave. Astoria, NY 11103)

NON-REFUNDABLE NOMINATION FEE SCHEDULE:

(MONEY ORDER OR CASH ONLY)

- President $350.00
- Vice President (1st) $300.00
- Vice President (2nd) $300.00
- Vice President (3rd) $300.00
- General Secretary $300.00
- Assistant Secretary (1st) $200.00
- Assistant Secretary (2nd) $200.00
- Treasurer $200.00
- Office Secretary $200.00
- Cultural Secretary $200.00
- Sports Secretary $200.00
- Publication Secretary $200.00
- Executive Members (9 position) ..... $150.00 each

Rules & Regulations

1. The candidates must follow the requirements and restrictions of the constitution of Sylhet M.C. & Govt College Alumni Association of USA Inc.
2. The candidates must submit two copies of passport size photo along with the nomination papers.
3. The candidates must submit their nomination papers (stamped and signed by the election commission).
4. The candidates are allowed to assign their agents during the election by presenting the agent form supplied by the election commission.
5. Candidates for the position of President and General Secretary must be present in person before the commission, and sign a "SWORN AFFIDAVIT FORM' to comply with Article IV, section A (ii & iv) in order to submit their nomination form.
6. Each and every candidate must be a listed 'LIFE MEMBER' of the organization and have to mention their Life Membership number in the nomination form from the updated Life Member list published by the Executive Committee (A copy will be included in nomination package)
7. No candidate shall submit nomination for more than one position. If anyone does so, all of their submitted nomination will be cancelled.
8. The voters must follow the constitution of the Sylhet M.C. & Govt College Alumni Association of USA, Inc.
9. The voters must present their valid photo ID before the election commission at the time of casting their votes.
10. No poster or publicity is allowed within 100 yards of election center.
11. Any complaint regarding the election must be addressed to the election commission in writing within 24 hours of the completion of the election. The commission will investigate the complaint and announce its decision within a reasonable time.
12. Any voter with incomplete information in the voter list may not cast their votes. The commission will have the right to take decision about such voter.
13. In all matters related to election, the decision of the election commission will be final.

To hold a free and fair election, the commission requests everyone to cooperate in this regard.

Abul Kalam
Chairman
347-624-3135

Monjur A. Choudhury
Member
917-584-7808

Mahi Uddin
Member
646-431-4372



চিকনি-চামেলি হয়ে ফিরতে চান মাহিয়া মাহি

(শেষের পাতার পর)

পর্দায় ফিরতে চান অভিনেত্রী। এ জন্য তাকে দুই মাস অপেক্ষা করতে হবে। এই অপেক্ষার প্রহর আর সইছে না অভিনেত্রীর। এমনটাই জানান দিলেন মাহি। নিজের ফেসবুকে রোববার (১৮ জুন) লিখেছেন, 'আহ, আর ২টা মাস কখন শেষ হবে? জিম করব, ডায়েট করব? আবার চিকনি চামেলি হয়ে ব্যাক করব? নিজেই নিজের ট্রান্সফরমেশন দেখার অপেক্ষায় পাগল হয়ে যাচ্ছি।'

২০২১ সালের সেপ্টেম্বরে গাজীপুরের ব্যবসায়ী রকির সরকারের সঙ্গে বিবাহবন্ধনে আবদ্ধ হন চিত্রনায়িকা মাহিয়া মাহি। গত বছরের আগস্টে মা হতে যাচ্ছেন বলে খবর জানিয়েছিলেন মাহি নিজেই। তখন এই নায়িকা বলেছিলেন, 'আমি তো আমার জীবনের সর্বশ্রেষ্ঠ সময়গুলো পার করছি। দিন-রাত কিভাবে চলে যাচ্ছে টেরই পাচ্ছি না। প্রচন্ড আদর-যত্নে দিনগুলো কেটে যাচ্ছে। কারণ আমি আল্লাহর অশেষ রহমতে মা হতে যাচ্ছি, ইনশাআল্লাহ।

অবশেষে গত মার্চে মা হন এই অভিনেত্রী। চিত্রনায়িকা মাহি এখন সিনেমা নিয়ে কোনো খবরে নেই। তবে সিনেমায় অভিনয় না করলেও মাঝেমধ্যে খবরের শিরোনাম হন এই অভিনেত্রী।

কয়েক দিন আগে পবিত্র ওমরাহ পালন শেষে দেশের ফেরার সময় ডিজিটাল নিরাপত্তা আইনে হওয়া মামলায় নিজ দেশের বিমানবন্দরে গ্রেপ্তার হন মাহি। সন্তানসম্ভবা মাহিকে এভাবে গ্রেপ্তারে গাজীপুর পুলিশ সুপার বেশ সমালোচনায় পড়েন। গ্রেপ্তারের পর দ্রুত আদালতে তোলা হলে তাকে কারাগারেও পাঠানো হয়। এরপর কয়েক ঘণ্টার মধ্যে তাকে জামিন দেওয়া হয়।

বিশ্বকাপের তিন ভেন্যু নিয়ে তিন আপত্তি

(শেষের পাতার পর)

করে ভারতে অক্টোবর-নভেম্বরে অনুষ্ঠিত বিশ্বকাপে পাকিস্তানের অংশ নেওয়ার দুয়ার খুলে গেছে বলে মনে করা হচ্ছে। কিন্তু আসরে অংশ নেওয়া এবং ভেন্যু নিয়ে পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি) আপত্তি জানিয়েই চলেছে। আইসিসি ও বিসিসিআই বিশ্বকাপে জায়গা নিশ্চিত করা বোর্ডগুলোর সঙ্গে সম্ভাব্য সূচি ও ভেন্যু নিয়ে আলোচনা করছে।

বোর্ডগুলোকে খসড়া সূচিও পাঠানো হয়েছে। সেখানে তিন ভেন্যু নিয়ে তিন রকম আপত্তি তুলেছে পিসিবি। খসড়া সূচিতে ভারতের বিপক্ষে পাকিস্তানের ম্যাচ রাখা হয়েছে সবচেয়ে বড় নরেন্দ্র মোদি স্টেডিয়ামে। পাকিস্তানের সংবাদ মাধ্যম ক্রিকেট পাকিস্তান জানিয়েছে, ওই ভেন্যুতে খেলতে চায় না পাকিস্তান। কারণ স্বাগতিক ভারতের বাড়তি দর্শকের চাপ। এখনও সিদ্ধান্ত চূড়ান্ত না করলেও পিসিবির থেকে জানানো হয়েছে, সরকারের অনুমতি পেলেই তারা ভারতে বিশ্বকাপ খেলতে যাওয়াসহ মোদি স্টেডিয়ামে খেলার বিষয়ে সিদ্ধান্ত নিতে পারবে। খসড়া সূচিতে আফগানিস্তানের বিপক্ষে পাকিস্তানের ম্যাচ রাখা হয়েছে চেন্নাইয়ের এমএ চিদাম্বরাম স্টেডিয়ামে। কিন্তু স্পিন সহায়ক হিসেবে পরিচিত ওই স্টেডিয়ামে আফগানদের বিপক্ষে খেলতে চাই না পাকিস্তান। বরং ওই স্টেডিয়ামে তারা খেলতে চায় অস্ট্রেলিয়ার বিপক্ষে। একইভাবে অস্ট্রেলিয়ার বিপক্ষে ম্যাচ রাখা হয়েছে ব্যাঙ্গালুরুর এম চেন্নাস্বামী স্টেডিয়ামে। সেখানকার উইকেট অনেক বেশি ব্যাটিং সহায়ক। ওই স্টেডিয়ামে অস্ট্রেলিয়ার বিপক্ষে না খেলে আফগানদের বিপক্ষে খেলার ইচ্ছে প্রকাশ করেছে পিসিবি।

উচ্চ দাম নিয়ে অস্বস্তি

(শেষের পাতার পর)

এখন সারি সারি ফলের স্তূপ। মৌসুমী ফলের মৌ মৌ গন্ধে মাতোয়ারা ক্রেতা-বিক্রেতারা। বাহারি রঙ, স্বাদ আর গন্ধের ফলগুলো যেকোন পথচারিকে আটকে দেয় অবচেতন মনে। মূলত: জুন-জুলাই আমেরিকার মধু মাস। এসময় মৌসুমী প্রায় সব ধরণের ফল আসে বাজারে। চলতি বছর ফ্লোরিডার বাগানগুলোতে ফলের ব্যাপক চাষ হওয়ায় এবার সেপ্টেম্বরে শীত পড়ার আগ পর্যন্ত মৌসুমী ফলের সরবরাহ বাজারে থাকবে বলে জানিয়েছেন ব্যবসায়ীরা।

আম, জাম, কাঠাল, লিচু, আনারসসহ এশিয়ান ও বাংলাদেশী প্রজাতির বহু ফলের চাষ হয় ফ্লোরিডাসহ বিভিন্ন অঙ্গরাজ্যে। কিন্তু এ ফলগুলোর চাহিদা শুধু এশিয়ান কমিউনিটিতে। ফলে চাহিদার চেয়ে অনেক বেশি সরবরাহ আছে বাজারে। তারপরও ফলের দাম কমছে না। এ নিয়ে অস্বস্থি প্রকাশ করেছেন ক্রেতারা। বিক্রেতারা জানান, গত কয়েক বছরে এশিয়ান কমিউনিটিতে মানুষের সংখ্যা ব্যাপক হারে বেড়েছে। ফলে সরবরাহের ওপর চাহিদার চাপ পড়েছে। তাই মৌসুমের শুরুতে ফলের দাম কিছুটা চড়া থাকে। তবে আগামী এক মাসের মধ্যে দাম প্রায় অর্ধেকে নেমে যাবে বলে জানান তারা। এদিকে রাজনৈতিক কারণে এবার হেইতি থেকে আম না আসায় আমের সরবরাহে বৈচিত্র কিছুটা কম। তবে হেইতির আমের জায়গা পূরণে আরো কিছু নতুন প্রজাতির আম বাজারে এসেছে বলেও জানান ব্যবসায়ীরা। সংশ্লিস্টরা আরো জানান, বাংলাদেশের রাজশাহী ও চাপাইনবাবগঞ্জ এলাকায় উৎপাদিত ফলের ব্যাপক চাহিদা রয়েছে আমেরিকায়। কিন্ত বাংলাদেশ থেকে ফল আমদানীর সুযোগ না থাকায় একটি সম্ভাবনাময় বাজার হারাচ্ছে বাংলাদেশ।

হেঁটেই কমান ডায়াবেটিস

(শেষের পাতার পর)

জীবনে এই নিয়মগুলোর নতুন সংযোজন হয়। রক্তে শর্করার মাত্রা বৃদ্ধি পেয়েছে মানেই নানা বিধিনিষেধ মেনে চলতে হয়। দৈনন্দিন রুটিন বদলে যেতে থাকে। রক্তে শর্করার মাত্রা বশে না রাখলে আরো অনেক সমস্যা দেখা দিতে পারে। তাই সতর্ক থাকার কথা বলেন চিকিৎসকরা। ডায়াবেটিকদের সুস্থ থাকার একটি অন্যতম উপায় হলো শরীরচর্চা। নিয়ম করে যদি শরীরচর্চা করা যায়, তাহলে সুস্থ থাকা সম্ভব। শরীরচর্চা মানেই অনেকের কাছে জিমে গিয়ে ঘাম ঝরানো। সেটা যদি করা যায়, তার চেয়ে ভালো আর কিছু হয় না। কিন্তু ডায়াবিটিস ধরা পড়লে জিমে যাওয়া বাধ্যতামূলক নয়। কিন্তু নিয়ম করে হাঁটা জরুরি। হাঁটাহাঁটির সুফল অনেক। ডায়াবিটিসের ক্ষেত্রে যদি নিয়ম করে হাঁটাচলা করা যায়, তা হলে অচিরেই শর্করার মাত্রা কমবে।

দিনে ৩০-৪৫ মিনিট যদি হাঁটা যায়, ডায়াবেটিকরা সত্যিই সুফল পাবেন। এতে শুধু ডায়াবিটিস নয়, পাশাপাশি আরো অনেক শারীরিক সমস্যার ঝুঁকি কমবে। প্রথম দিন হাঁটতে বেরিয়েই এতটা পথ হেঁটে ফেলা যাবে না। প্রতি দিন হাঁটতে হাঁটতে কয়েক দিনের মধ্যে লক্ষ্যে পৌঁছনো যাবে।

নিয়ম করে হাঁটার এই অভ্যাসে হাড়ের অনেক সমস্যার ঝুঁকিও কমবে। ওজন বেড়ে যাওয়া নিয়ে চিন্তা করতে হবে না। খাওয়া-দাওয়ার যদি অনিয়মও হয়ে যায়, তা হলেও খুব বেশি সমস্যা হওয়ার কথা নয়। হঁাটার গুণেই সুস্থ এবং রোগমুক্ত থাকবে শরীর।















জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির উদ্যোগে
নিউইয়র্কে ইফজাল চৌধুরীকে সংবর্ধনা প্রদান

নিউইয়র্ক (ইউএনএ): জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক ও বর্তমান সহ সভাপতি ইফজাল আহমেদ চৌধুরী সিলেট জেলা পরিষদের সদস্য নির্বাচিত হওয়ায় সংগঠনের পক্ষ থেকে তাকে সংবর্ধনা প্রদান করা হয়েছে। এ উপলক্ষ্যে বুধবার (১৫ জুন) রাতে জ্যামাইকার খলিল বিরিয়ানী হাউজের পার্টি হলে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। খবর ইউএনএ'র।

ফ্রেন্ডস সোসাইটির সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ারের সভাপতিত্বে সাধারণ সম্পাদক জে মোল্লা সানির পরিচালনায় অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসেবে সভামঞ্চে উপবিষ্ট ছিলেন বাংলাদেশ সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক অধ্যাপিকা রানা ফেরদৌস চৌধুরী, ফ্রেন্ডস সোসাইটির প্রধান উপদেষ্টা এবিএম ওসমান গনি, উপদেষ্টা যথাক্রমে রেজাউল করিম চৌধুরী, ডা. টমাস দুলু রায়, অধ্যাপিকা হুসনে আরা বেগম ও অধ্যাপক শাহাদৎ হোসাইন, সহ সভাপতি এএফ মি-সবাহউজ্জামান, কুইন্স কমিউনিটি বোর্ড মেম্বার আহসান হাবিব, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সাবেক সাধারণ সম্পাদক মিজানুর রহমান শেফাজ, ফ্রেন্ডস সোসাইটির বাংলা স্কুলের সাবেক সভাপতি আমিনুল ইসলাম চুন্নু এবং কমিউনিটি অ্যাক্টিভিষ্ট রাব্বী সৈয়দ ।

এছাড়াও অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি ছিলেন ফ্রেন্ডস সোসাই-টির উপদেষ্টা ও সাপ্তাহিক হককথা সম্পাদক এবিএম সালাহউদ্দিন আহমেদ, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা'র সহ সভাপতি শাহীন কামালী, বিশিষ্ট ব্যবসায়ী আব্দুল ফাত্তাহ, সমাজসেবক খলিলুর রহমান, আব্দুল মুক্তাদির, আব্দুল হক, নওশাদ হায়দার, নুর উদ্দিন প্রমুখ। সভায় অতিথিবৃন্দ ছাড়াও অনান্যের মধ্যে শুভেচ্ছা বক্তব্য রাখেন সংগঠনের সহ-সাধারণ সম্পাদক রিজু মোহাম্মদ, সংগঠনের কর্মকর্তা এনায়েত মুন্সি, কমিউনিটি অ্যাক্টিভিস্ট শেখ ইলিয়াস হাবিব ও মোঃ তুহিন সহ আরো অনেকে।

সভার শুরুতে স্বাগত বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি মোহাম্মদ ফখরুল ইসলাম দেলোয়ার। এরপর সংবর্ধিত ইফজাল আহমেদ চৌধুরীকে ফুলের তোড়া দিয়ে অভিনন্দন জানানো হয়। এসময় জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সাবেক উপদেষ্টা ভিপি জহির মোল্লা প্রবাসী বাংলাদেশীদের আমব্রেলা সংগঠন বাংলাদেশ সোসাইটির ট্রাষ্টি বোর্ডের সদস্য নির্বাচিত হওয়ায় ফুল দিয়ে তাকে অভিনন্দন জানান সংগঠনের কর্মকর্তা সহ অতিথিবৃন্দ এবং কমিউনিটিতে বিশেষ অবদান রাখায় বাংলাদেশ সোসাইটির প্রচার সম্পাদক ও ফ্রেন্ডস সোসাইটির সহ সাধারণ সম্পাদক রিজু মোহাম্মদকেও ফুলের তোড়া দিয়ে অভিনন্দন জানানো হয়।

সভায় বক্তারা বলেন, সংবর্ধিত ইফজাল আহমেদ চৌধুরী কমিউনিটির পরিচিত মুখ এবং তিনি দীর্ঘদিন ধরে কমিউনি-টির সেবা দিয়ে আসছেন। তার মেধা, কর্ম ও যোগ্যতা দিয়ে দেশ ও প্রবাসে নেতৃত্ব দেওয়ার মতো যোগ্যতা অর্জন করেছেন। তাই সে সম্মান পাওয়ার যোগ্য। ইফজাল আহমেদ চৌধুরী প্রবাসে থেকেও সময়ে সময়ে দেশে গিয়ে নিজ এলাকার মানুষদের কাছে নিজেকে যোগ্য প্রমাণিত করেছেন এবং জনগণের ভোটে সিলেট জেলা পরিষদের সদস্য নির্বাচিত হয়েছেন। আগামী দিনে তিনি জনগণের সেবার আরো বড় পদে নির্বাচিত হবেন। বক্তারা উভয়ের সুস্বাস্থ্য, দীর্ঘায়ু ও সফল জীবন কামনা করেন।

সভায় ইফজাল আহমেদ চৌধুরী তার কর্মকান্ডে সহযোগিতা, সমর্থন ও সাহায্য করায় সংশ্লিস্ট সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি এবং এই সংগঠনের সকল কর্মকর্তা সহ প্রবাসীরা আমাকে যেভাবে সবদিক দিয়ে সাপার্ট দিয়েছেন তার কৃতজ্ঞতা জানানোর ভাষা নেই। তিনি সবার সহযোগিতায় আগামী দিনে আরো এগিয়ে যাওয়ার প্রত্যাশা ব্যক্ত এবং তার দায়িত্ব পালনে সবার সহযোগিতা কামনা করেন।

জহির মোল্লা বলেন, কমিউনিটি সেবায় ভূমিকা রাখার জন্য আজ আমাকে যেভাবে মূল্যায়ন করা হলো তার জন্য ফ্রেন্ডস সোসাইটি সহ কমিউনিটির সকলের কাছে আমি কৃতজ্ঞ। বিশেষ করে সোসাইটির ট্রাষ্টি বোর্ডের সদস্য করায় যে গুরু দায়িত্ব পড়েছে তা যেনো যথাযথভাবে পালন করতে পারি এজন্য তিনি সবার সহযোগিতা কামনা করেন।

সংবাদপত্রের কালো দিবসে বিএফইউজে-ডিইউজে'র আলোচনা



ঢাকা ডেস্ক: ১৬জুন সংবাদপত্রের কালো দিবস উপলক্ষে আলোচনা সভা করেছে বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন (বিএফইউজে) ও ঢাকা সাংবাদিক ইউনিয়ন (ডিইউজে)। শনিবার (১৭ জুন) বিকেলে জাতীয় প্রেসক্লাবের আবদুস সালাম হলে এ আলোচনা সভার আয়োজন করা হয়।

বিএফইউজের সভাপতি এম আবদুল্লাহ'র সভাপতিত্বে ও ডিইউজের সাধারণ সম্পাদক খুরশিদ আলমের সঞ্চালনায় আলোচনা সভায় বক্তব্য রাখেন বিএফইউজে মহাসচিব নুরুল আমিন রোকন, সাবেক মহাসচিব এম এ আজিজ, ডিইউজে সভাপতি মো. শহীদুল ইসলাম, সাবেক সভাপতি কাদের গনি চৌধুরী, জাতীয় প্রেসক্লাবের সাবেক সভাপতি কামাল উদ্দিন সবুজ, সিনিয়র সাংবাদিক ও কলামিস্ট আবদুল আউয়াল ঠাকুর, বিএফইউজের সিনিয়র সহ-সভাপতি মোদাব্বের হোসেন, ডিআ-রইউর সাবেক সভাপতি রফিকুল ইসলাম আজাদ, বিএফইউজের প্রচার সম্পাদক মাহমুদ হাসান, ডিইউজের সহ সভাপতি রফিক মোহাম্মদ ও রাশেদুল হক, সিনিয়র সাংবাদিক কায়কোবাদ মিলন, বিএফইউজের সাবেক সহকারী মহাসচিব আহমেদ মতিউর রহমান, ডিইউজের যুগ্ম সম্পাদক দিদারুল আলম, কোষাধ্যক্ষ খন্দকার আলমগীর হোসেন, সাংগঠনিক সম্পাদক সাঈদ খান, প্রচার সম্পাদক আবুল কালাম, জনকল্যাণ সম্পাদক সালাহউদ্দিন রাজ্জাক, ক্রীড়া ও সংস্কৃতি সম্পাদক রফিক লিটন, দফতর সম্পাদক ইকবাল মজুমদার তৌহিদ, সদস্য এম মোশাররফ হোসেন, তালুকদার রুমি, ফখরুল ইসলাম, সাবেক কোষাধ্যক্ষ মো: শহিদুল ইসলাম, দফতর সম্পাদক ডিএম আমিরুল ইসলাম অমর, কার্যনির্বাহী সদস্য এইচ এম আল আমিন প্রমুখ।

আলোচনা সভায় এম আবদুল্লাহ প্রশ্ন রেখে বলেন, কয়টি সংবাদমাধ্যম কালো দিবসের খবর ছেপেছে? ইত্তেফাকসহ যারা এই দিবসের ভিক্টিম ছিলো, পত্রিকার মালিকানা হারিয়েছিল, তারা কেনো এ দিবসটি পালন এমনকি একটু স্মরণ পর্যন্ত করে না? এই দিবস যারা পালন করে তাদের নিউজও ছাপে না। তিনি বলেন, ১৫ আগষ্টের ট্রাজেডির পর ইত্তেফাক লিখেছিল 'দূর্নীতি ও স্বজনপ্রীতির উচ্ছেদ হয়েছে'। সেদিন নিউজে লেখা হয়েছিলো 'জাতির বৃহত্তর স্বার্থে শেখ মুজিবুর রহমানকে ক্ষমতাচ্যুত করে খন্দকার মোশতাকের নেতৃত্বে সরকার গঠন'। সেদিন শেখ মু-জিবুর রহমানের স্ব-পরিবারে হত্যার কথা পর্যন্ত লেখা হয়নি। কিন্তু আজ তারা ১৫ আগষ্ট কান্নার রোল ফেল, কিন্তু ১৬ জুন সংবাদপত্রের কালো দিবস পালন করে না। আমরা তাদের ধিক্কার জানাই।

বিএফইউজে সভাপতি সকল ভেদাভেদ ভুলে ঐক্যবদ্ধভাবে ফ্যাসিবাদের বিরুদ্ধে সর্বাত্মক লড়াই সংগ্রামে শামিল হওয়ার আহবান জানান।

নুরুল আমিন রোকন বলেন, বাকশালের সময় শুধু সংবাদপত্র না, গোটা জাতির উপর অন্ধকার নেমে এসেছিলো। সেই সময় মানুষের কথা বলার স্বাধীনতাটুকু ছিলো না। বাংলাদেশকে তলাবিহীন ঝুঁড়ির সাথে তুলনা করা হয়েছিলো। সেই অন্ধকার থেকে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান মুক্ত করে দিয়েছিলেন। তিনি বলেন, আজকে আবার অঘোষিত বাকশাল গঠন করে রাষ্ট্র শাসন পরিচালনা করা হচ্ছে। বিচারবিভাগকে সম্পূর্ণরূপে দলী-য়করণ করা হয়েছে। এই পরিস্থিতি থেকে বের হওয়ার একটিই উপায়, সেটা হলো রাজপথে আন্দোলন। আমাদের মনে রাখতে হবে কোনো ফ্যাসিস্ট আন্দোলন ছাড়া বিতাড়িত হয় না।

এম এ আজিজ বলেন, প্রেসক্লাবের জমি দিয়েছেন জিয়াউর রহমান, এই যে বিল্ডিং এটাও দিয়ে গেছেন বেগম খালেদা জিয়া। অর্থাৎ সংবাদপত্রের স্বাধীনতার জন্য যা যা করা দরকার তা করেছে বিএনপি। তিনি বলেন, বিএনপি দূর্নীতিবাজ দল না। দূর্নীতির ট্রেন্ড চালু করেছে আওয়ামী লীগ। আজ ১৫বছর বিএনপি ক্ষমতার বাইরে। তাদের নেতাকর্মীরা ঘরে থাকতে পারে না। কেউ কেউ নির্যাতনের শিকার হয়ে অঙ্গহারা।

শহিদুল ইসলাম বলেন, বাকশালের সময় সকল পত্রিকা বন্ধ করে দিয়ে গণতন্ত্রকে কবরে পাঠানো হয়েছিলো। ঠিক এখন আবার সেই আওয়ামী লীগ গণমাধ্যমের গলা চেপে ধরেছে। তারা এবার সংবাদমাধ্যম সেই হারে বন্ধ না করলেও তা নিয়ন্ত্রণ করছে। মানে পত্রিকা আছে কিন্তু স্বাধীনভাবে লেখার অধিকার নেই।

কাদের গনি চৌধুরী বলেন, ১৬ জুন শুধু সংবাদপত্রের জন্য না, এদেশের মানুষের জন্য কালো দিবস। ৭২-৭৫এর সময় গণমাধ্যমের গলা টিপে ধরা হয়েছিলো। জিয়াউর রহমান ক্ষমতায় আসার পর মুক্ত গণমাধ্যমের পরিবেশ সৃষ্টি করে দিয়ে গিয়েছিলেন। তিনি মাত্র ১টাকার বিনিময়ে আজকের এই জাতীয় প্রেসক্লাবের জমিটি দিয়ে গিয়েছিলেন।

কামাল উদ্দিন সবুজ বলেন, অতীতে ঐক্যবদ্ধভাবে সংবাদ পত্রের কালো দিবস পালন করা হতো। কিন্তু সাংবাদিকদের সুবিধাভোগী একটি অংশ এখন আর এই দিবস পালন করে না। কারণ এই দিবস পালন করলে তৎকালিন সরকারের সমালোচনা করতে হবে। তাই এখন যারা গণতন্ত্রে বিশ্বাস করে, গণমাধ্যমের স্বাধীনতা চায় তারাই শুধু এই দিবসটি পালন করে।

বাড়ী ক্রয়ের প্রস্তুতি

(শেষের পাতার পর)

নূন্যতম জানা থাকা প্রয়োজন। তানাহলে আর্থিক ক্ষতির সমস্যা সহ নানা সমস্যায় পড়ার সমূহ সম্ভাবনা রয়েছে। একজন বাড়ীর মালিককে অন্তত ড্রিল মেশিন চালানোর যোগ্যতা থাকলেই তিনি বাড়ী ক্রয়ের জন্য প্রস্তুত বলেই ধরে নেয়া যায়। মনে রাখতে হবে ছোট-খাটো অনেক কাজ থাকে যা মালিক নিজেই করতে পারেন। তানাহলে একদিকে বাড়ীর যেমন সঠিকভাবে খাকবে না, তেমনী বাড়ীর মূল্যও কমে যাবে।

হঠাৎ ঘরের তালা নষ্ট হয়ে যেতে পারে, বাথরুমে সমস্যা দেখা দিতে পারে। বৈদ্যুতিক কানেকশনে সমস্যা দেখা দিতে পারে। ইত্যাদি ছোট-খাটো সমস্যাগুলো বড় সমস্যার সৃষ্টি করতে পারে। তাই সংশ্লিস্ট বাড়ীর মালিককে ছোট-খাটো কাজ নিজেকেই করতে হতে পারে। এক্ষেত্রে ইউটিউবের সাহায্য নেয়া যেতে পারে। প্রয়োজনে বন্ধু-বান্ধবের সাহায্য নেয়া যেতে পারে। তবে সর্বোত্তম হচ্ছে বাড়ী ক্রয়ের অগে বা বাড়ীর মালিক হওয়ার পূর্বে বাড়ী সুন্দর ও ভালো রাখার ছোটখাটো সমস্যাগুলো আগেভাগেই জেনে নেয়া ভালো।

নিউইয়র্কে আপনার ক্রেডিট স্কোর, ক্রেডিট রিপেয়ার, মর্টগেজ সহ বাড়ী ক্রয়-বিক্রয়ে আমরা পরামর্শ দিয়ে থাকি। প্রয়োজনে কল করুন: ৭১৮-৫০৭-লোন (৫৬২৬)

মানব সমাজের জঘন্যতম অপরাধ হচ্ছে হত্যাকান্ড!

(শেষের পাতার পর)

কেউ বলেছেন আল্লাহর বিচার। বোঝা যায় এদের অধিকাংশই জামায়াত-শিবির বা সরকারবিরোধী রাজনীতির সাথে সম্পৃক্ত। এরা মনে করেন শাহরিয়ার কবির জামায়াতের সিনিয়র নেতাদেরকে ফাঁসি দিয়ে হত্যার পেছনে ইন্ধন যুগিয়েছেন, শাহরিয়ার কবিররা পনের বছর বিরোধী দলের হাজার হাজার নেতা কর্মীকে গুম খুনের মদতদাতা।

এই ভদ্রলোককে আমি চিনি স্বাধীনতার আগে থেকেই। তখন তেমন আলাপ পরিচয় ছিল না, স্বাধীনতার পর সরকারি মালিকানাধীন সাপ্তাহিক বিচিত্রায় কাজ শুরু করলে জানাশোনা হয়। ভালই সম্পর্ক ছিল। তার লেখা 'ওদের জানিয়ে দাও' বইটি পড়ে বেশ আপ্লুত হয়েছিলাম। কবির একসময় চীনপন্থী রাজনীতি করতেন। সশস্ত্র কর্মকান্ডের সাথে সম্পক্ততা ছিল কিনা জানি না তবে ওই বইতে তিনি বাম রাজনীতির সশস্ত্র ক্যাডারদের উদ্দেশ্যে কিছু সাবধানতামূলক কথা বলেছিলেন। বেশ চৌকষ সাংবাদিক ছিলেন। নানা আইডিয়া উদ্ভাবন করে বিচিত্রার পাঠকপ্রিয়তায় ভাল ভুমিকা রাখেন। মুক্তিযুদ্ধের নয় মাস ছিলেন ঢাকায়। তার সে সময়কার ভু-মিকা নিয়ে নানা রসালো কথা আছে। কেউ বলেন পাকিস্তানী সেনাদের জন্য মুরগী সরবরাহের ব্যবসা করতেন বা হানাদারদের সাথে ভাল সম্পর্ক ছিল। এসব বিষয়ে আমার কাছে কোন নির্ভরযোগ্য তথ্য নেই। স্বাধীনতার পর দীর্ঘদিন তাকে নিয়ে এমন কোন কথা শুনিও নি। শুরু হয় ঘাতক দালাল নির্মূল কমিটির সাথে যুক্ত হবার পর থেকে। '৯০এর পর সংসদীয় সরকার ব্যবস্থায় যখন আওয়ামী লীগ-বিএনপির মধুচন্দ্রিমাকাল চল ছে, তেমন প্রেক্ষাপটে এই নির্মূল কমিটির আবির্ভাব। স্বাধীনতার পরের সরকার কিছু দাগী অপরাধী ব্যতিত '৭১এ পাকবাহিনীর সহযোগীদের ছেড়ে দিলে পরবর্তী দীর্ঘকাল এ নিয়ে কোন উচ্চবাচ্য ছিল না। ঘাতক বা দালাল কথাটাও ততদিনে মানুষ প্রায় ভুলে গেছিল। ফলে হঠাৎ এই নির্মূল কমিটির আবির্ভাব বেশ চমকের সৃস্টি করে। শাহরিয়ার কবির দিনে দিনে একজন সোচ্চার এবং সক্রিয় নেতা হিসেবে এই সংগঠনে জায়গা করে নেন। এরা '৭১এ ভূমিকার দায়ে জামায়াত নেতাদের ফাঁসির দাবীতে আন্দোলন করতে থাকে।

নির্মূল কথাটা বিনাশ উৎপাটন বা হত্যাকান্ডের সমার্থক। আর মানব সমাজে যতগুলো অপরাধ আছে তার মধ্যে জঘন্যতম হচ্ছে 'হত্যাকান্ড'। সভ্য সমাজে কোন মানুষের মানুষকে হত্যার অধিকার নেই, এমনকি নিজেকেও। এই হত্যা হতে পারে ধর্মের নামে গলায় ছুড়ি চালিয়ে বিচারের নামে ফাঁসিতে ঝুলিয়ে, ক্রসফায়ারের নামে গুলী চালিয়ে বা ক্রোধ আবেগ শত্রুতাবশত: খুন। মানুষ যেহেতু কোন মানুষের জীবন দিতে পারে না, সেহেতু কারও জীবন সংহারের অধিকারও কারও থাকতে পারে না। বিশ্বের অনেক সভ্য দেশে মৃ ত্যুদন্ড নেই। অপরাধীর জন্য কারেকশন সেন্টার। দাগী অপরাধীর জন্য এমন কঠিন শাস্তি যা তার কাছে মৃত্যু যন্ত্রণার চেয়েও কঠিন। আমি একটা ব্যপার দৃঢ়ভাবে বিশ্বাস করি- হত্যাকান্ডের মত অপরাধের শাস্তি মানুষ কিছুটা ইহজীবনেই পেয়ে যায়। এই শাস্তি হয় তার ওপর দিয়ে যায় না হয় সন্তানসন্ততি পরিবার পরিজন, এমনকি পরের প্রজন্ম বা বংশ পরম্পরায় বয়ে চলে। আমি এমন অনেক দেখেছি বিচারের নামে হত্যাকান্ডের সাথে যারা জড়িত, হাকিম উকিল পুলিশ বা জল্লাদ- ঠান্ডা মাথার খুনী ক্রসফায়ারের খুনী, জীবনের কোন পর্যায়ে গিয়ে এমন কঠিন অসুখে পরেছেন যা মৃত্যু যন্ত্রণার চেয়েও ভয়ংকর। পঙ্গু বিকলাঙ্গ হয়ে বিছানায় শুয়ে ধুকেধুকে মারা গেছেন। কেউ নিজে বা কারও স্ত্রী পুত্র কন্যা অপঘাতে মৃত্যুবরন করেছে- সড়ক দূর্ঘটনায় পানিতে ডুবে আগুনে জ্বলে বা গলায় দড়ি দিয়ে। অনেকের ঔরসজাত ছেলে-মেয়ে বিকলাঙ্গ হয়ে যায়। মানুষের হাক বলে একটা কথা আছে- এটা আমি বিশ্বাস করি। কখন কার হাক কার ওপরে গিয়ে পরে বলা যায় না। এ জন্যই বিচারকাজের সাথে জড়িতদেরকে যথেষ্ট সতর্কতা অবলম্বন করতে হয়। বলা হয়, দশজন অপরাধী ছাড়া পেয়ে যাক একজন নিরাপরাধ যেন শাস্তি না পায়।

শাহরিয়ার কবিররা তিন দশকের ওপর '৭১এর ঘাতক দালালদের ফাঁসি বা হত্যা চেয়ে আসছেন। বর্তমানের আওয়ামী লীগ সরকারকে দিয়ে কিছু লোককে হত্যাও করিয়েছেন। লিঞ্চিং মব তৈরী করে ফাঁসি চাই, ফাঁসি চাই রবে একসময় আকাশ-বাতাশ এক করেছেন। আমি বলছি না '৭১এ মানবতাবিরোধী অপরাধের দায়ে কারও সাজা হতে পারবে না। শুধু '৭১ না, '৭২ থেকে '৭৫ এবং পরবর্তীকালের, এমনকি আওয়ামী লীগের হাল আমলেও সরকারি দল এবং বাহিনীর হাতে যে হাজার হাজার মানুষ খুন হয়েছে, গুম হয়েছে নির্যাতনে পঙ্গ হয়েছে, অত্যাচারিত হয়েছে, নির্যাতিত হয়েছে- সকল অপরাধের বিচার হতে হবে। কিন্তু আমি কখনই খুনের বদলা খুন এই নীতি সমর্থন করি না।

কারও অস্বাভাবিক মৃত্যু আমাদের কাম্য না। মেয়ের অপঘাত মৃ ত্যুতে বাবা শাহরিয়ার কবিরের মর্মবেদনা আমি বুঝি। তাকে সান্তনা দেওয়া ছাড়া আমাদের আর কি করার আছে। আগেই বলেছি, মানুষ হত্যার সাথে যারা জড়িত থাকে কোন না কোনভাবে এই জীবনেই তার প্রায়শ্চিত্ব কিছুটা করে যায়। কখনও কখনও এই প্রায়শ্চি ত ্ থাই পাহাড়ের মত বুকে চেপে বসে! বাবা হিসেবে আর একজন বাবার জন্য রইলো সমবেদনা।

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

IRS e file

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার
ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

স্থান পরিবর্তন

অফিস : ৩৭-২৯
৭২ স্ট্রিট, ১ম তলা
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক



- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩



KAKATUA AGENCY
Authorized e-file Provider
কাকাতুয়া এজেন্সী

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)
ENROLLED AGENT

OUR SERVICES ARE:
- Income Tax
- Accounting Service
- Immigration Form Fill Out
- Travel
- Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিপু ভাভাত
ফারহানা আমিরান, সিমি চৌধুরী, মিনারা কাজী

মেঘনা ট্রাভেলস
ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয় ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com

FAMILY DENTAL



We Do
Implant & Veneers

আপনার পরিবারের সবার যাবতীয় দাঁতের চিকিৎসার জন্য এস্টোরিয়ায় রয়েছে আমাদের ডেন্টাল অফিস। আমরা সর্বাধুনিক চিকিৎসা সরঞ্জাম ব্যবহার করি। মেডিকেইড গ্রহণ করা হয়।

ডাঃ মোহাম্মদ নাঈম
ডাঃ ফেরদৌস হুসনে

অংড়ড়ভরধ খড়পধঃরড়হ
২৮-৫৭ ঝধঃরহঃরু ঝধঃবহ,
অংড়ড়ভরধ, ঘঢ
ঘ রংবহঃ ঢড় ৩০ অবৎ, ঝধঃরহড়হ
এরবঃ ৭১৮-২৬৭-০৫০০

Elmhurst Location
81-46 Baxter Ave.
Elmhurst, NY
#7 train to 82st. Station.
Tel: 718-478-1710

ARMAN CHOWDHURY, CPA

- INDIVIDUAL INCOME TAX RETURN
- BUSINESS TAX RETURN
- NON-PROFIT TAX RETURN
- ACCOUNTING & BOOKKEEPING
- RETIREMENT AND INVESTMENT PLANNING
- TAX RESOLUTION SPECIALIST
- ISLAMIC HOME FINANCING

সঠিক ও নির্ভুলভাবে ইনকাম ট্যাক্স ফাইল করা হয়

AUTHORIZED e-file PROVIDER

7 DAYS OPEN

718-475-5686



87-54 168TH STREET, SUITE 201, JAMAICA, NY 11432
Email: armancpa@gmail.com | www.armancpa.com
TO 169 STREET

ATTORNEY
M. MUSTAFA



(A full service Law Firm)

LLB Honors (1st Class)
LLM (1st Class). Bangladesh
Barrister-At-Law, London
Attorney-At-Law. NY

718-487-4873

PERSO AL INJURY & DEATH DAMAGES CLAIMS

- Lead Poisoning
- Construction Work
- Slip and Fall
- Medical & dental Malpractice
- Hospital Negligence
- Delayed Treatment
- Failure to Diagnose
- Cancer & other fatal diseases
- Anesthesia & Gynecologic Surgery Malpractice
- Defective Child Birth
- Nursing Home Neglect and abuse etc.
- Wrongful Death Claim
- Car and Bi-cycle Accident and injury
- Taxi, Bus- Subway, and Train accidents
- Elevator and Escalator Accident
- Explosion and Fire Accident
- Defective product and electrical shock

IMMIGRATION MATTERS

- Green Card through "EB1 TO EB5"
- Political Asylum
- Detention and Bond
- All immigration court issues and cases
- Cancellation of Removal
- Adjustment of Status
- Condition Removal
- Business Immigration HB, L1, E2
- Green Card Replacement /Renew
- Complex Citizenship
- Re-entry permit
- Collection of Immigration Record
- Waiver
- Deportation
- Family Petitions
- Green card through Adoption or Orphan
- Immigration Appeals and Motions
- Canadian Immigration
- Student Visa process for USA, Canada, UK

GENERAL PRACTICE AREAS

- Divorce and Family Matter
- Child Support and Modification
- Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure
- Bankruptcy
- All civil Matters
- Landlord-Tenant
- Incorporation
- Power of Attorney
- Wills, Trust, and Estate Planning
- Overtime and Wages Issue
- All Criminal Matters

148-45 Hillside Ave, Suite 203, Jamaica, NY 11435
Phone : 718-487-4873 Text : 917-285-6247 Email : abmostofa1@gmail.com

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার
MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:
30-04, 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500

JAMAICA OFFICE:
170-12 Highland Avenue
Jamaica Estates, NY- 11432
www.drmrahman.com

Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration

*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ



Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy

নন ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য বিনামূল্যে প্রয়োজনীয় সহযোগিতা ও পরামর্শ প্রদান

B1 / B2 ভিসায় আমেরিকায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য ফ্রি পরামর্শ এবং সোসাল সিকিউরিটি কার্ড, ওয়ার্ক পারমিট, ব্যাংক একাউন্ট, সিটি আইডি, চিকিৎসা বেনিফিট ও হেলথ ইন্সুরেন্স পেতে সার্বিক সহযোগিতা করা হয়।

- L1A / E2
- ASYLUM
- RE-ENTRY PERMIT
- AFFIDAVIT OF SUPPORT
- REMOVE CONCILIATION TO GREEN CARD

"আমেরিকায় অবস্থানরত বৈধ কাগজ-পত্রহীনদের যে কোন আইনী প্রক্রিয়ার মাধ্যমে নিজেকে আপডেট রাখা জরুরী"

যোগাযোগ ঃ
917-982-5682
Email: radninmahamood@yahoo.com








ভিতরের পাতা





কাউন্সিলম্যান শেখর কৃষ্ণানকে পূণর্বার নির্বাচিত করুন

আবু জাফর মাহমুদের

বিশেষ প্রতিনিধিঃ নিউইয়র্ক সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্ট-২৫ এর কাউন্সিলম্যান শেখর কৃষ্ণানের পূনর্নির্বাচনকে সামনে রেখে জ্যাকসন হাইটস-এ উৎসবমুখর পরিবেশে পোস্টার ক্যাম্পেইন হয়েছে। গত ১১ জুন রোববার নিউইয়র্কে প্রবাসী বাংলাদেশী কমিউনিটির প্রিয় ব্যক্তিত্ব, রাজনীতিবিদ ও আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক গবেষক, পিপল ইউনাইটেড ফর প্রোগ্রেস এর প্রেসিডেন্ট আবু জাফর মাহমুদের নেতৃত্বে একদল সমর্থক এই ক্যাম্পেইনে অংশ নেন। এসময় উল্লেখযোগ্য ব্যক্তিবর্গের মধ্যে আরো ছিলেন শেখর কৃষ্ণানের দপ্তরের কমিউনিটি অ্যাফেয়ার্স ম্যানেজার সামিনা রহমান, শিল্পকলা একাডেমি ইউএসএ ইনক'র সভাপতি মনিকা রায় চৌধুরী ও মূলধারার রাজনীতিক মিলন রহমান। তারা জ্যাকসন হাইটস এর প্রাণকেন্দ্র ডাইভারসিটি প্লাজা থেকে শুরু করে বাংলাদেশ স্ট্রিট এলাকার বাণিজ্যিক কেন্দ্রগুলোয় পোস্টার ক্যাম্পেইন করেন। এসময় তারা স্থানীয় জনগোষ্ঠির সঙ্গে আলোচনা করেন এবং বাংলাদেশী কমিউনিটির অতি প্রিয়জন শেখর কৃষ্ণাণকে পূনর্বার নির্বাচিত করার আহ্বান জানান।

অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা আবু জাফর মাহমুদ বলেন, শেখর কৃষ্ণাণ আমাদের লোক। তিনি জ্যাকসন হাইটস, এলমহার্স্ট ও উডসাইডের নির্বাচিত কাউন্সিলম্যান হিসেবে যে যোগ্যতা দেখিয়েছেন, বাংলাদেশীদের প্রতি যে ভালোবাসার দৃষ্টান্ত স্থাপন করেছেন তা আমরা কখনো ভুলে যেতে পারি না। আমেরিকান সরকারের সকল স্তরে তিনি তার যোগ্যতা প্রমাণ করেছেন। জ্যাকসন হাইটস এর ৭৩ স্ট্রিটকে 'বাংলাদেশ স্ট্রিট' করে তিনি এক অনন্য সাধারণ নজির সৃষ্টি করেছেন। যতদিন বাংলাদেশ থাকবে, ততদিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের বুকে বাংলাদেশ স্ট্রিট থাকবে। এর জন্য কৃতিত্বের দাবিদার তিনি। বাংলাদেশীদের প্রাণের দাবি পুরণের স্বার্থেই কাউন্সিলম্যান শেখর কৃষ্ণাণকে পূণর্বার নির্বাচিত করতে হবে।

আবু জাফর মাহমুদ বলেন, শেখর কৃষ্ণান সকল জাতিগোষ্ঠির মাঝেই তার তৎপরতা ও আন্তরিক দৃষ্টিভঙ্গির প্রমাণ রেখেছেন। সবখানে তার প্রশ্নাতীত জনপ্রিয়তা রয়েছে। আমরা বিশ্বাস করি, আসন্ন পুনর্নির্বাচনে তিনি সকল জাতিগোষ্ঠির নিরংকুশ ভোটেই আবার নির্বাচিত হবেন। তার জন্য আমাদের বাংলাদেশীদের অনেক বেশি এগিয়ে আসতে হবে। এখানকার অপরাপর জাতিগোষ্ঠির সঙ্গে আমাদের সম্পর্কের বন্ধন আরো মজবুত করতে হবে। মূলধারায় আমাদের কৃতিত্ব ও যোগ্যতাকে প্রমাণ করতে হবে।

উল্লেখ্য, নিউইয়র্ক সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্ট-২৫ এর কাউন্সিলম্যান শেখর কৃষ্ণাণ ডেমোক্র্যাট পার্টির প্রার্থী হিসেবে পূনর্নির্বাচনে অংশ নিয়েছেন। আগাম ভোগ গ্রহণ শুরু হয়েছে ১৭ জুন থেকে। ইলেকশন ডে হচ্ছে ২৭ জুন।

Highland Medical Care, PLLC



Nazmul H. Khan, MD, FACP
Board Certified in Internal Medicine

Address
87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

Vital Accounting Inc.
File your Tax with experienced professional.
* Income tax:
* Individual/ Personal Tax (All states)
* Business Tax (Corporation, Partnership)
* Sales tax (Food Vendor, Corporation)
* Payroll Tax
* Business Incorporation
* Immigration Services



Atikur Rahman
Masters in Economics
MBA (Accounting), MAFM
Tel: 718-820-2212
37-22 73rd Street, 2nd Fl (Suite # 2D), Jackson Heights, NY 11372

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?
বাফেলোতে বাড়ি কেনা-বেচায়



নতু ন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন
রাফি সাফওয়ান
ঝামেলামু ক্ত সহযোগিতা দিচ্ছে
সিদ্ধান্ত নেয়ার পূ র্বে যোগাযোগ করুন :
267-992-3201
Park Realty
of Western New York
155 Summer St
Buffalo, NY 14222

নিউইয়র্কে প্রসব পরবর্তী স্বাস্থ্য সুবিধা বাড়লো

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্কে সন্তান প্রসবের পর মায়েদের স্বাস্থ্য সুবিধা বর্তমান দুই মাস থেকে বাড়িয়ে পুরো এক বছর করা হয়েছে। নিউ ইয়র্কের মেডিকেইড ও চাইল্ড হেলথ পাস কর্মসূচির আওতায় সদ্য মায়েরা এই স্বাস্থ্যসেবা পাবেন। স্টেটের স্বাস্থ্য কর্মকর্তারা গত ১৫ জুন বৃহস্পতিবার এই ঘোষণা দেন। কেন্দ্রের চূড়ান্ত অনুমোদনের পর এই সিদ্ধান্ত কার্যকর করা হবে। নিউইয়র্কের যে কোনো মা এই স্বাস্থ্য সুবিধা পাবেন। তাতে তাদের ইমিগ্রেশন স্ট্যাটাস যাই হোক না কেনো, জানিয়েছেন কর্মকর্তারা।

নিউইয়র্কে বর্তমানে মেডিকেইডের আওতায় ৭.৭ মিলিয়ন এবং চাইল্ড হেলথ প্ল্যান ও এসেনশিয়াল প্ল্যানের আওতায় ১.৩ মিলিয়ন মা রয়েছেন। প্রসব পরবর্তী সেবার সময় বাড়লে আরও ২৬ হাজার মা এই সেবার আওতায় পড়বেন। যুক্তরাষ্ট্রের ৩৫টি স্টেট ও ডিস্ট্রিক্ট অব কলাম্বিয়া মায়েদের জন্য এই প্রসব পরবর্তী স্বাস্থ্য সুবিধা চালু রেখেছে।

এ প্রসঙ্গে হেলথ কমিশনার ড. জেমস ম্যাকডোনাল্ড বলেন, সন্তান জন্মদানের পর প্রথম বছরটি মায়েদের জন্য অত্যন্ত ঝুঁকিপূর্ণ থাকে। তাদের স্বাস্থ্য সেবা ১ বছর পর্যন্ত বাড়িয়ে নিয়ে স্বাস্থ্য বিভাগ প্রত্যেক জন্মদাত্রীর প্রতি তার পূর্ণাঙ্গ অঙ্গীকার ও কর্তব্যেরই প্রতিফলন ঘটালো। নিরাপদ মাতৃত্বের পূর্ণ সুবিধা পাবেন নিউইয়র্কের যে কোনো মা, বলেন তিনি। এই মায়েরা কোন জাতির, কোন বর্ণের, কোথায় বাস করেন, কি তার ইমিগ্রেশন স্ট্যাটাস কিছুই ধর্তব্যে আসবে না এই স্বাস্থ্যসুবিধার ক্ষেত্রে।

জেমস ম্যাকডোনাল্ড বলেন, 'নিউইয়র্কে শেতাঙ্গ মায়েদের চেয়ে কৃষ্ণাঙ্গ মায়েদের মাতৃকালীন ঝুঁকি চার গুন বেশি, যা মেনে নেওয়া যায় না।' প্রেসিডেন্ট জো বাইডেনও এর আগে মায়েদের মাতৃকালীন স্বাস্থ্য সুবিধার সময় বাড়ানো এবং তাদের মানসিক স্বাস্থ্যের উন্নয়নের ওপর জোর দিয়েছেন। মাতৃমৃত্যুর হার বেশি এমন স্টেটগুলোর ওপর আলাদা গুরুত্ব দেওয়ার কথা বলেছেন তিনি।

মুন্সিগঞ্জ বিক্রমপুর এসোসিয়েশনের নতুন কমিটি

(শেষের পাতার পর)

করা হয়েছে। গত ১১ জুন রোববার, সন্ধ্যা ৭ ঘটিকায় এষ্টোরিয়ায় হ্যালো বাংলাদেশ রেষ্টুরেন্টে অনুষ্ঠিত সাধারণ সভার ২৭ সদস্য বিশিষ্ট নতুন কমিটি গঠিত হয়। দুই পর্বে অনুষ্ঠিত সভার প্রথম পর্ব ছিল বিগত কমিটির আয়-ব্যয় হিসাব এবং উপদেষ্টামন্ডলীর নিকট কমিটি হস্তান্তর।

দ্বিতীয় পর্বে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন মোঃ তাসের খান মাহমুদ। তাসের খান মাহমুদের নেতৃত্বে উপস্থিত সকলের সর্বসম্মতিক্রমে ২০২৩-২০২৪ সালের নবনির্বাচিত সভাপতি এবং সাধারণ সম্পাদক হিসেবে যথাক্রমে জয়নাল আবেদীন (আমান) এবং জহিরুল ইসলাম (বিল্টু)-কে নির্বাচিত করা হয়। করতালির মাধ্যমে নতুন কমিটিকে সকলেই সম্মতি প্রকাশ করেন এবং আনন্দ উল্লাস ও নৈশভোজের মাধ্যমে সাধারণ সভা সমাপ্তি ঘোষণা করা হয়।

পূর্ণাঙ্গ নতুন কার্যকরী কমিটি: সভাপতি- জয়নাল আবেদীন আমান, সিনিয়র সহ সভাপতি- শেখ উজ্জল, সহ সভাপতি যথাক্রমে মোঃ বিল্লাল, মোঃ এস. মিয়া (কাদির), সেলিম রেজা, আবুল কায়ের আজাদ, ফেরদৌস ওয়াহিদ, মোঃ সোহরাব হোসেন, মাসুম বেপারী, সাধারণ সম্পাদক- জহিরুল ইসলাম (বিল্টু), সহ-সাধারণ সম্পাদক- মোঃ মঈন, কোষাধ্যক্ষ- তারেক হাসান, সাংগঠনিক সম্পাদক- মোঃ রেজাউল হায়াত (মাসুম), প্রচার সম্পাদক - এম.ডি. হাবিব মৃধা, সাংস্কৃতিক সম্পাদক- বেলায়েত হোসেন সঞ্চয়, আপ্যায়ন সম্পাদক- কামাল আহম্মেদ আজাদ, ক্রীড়া সম্পাদক- শেখ সিরাজ, সাহিত্য সম্পাদক- মোশারফ হোসেন, সমাজকল্যাণ সম্পাদক- মোঃ আইয়ুব- আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক - তৌহিদ ইসলাম। কার্যকরী সদস্যঃ নওশাদ হোসেন সিদ্দীক, মুকুল খান, লুৎফুর রহমান, আল-আমিন শিকদার, মোঃ জসিম দেওয়ান, মোঃ অন্তু বেপারী ও মিঠু হামিদ। -প্রেস বিজ্ঞপ্তি।

কাজী অফিস
সিটি কর্তৃক রেজিষ্ট্রিকৃত
কাজী ইমাম মাওলানা
আব্দুল মুকিত
পেশ ইমাম, দারুস সালাম মসজিদ, জ্যামাইকা
148-16 87 Road
Jamaica, NY-11435
বিবাহ পড়ানো, মেরিজ সার্টিফিকেট ও কাবিন নামা প্রদান করা হয়।
পরামর্শ ও এপয়েন্টমেন্টের জন্য যোগাযোগ করুনঃ
917-428-1519

FREE CONSULTATION!!!
I am a tax specialist directly licensed by the IRS



ENROLLED AGENT
Authorized IRS e-file Provider
IRS
To Represent Before the Internal Revenue Service
MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY
TAX - ACCOUNTING - NOTARY PUBLIC
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স-একাউন্টিং-নোটারী
Tax Preparation, Tax Planning
& Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.



Moon
Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com



হাউজ কিপিং জব করতে চাই
হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে। যোগাযোগ: গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট)।
ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯
৩৪৭-৮৪৯-৭৫২৩

ভ্রমণ
নায়াগ্রা ফলস, অরল্যান্ডো ডিজনি, মায়ামি, কী ওয়েস্ট, গ্রান্ড ক্যানিয়ন, লাস ভেগাস সহ আমেরিকার যে কোন স্টেটে ভ্রমণের জন্য যোগাযোগ করুন:
বাংলা ট্যুর
৩৪৭ ২৮০ ৭২৬৯

* সম্পূর্ণ হালাল খাবার
* ক্যাটারিং
* লাঞ্চ ডিনার



Joy
পিকনিকসহ বিভিন্ন উৎসব আয়োজনে জয় রেস্টুরেন্টের বিশেষ ঘোষণা
জয় ক্যাটারিং মেন্যু

প্যাকেজ -১
গ্রেইন পোলাও
চিকেন রোস্ট
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 7.00

প্যাকেজ-২
গ্রেইন পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 8.00

প্যাকেজ-৩
গ্রেইন পোলাও
চিকেন রোস্ট
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$10.00

প্যাকেজ-৪
মটর পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$11.00

148 E 46th Streets, (Between Lexington & 3rd Avenue), New York, NY 10017
Tel: 212-490- 1277, (212) 490-1278, Fax: (212) 490-1977
32 West 39 Street (Between 5th and 6th Avenue),New York, NY- 10018.
Tel: 646-559-7527

থেরাপিস্ট আবশ্যক

চিকিৎসক কর্তৃক প্রেসক্রাইবকৃত একজন রোগীর জন্য থেরাপিস্ট আবশ্যক ।

যোগাযোগঃ ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৩৭১-৮৮৯৮

NOTICE

Ibne Studios, LLC, filed Articles of Organization with the NY Secretary of State ("NYSOS"), on 12/06/2022. Office location: Queens County. NYSOS is designated as agent of the LLC upon whom process against it may be served. NYSOS shall mail copy of process to: 187-11 Wexford Terrace, 1st Floor, Jamaica, NY. Purpose: Any lawful purpose.
Please confirm receipt of this email and if you have any questions or concerns.
Contact: Sanan Ibne. **Cell: 347-849-0006**

ড্রাইভিং শিখতে চান?

সহজ পদ্ধতিতে এবং ফেক্সিবল সময়ের মধ্যে ড্রাইভিং শিখার জন্য যোগাযোগ করুন ।

যোগাযোগঃ উদ্দিন

929-519-5139



আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

Dr. Tahera Nasreen, MD

Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center

Dr. Ataul Osmani, MD

Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন, হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট,
TLC/Motor Vehicle Exam,
মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get **25%** Discount
sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : **347-657-0530, 917-561-1090**

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : **718-507-2113, 917-561-1090**

Congratulations to all our Students who made into Specialized High School

Quality Education is Our Priority!



Mohammed M. Alam
M.Com (Management). LL.B

জ্যামাইকা হিলসাইড ট্যাক্স অফিস

167-11 Hillside Ave. 2nd Floor Jamaica, NY 11432
Tel: 718-480-3313, Cell: 917-600-4937
Email: mahbubtax@yahoo.com

AUTHORIZED IRS e-file PROVIDER

ট্যাক্স • ইমিগ্রেশন ফরম পুরন • নোটারী

আমাদের সেবা সমূহ

- ফেডারেল এবং সকল স্টেট ট্যাক্স
- বিজনেস ট্যাক্স, করপোরেশন ট্যাক্স
- সেল্‌স ট্যাক্স, পে-রোল ট্যাক্স
- ওপেন নিউ বিজনেস
- ওপেন সেল্‌স ট্যাক্স আইডি
- ফ্যামিলী পিটিশন
- স্পন্সরশীপ ফরম পুরন
- সিটিজেনশীপ ও পার্সপোর্ট
- ডুয়েল সিটিজেনশীপ প্রোসেস
- পাওয়ার অব এ্যাটর্নী ড্রাফট

সকল ষ্টেটের ট্যাক্স এবং ফরম পূরনে সহায়তা করা হয় ।

বাসা ভাড়া

বাসা ভাড়া

জ্যামাইকা হিলসাইড এভিনিউ এবং ১৮৩ স্ট্রীট সাবওয়ের সন্নিকটে ৪ বেডরুমের বাসা ভাড়া হবে। নতুন রিনোভেটেড।

যোগাযোগঃ
৭১৮-৬০৭-৯৫৫১
৩৪৭-৮৭০-০৭৪০।

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকা ১৮৩ স্ট্রীট, হিলসাইড এবং জ্যামাইকা এভিনিউ-এর মধ্যে সাবওয়ের সন্নিকটে ২ বেডরুমের বেসমেন্ট বাসা ভাড়া হবে। নতুন রিনোভেটেড।

যোগাযোগঃ
৭১৮-৬০৭-৯৫৫১
৩৪৭-৮৭০-০৭৪০।

বাসা ভাড়া

জ্যামাইকার ৯৪-৩০ ১৯৯ স্ট্রীট হলিসে দুই ও এক বেডরুম এবং ৯০-৩৭ ১৯৮ স্ট্রীট হলিসে এক বেডরুমের বাসা ভাড়া হবে। যোগাযোগ: ৭১৮-২৮৮-৬৩৮২ মে-০৮

বাসা ভাড়া

ব্রঙ্কসের ক্যাসিল হিলের গ্লিভ এভিনিউতে ৪ বেডরুমের বাসা ভাড়া হবে। যোগাযোগ: আহমেদ।
ফোন: ৯১৭-৪৪৪-৯৭০৭
অথবা ৩৪৭-২০৮-৪৭৪১

বেইসমেন্ট ভাড়া

জেএফকে বিমান বন্দর থেকে ১০ মিনিটের দুরত্বে। ছোট পরিবার নিয়ে বসবাসবাসের জন্য (New renovation) বেসমেন্ট ভাড়া দেওয়া হইবে। নিউইয়র্কের কুইন্সের রোজডেলে ১বেডরুম ১ ফুল বাথরুম, ১ লিভিং রুম সাথে কিচেন ভাড়া দেওয়া হইবে ঠিকানা: 242-03 133rd ave, Rosedale, New York 11422 যোগাযোগ করুন : **203-993-7788 Humayunchy@hotmail.com**

বাসা ভাড়া

বাঙালি অধ্যুষিত পার্কচেস্টার সাবওয়ের সন্নিকটে একটি মনোরম বাসা ভাড়া হবে। তিন বেডরুম, ১ বাথরুম (১ম তলা)। ঠিকানাঃ ১৪৫৯ লোল্যান্ড এভিনিউ।
ফোনঃ ৬৪৬-৬৮৪-০৯০৯।

রুম ভাড়া

সুন্দর ভদ্র পরিবেশে কর্মজীবী পুরুষদের জন্য বেড বিছানাসহ এক রুম, কিচেনের সাথে ডাইনিং রুমের চেয়ার টেবিল ও ইন্টারনেটের সুবিধায় ভাড়া হবে। সি ট্রেনে শেফার্ড এভিনিউর পাশে ৪৩০ এসেক্স স্ট্রীট, ব্রুকলীন।

যোগাযোগঃ
৬৩১-২৩০-০২৩০
৭১৮-৩৪৮-৮৪২২।

বাসা ভাড়া

উডহ্যাভেন এলাকায় ৩ বেড, ১ লিভিং, কিচেন এবং বাথরুম (১ম তলা) ভাড়া হবে। জে ট্রেন এবং কিউ-৫৬, কিউ-২৪, কিউ-৫৩, কিউ-৫২, কিউ-১১ এবং বি-১ বাসের সন্নিকটে। ভাড়া ২৪০০ ডলার। সববিল একত্রে।
যোগাযোগঃ
জিনাত ৬৪৬ ২৮৯ ০৫৩৯.

বাসা ভাড়া

ইস্ট এলমহার্স্টের ৯৩ স্ট্রীট ও ২৩ এভিনিউতে এক বেডরুমের বড় বাসা ১ জুলাই থেকে ভাড়া দেয়া হবে। যোগাযোগ: ৭১৮-২০০-৯৫৯৬ অথবা ৬৪৬-৯৮১-৭৮৬৭
জু-১৯

স্টুডিও এপার্টমেন্ট ভাড়া

সানিসাইড এর ৪৮ স্ট্রীট ও স্কিলম্যান এভিনিউতে সেমি বেইজমেন্ট স্টুডিও এপার্টমেন্ট ভাড়া দেয়া হবে। ৭ ট্রেন সাবওয়ে কাছেই। যোগাযোগ: ৭১৮-২০০-৯৫৯৬ অথবা ৬৪৬-৯৮১-৭৮৬৭
জু-১৯

মেডিকেয়ার ইন্স্যুরেন্স

মেডিকেয়ার ইন্স্যুরেন্স এর যাবতীয় তথ্যের জন্য যোগাযোগ করুন: **মোহাম্মদ তুহিন**
৭১৮-৩১০-০৪১৩

TDS INSURANCE এর প্রতিবাদ

কতিপয় ব্রোকারেজ প্রতিষ্ঠানের অপপ্রচারের পরিপ্রেক্ষিতে TDS INSURANCE BROKERAGE CORP. -এর পক্ষ থেকে আমরা সোচ্চার প্রতিবাদ জানাচ্ছি। আমাদের কোন শাখা অফিস, সাব এজেন্ট নিউইয়র্কের কোথাও নেই। আমাদের কার্যক্রম আমরা আমরা শুধুমাত্র ব্রুকলীন অফিস থেকেই পরিচালনা করছি। ধন্যবাদ-
TDS INSURANCE BROKERAGE CORP. f-06/14

পাত্রী চাই


ইউএস সিটিজেন, বয়স ৫৫, উচ্চতা ৫ফুট ৬ইঞ্চি। শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ার, সরকারি চাকুরীজীবী, সুপ্রতিষ্ঠিত মুসলিম ধার্মিক পাত্রের জন্য বিধবা, ডিভোর্স (বৈধ কাগজপত্র না থাকলেও চলবে) পাত্রী চাই।
যোগাযোগ: ৬৪৬-৭০৭-৯৬১৪ সে-০৫/০৬

পূর্বাচলে রাজউকের নির্ভেজাল ৫ কাঠার প্লট বিক্রয়

ঢাকার মাস্টার প্ল্যান শহর পূর্বাচলের আকর্ষণীয় লোকেশনে সরাসরি রাজউকের বরাদ্দতো ৫ কাটার নির্ভেজার একটি প্লট বিক্রয় হবে। আমেরিকান সিটিজেন ইঞ্জিনিয়ার নিজের কেনা প্লটটি সরাসরি নিজে বিক্রি করবেন।
যোগাযোগের ফোন: ১-৪০৮-৫৬৪-৩৯১০
Email: gomaruf@gmail.com

One Bedroom CONDOMINIUM FOR SALE

1510 Union Port Road,Bronx ,NY-10462.Asking Price $199,000.00
Common Charge $ 804.69 . Living area Sqft 613.more Info please contact



টাঙ্গাইল শহরের প্রান কেন্দ্রে বাড়ি বিক্রয়

টাঙ্গাইল শহরের বিশ্বাস বেতকা এলাকায় সৃষ্টি কোটিং সংলগ্ন ১০ শতাংশ জমির উপর ৫তলা ফাউন্ডেশনের (৩৩টা পিলারের) বাড়ি, নীচতলায় ৩ বেড, ৩ বাথ, ২টা ইউনিট এবং দোতলায় দুই বেড এবং একটি বাথরুমের ৪টা ইউনিট। প্রতিমাসে আয় সর্বমোট ৪৫ হাজার টাকা। জমির মালিক নিউইয়র্ক প্রবাসী বিধায় দলিল হস্তান্তর এবং বাড়ির মূল্য নির্ধারন/পরিশোধ ডলারে করতে হবে।

কেবল মাত্র কিনতে আগ্রহীরা যোগাযোগ করুন-
দুরালাপনী ঃ ৯১৭-৩০০-৫০০৪

লং আইল্যান্ডে ড্রাইভাভিং স্কুলে ইনস্ট্রাকটর আবশ্যক

লং আইল্যান্ড সাফক কাউন্টি তে ফুলটাইম/ পার্টটাইম ড্রাইভিং স্কুলের জন্য অভিজ্ঞতাসম্পন্ন ইনস্ট্রাকটর আবশ্যক। বেতন ২০ ডলার-২৫ ডলার /প্রতি লেসন্
যোগাযোগঃ **৬৩১-২৭৫-৪০০৭**

বিনামূল্যে হেলথ ইন্স্যুরেন্স চান

আপনি কি বিনামূল্যে নিউইয়র্ক ষ্টেট অনুমোদিত হেলথ ইন্স্যুরেন্স পেতে চান? তাহলে আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে হেলথফাস্ট, ফিডালিস কেয়ার, মেট্রোপ্লাস, ইউনাইটেড হেলথ কেয়ার সহ অন্যান্য ইন্স্যুরেন্স প্লান পেতে সহায়তা করব!
শেখ সিরাজ, বাংলাদেশ সেন্টার
Bangladesh Center Inc
ফোন: ৯১৭-৫৪৭-৬৮৩২



আবশ্যক

অ্যাপোলো ইমিগ্র্যান্ট ম্যানেজমেন্ট (এলমহার্স্ট, এনওয়াই ১১৩৭৩)-এর জন্য এলজন ফুল টাইম ইঞ্জিনিয়ার আবশ্যক। বেতন ঘন্টায় ৪১ ডলার ২ সেন্ট। আগ্রহীকে এমপ্লয়ীদের সুপারভাইজিং সহ মেশিন অপারেট, হার্ডওয়ার এবং নেটওয়াকিং প্রভৃতি দায়িত্ব পালন ছাড়াও ব্যবসায়িক স্বার্থ সংশ্লিষ্ট বিষয় দেখাশোনা ও পর্যবেক্ষণ করতে হবে। যোগ্যতা ব্যাচেলর ডিগ্রিসহ ইংরেজী, বাংলা ও হিন্দি ভাষায় অনর্গল কথা বলা জানতে হবে।
যোগাযোগঃ ৭১৮-৪২৬-৬৬০০

বিক্রি করা হবে

একটা পিজা স্টোরের সব মালপত্র বিক্রি করা হবে। 2 Oven, 5 refrigerator & freezer, One Greel, One fryer, Two A/C (wall mount), One pizza dough mixer messing, One pizza display counter, rack, camera system, me. যোগাযোগ: ৬৪৬-৬১০-৯০৯২ অথবা ৩৪৭-২১৩-৩৩১৩. মে-২২/২৯

মুসলিম কাজী অফিস

Imam & Khatib
Bangla Bazar Jame Masjid
1351 Odell St, Bronx, NY 10462
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো হয় এবং নিউইর্ক সিটি ল অনুযায়ী ম্যারিজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।



Quazi Moulana Abul Kashem Eahea
Ba (Hons), MA (Bangla)- Kamil-Hadith, Tafsir, Fiqh
Marriage Registrar New York State
(Muslim Nikah & Marriage Solemnization NYC)
Tel: 347-208-9055
Email:abuleahea@gmail.com

পাত্র চাই

بسم الله الرحمن الرحيم

New York- এ পিতা-মাতার সঙ্গে বসবাস করেন। (U.S.A. Citizen) পাত্রী Bachelor in Biomedical Engineer, From City College, CUNY, and Master in Biomedical Engineer, From Penn Univercity, Philadelphia বর্তমানে পেশাগত কাজে কর্মরত। পাত্রীর জন্য ৩২+ বয়সের যোগ্য পাত্র যোগাযোগ করুন।
Mobile Tel. No 646-591-4696
Res: 718-931-2509
e-mail: moondhs@gmail.com

MATRIMONIAL SERVICE

কাজী অফিস (NYC Registered)

GET MARRIED ISLAMIC WAY BY
KAZI MOWLANA MD. ABUL KHAIR
IMAM & KHATUB
MASJID AL-ABRAR CULTURAL CENTER USA INC.
70-50, Broadway (Basement), Jackson Heights, NY 11372.
Phone: 646-732-7125, 929-277-7444









বদরুল খান-রুকন হাকিমকে বহিষ্কার

(শেষের পাতার পর)

জালালাবাদবাসীরা হাত তুলে এই সিদ্ধান্তকে সমর্থন জানান। সভায় বক্তারা ক্রয়কৃত 'জালালাবাদ ভবন' রক্ষার পাশাপাশি উদ্ভূত সমস্যা আলোচনার মাধ্যমে সমাধানের প্রস্তাব করেন। উল্লেখ্য, গত ১১ জুন রোববার সভাপতি বদরুল হোসেন খানের সভাপতিত্বে অনুষ্ঠিত এসোসিয়েশনের সাধারণ সভায় ইতিপূর্বে ইসি কমিটিতে বহিষ্কার করা সাধারণ সম্পাদক মইনুল ইসলামকে চুড়ান্তভাবে বহিষ্কার করার সিদ্ধান্তের প্রেক্ষিতে শাহীন-মইনুলের নেতৃত্বে জরুরী সাধারণ সভা আহ্বান করা হয়।

নিউইয়র্ক সিটির উডসাইডের কুইন্স প্যালেসে রোববার (১৮ জুন) সন্ধ্যায় আয়োজিত উল্লেখিত সভায় সভাপতিত্ব করেন জালালাবাদ এসোসিয়েশনের সহ সভাপতি শাহীন কামালী এবং সভা পরিচালনা করেন সাধারণ সম্পাদক মইনুল ইসলাম। সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন মওলানা ছয়ফুল আলম সিদ্দিকী। এরপর এসোসিয়েনের যারা ইন্তেকাল করেছেন তাদের স্মরণে এক মিনিট নিরবতা পালন করা হয়। সভামঞ্চে উপবিষ্ট ছিলেন এসোসিয়েশনের সাবেক ট্রাষ্টি আব্দুল হাসিব, সাবেক সভাপতি সৈয়দ শওকত আলী, এম এ কাইয়ুম ও ওয়াহিদুর রহমান মুক্তা, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট আজিজুর রহমান সাবু ও এমাদ চৌধুরী, এসোসিয়েশনের সাবেক সাধারণ সম্পাদক মিজানুর রহমান চৌধুরী শেফাজ, সাবেক সহ সাধারণ সম্পাদক হেলিম উদ্দিন আহমদ, ডা. জুম্মন চৌধুরী ও কাতার জালালাবাদ সভাপতি সৈয়দ নজরুল ইসলাম।

সভার প্রথমেই জরুরী সাধারণ সভা আহ্বানের প্রেক্ষাপট তুলে ধরে বক্তব্য রাখেন সভার সভাপতি শহীন কামালী। এরপর সাধারণ সম্পাদকের রিপোর্ট পেশ করেন মইনুল ইসলাম। তিনি তার রিপোর্টে বিস্তারিত তুলে ধরেন। পরবর্তীতে স্বাগত বক্তব্য রাখেন সাবেক ছাত্রনেতা শাহাবুদ্দীন। এছাড়াও বক্তব্য রাখেন দেওয়ান শাহেদ চৌধুরী, পংকি মিয়া, রিয়াজ উদ্দিন কামরান, ইনিঞ্জনিয়ার সৈয়দ ফজলুর রহমান, সৈয়দ জুবায়ের আলী, শাহীন আজমল, মামুন আহমেদ, আতাউল গণি আসাদ, এবাদ চৌধুরী, দরুদ মিয়া রনেল, হুমায়ুন চৌধুরী, মোহাম্মদ মহসিন সেলিম, এম আলাউদ্দিন, মোশাহেদ চৌধুরী, এম করীম চৌধুরী, মিজানুর রহমান প্রমুখ।

সভায় বক্তারা ১১ জুনের সাধারণ সভা ও সভাপতি বদরুল হোসেন খানের কর্মকান্ডের সমালোচনা করে বলেন, ঐ সভায় সিকিউরিটি দিয়ে যেভাবে জালালাবাদবাসীকে নাজেহাল করা হয়েছে তার অত্যন্ত দু:খজনক, নিন্দনীয় এবং সভাপতি বদরুল হোসেন খান সাংগঠনিক নিয়ম-কানুন ও গঠনতন্ত্র লংঘন করেছেন। বক্তারা বলেন, 'জালালাবাদ ভবন' সময়ের একমাত্র দাবী। এজন্য সাধারণ সম্পাদক মইনুল ইসলাম যে উদ্যোগ নিয়েছেন তা ধন্যবাদ পাওয়ার যোগ্য। বক্তারা ক্রয়কৃত ভবন রক্ষার ব্যাপারে একমত পোষন করেন এবং আলোচনার মাধ্যমে উদ্ভূত সমস্যার সমাধানের আহ্বান জানান।

সভার শেষ পর্যায়ে শাহীন কামালী নির্বাচিত সাধারণ সম্পাদককে বহিষ্কার করা, বিভিন্ন অনিয়ম ও গঠনতন্ত্র লংঘনের অভিযোগ সহ ৮দফা অভিযোগে সভাপতি বদরুল হোসেন খান ও সহ সাধারণ সম্পাদক (ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক) রুকন হাকিম-কে সংগঠন থেকে বহিষ্কারের প্রস্তাব করলে সভায় উপস্থিত সকলে হাত তুলে তা সমর্থন করেন। এই সিদ্ধান্ত ২৫ জুন থেকে কার্যকর হবে। এরপর মইনুল ইসলামের প্রস্তাবে শাহীন কামালীকে ভারপ্রাপ্ত সভাপতির দায়িত্ব প্রদানের প্রস্তাব করলে এই সিদ্ধান্তও উপস্থিত সকলে হাত তুলে তা সমর্থন করেন।

সভায় বিপুল সংখ্যক প্রবাসী জালালাবাদবাসী উপস্থিত ছিলেন।

ছয় কংগ্রেসম্যানের চিঠির প্রতিবাদে ১৯২ প্রবাসীর বিবৃতি

(শেষের পাতার পর)

আবেদন করেছেন দেশটিতে বসবাসরত ১৯২ জন বাংলাদেশী আমেরিকান নাগরিক। তাদের দাবী ছয় ইউএস কংগ্রেসম্যানের চিঠিতে জামায়াত-বিএনপি জোট সরকারের সময়কালীন সংখ্যালঘু নির্যাতন, জঙ্গিবাদ ও অপরাধমূলক কোন তথ্য না থাকায় তা পক্ষপাতদুস্ট ও গ্রহনযোগ্য নয়। তাই ঐ আবেদন প্রত্যাহার চেয়ে ওই ছয় কংগ্রেসম্যানের কাছেও চিঠি দেন বিশিষ্ট নাগরিকরা। গত ১৫ জুন প্রেরীত এক প্রেস বিজ্ঞপ্তিতে এই তথ্য জানিয়েছেন কমিউনিটি অ্যাক্টিভিষ্ট স্বীকৃতি বড়ুয়া।

প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়: শেখ হাসিনা ক্ষমতায় আসার পর বাংলাদেশে হিন্দু জনগোষ্ঠির সংখ্যা অর্ধেক হয়ে গেছে- এমন বক্তব্য অসত্য, ভিত্তিহীন এবং প্রকৃত সত্য আড়াল করার চেষ্টা বলে আমেরিকান প্রেসিডেন্টের দৃষ্টি আকর্ষণ করে এক বিবৃতি দিয়েছেন যুক্তরাষ্ট্র প্রবাসী ১৯২ বাংলাদেশী। এমনকি শেখ হাসিনা সরকারের মেয়াদে বাংলাদেশে খ্রিস্টান ধর্মাবলম্বীর সংখ্যা কমে যাওয়ার দাবিকেও অসত্য বরে দাবি করেন প্রবাসী বাংলাদেশিরা।

গেলো ১৭মে ২০২৩ ছয় কংগ্রেসম্যান প্রেসিডেন্টে জো বাইডেনের কাছে লেখা চিঠিতে এসব দাবি করেন। প্রবাসী বাংলাদেশী-আমেরিকানরা কনগ্রেসম্যানদের প্রতি আহ্বান জানান- তাদের অসত্য বক্তব্য প্রত্যাহের জন্য। এই ধরণের অসত্য বক্তব্য প্রত্যাহার না করা হলে কনগ্রেসম্যানদেও গ্রহণযোগ্যতা নিয়ে প্রশ্ন ওঠার সুযোগ আছে বলেও মনে করেন তারা। এছাড়া তারা মনে করেন বাংলাদেশের ধর্মীয় সংখ্যালঘুদের হেয় করার চেষ্টা। এই চিঠিতে বাংলাদেশের সংখ্যালঘুর সংখ্যা কমে আসার তথ্যকে সম্পূর্ন মিথ্যা, অতিরঞ্জন ও একপেষে উল্লেখ করে তা প্রত্যাহারের জন্য প্রেসিডেন্ট জো বাইডেনের কাছে লিখত দাবী জানিয়েছেন দেশটির বাংলাদেশী আমেরিকান নাগরিকরা। তারা বলছেন লবিস্ট দ্বারা প্রভাবিত হয়ে ইতিহাস বিকৃত করে পরিসংখ্যান বিহীন, বিভ্রান্তিকর তথ্য দিয়েছেন ঐ কংগ্রেসম্যানরা।

যুক্তরাষ্ট্রে বসবাসরত ১৯২ বাংলাদেশী তাদের দেয়া বিবৃতিতে বলেন- ২০০১ সালের অক্টোবরে জাতীয় নির্বাচনে জিতার পর বিএনপি-জামায়াতের লোকজন বাংলাদেশী সংখ্যারঘুদের ওপর যে নির্যাতন চালায়, দেশান্তরে বাধ্য করে সেই তথ্য গোপন করেছেন কংগ্রেসম্যানরা। বাংলাদেশের হিন্দু বৌদ্ধ এবং ক্রিস্টান ধর্মীয় নেতারাও কংগ্রেসম্যানদের বক্তব্য প্রত্যাখ্যান করেছে জানিয়ে বিবৃতিদাতারা বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের সভাপতি অ্যাডভোকেট রানা দাশগুপ্তকে উদ্ধৃত করে বলছেন- একটি সুবিধাবিদী গোষ্ঠি ২০২৪ সালের নির্বাচন জেতার জন্য আমেরিকান আইন প্রণেতাদের ভুল বুঝিয়েছে। খ্রিস্টান ধর্মগুরু প্যাট্রিক ডি রোজারিও কংগ্রেসম্যানদের বক্তব্যের সঙ্গে একমত নন বলে বিবৃতিতে উল্লেখ করা হয়।

প্রেসিডেন্ট জো বাইডেনের দৃষ্টি আকর্ষণ করে পাঠানো বিবৃতিতে তারা বাংলাদেশের জন শুমারির তথ্য অনুযায়ী সংখ্যালঘু ধর্মাবলম্বীদের তালিকা তুলে ধরেন। সে অনুযায়ী ২০২১-২২ জন শুমারি অনুযায়ী হিন্দু জনগোষ্ঠি ৬ দশমিক ৭ শতাংশ বেড়েছে, যেটা ১৯৯১ সালের পর এখন পর্যন্ত সবোর্চ্চ। এছাড়া ১৯৬১ সালের পর থেকে সব জনশুমারিতেই হিন্দু জনগোষ্ঠির সংখ্যা বৃদ্ধি পাওয়ার কথা বলা হয় বিবৃতিতে। ফলে শেখ হাসিনা সরকারের সময় হিন্দু জনগোষ্ঠির সংখ্যা কমে যাওয়া মোটেই ঠিক নয় বলে দাবি করেন যুক্তরাষ্ট্রে থাকা বাংলাদেশীরা। তবে তারা বলেন, ভারত ভাগের পর থেকেই হিন্দু জনগোষ্ঠির সংখ্যা কিছুটা কমেছে। এটির কারণ অনুসন্ধান করে যথাযথ ব্যবস্থার উদ্যোগ না নিয়ে এ ধরণের ঢালাও মন্তব্য সংখ্যালঘু মানুষের দুর্দশা বাড়াবে বলে মনে করেন তারা।





২০০১ সালের অক্টোবরের নির্বাচনে বিএনপি-জামায়াত জোট ক্ষমতায় আসার পর ধর্মীয় সংখ্যালঘুদের ওপর অবর্ননীয় নির্যাতন হয়। তাদের বাড়িঘরে আগুন দেয়া, বাস্তুচ্যুত করার মতো ঘটনা ঘটে। ২০১৩ সালে হেফাজতে ইসলামের কর্মীরা গণমাধ্যমকর্মীকে নির্যাতন করে। ২০১৬ সালের তাদের মদদে হলিআর্টিসান রেস্তোঁরায় হামলার ঘটনা ঘটে। হেফাতজসহ অন্য প্রতিক্রিয়াশীল গোষ্ঠি হিন্দুদের ওপর নানা নির্যাতন করার চেষ্টা করে।

বিবৃতিদাতারা বলেন, এসব থেকে ধর্মীয় সংখ্যালঘুদের রক্ষার জন্য বাংলাদেশের মানুষ কাজ করে আসছে। কাজেই কংগ্রেসম্যানরা যেন তাদের একপেশে এবং পক্ষপাতমূলক অসত্য বিবৃতি প্রত্যাহার করেন সে ব্যাপারে অনুরোধ করেন তারা। বাংলাদেশের ধর্মীয় সংখ্যালঘুদের নিরাপত্তার জন্যই এই বক্তব্য প্রত্যাহার করা একান্ত প্রয়োজন বলে মনে করেন তারা।

নিম্নে উল্লেখিত বিশিষ্ট আমেরিকান নাগরিকবৃন্দ ইউএস কংগ্রেসম্যানদের দেওয়া চিঠি প্রত্যাহারের দাবি জানিয়েছেনঃ

ড. নুরন নবী (কাউন্সিলম্যান, নিউজার্সী), এবিএম নাসির (অধ্যাপক, নর্থ ক্যারোলিনা), আবু আহমেদ মুসা (কাউন্সিলম্যান, মিশিগান), রানা হাসান মাহমুদ (প্রকৌশলী, ক্যালিফোর্নিয়া), ডা. জিয়াউদ্দিন আহমেদ (অধ্যাপক, পেনসিলভেনিয়া), স্বীকৃতি বড়ুয়া (আইটি প্রকৌশলী, নিউইয়র্ক), আবুল খান (স্টেট রেপ্রেজেন্টেটিভ, নিউ হেম্পসায়ার), মাহবুবুল তয়ুব আলম (মেয়র, মিলবোর্ন, পেনসিলভেনিয়া), মোঃ নুরুল হাসান (কাউন্সিলম্যান, মিলবোর্ন, পেনসিলভেনিয়া), ড. সুফিয়ান এ খন্দকার (বিজ্ঞানী), ড. আশরাফ আহমেদ (বিজ্ঞানী ও লেখক), ড. জোতি প্রকাশ দত্ত (লেখক, ফ্লোরিডা), প্রফেসর আবু নাসের রাজিব (ক্যালিফোর্নিয়া), মোরশেদ আলম (অ্যাক্টিভিস্ট, নিউইয়র্ক), আহাদ আহমেদ (প্রকৌশলী, মিশিগান), ড. বামন দাস বসু (বিজ্ঞানী, মাসাচুসেটস), সাফেদা বসু (অ্যাক্টিভিস্ট, মাসাচুসেটস), ড. খন্দকার মনসুর (কমিউনিটি লিডার, নিউইয়র্ক), ড. মহসিন পাটোয়ারী (অধ্যাপক, নিউইয়র্ক), জামাল উদ্দিন হোসেন (সাংস্কৃতিক ব্যক্তিত্ব, আলাবামা), ড. মহসিন আলী (লেখক, নিউইয়র্ক), দস্তগীর জাহাঙ্গীর (সাংবাদিক, ভার্জিনিয়া), ফাহিম রেজা নূর (অ্যাক্টিভিস্ট, নিউইয়র্ক), ড. জিনাত নবী (বিজ্ঞানী, নিউজার্সী), হাসান ফেরদৌস (লেখক, নিউইয়র্ক), মেজর (অবঃ) মঞ্জুর আহমেদ (কমিউনিটি লিডার, নিউইয়র্ক), ড. প্রদীপ কর (বিজ্ঞানী, নিউইয়র্ক), ডা. প্রতাপ দাস (চিকিৎসক, নিউইয়র্ক), কৌশিক আহমেদ (সম্পাদক, নিউইয়র্ক), লাভলু আনসার (সাংবাদিক, নিউইয়র্ক), রাফায়েত চৌধুরী (অ্যাক্টিভিস্ট, নিউইয়র্ক), আবু তাহের (অ্যাক্টিভিস্ট, পেনসিলভেনিয়া), সউদ চৌধুরী (অ্যাক্টিভিস্ট, নিউইয়র্ক), ড. মিজান আর মিয়া (অধ্যাপক, ইলিনয়), ড. জামিল তালুকদার (অধ্যাপক, উইসকনসিন), ড. শাহাদাত হোসেন (অধ্যাপক, নিউইয়র্ক), ড. হাসান মাহমুদ (অধ্যাপক, নিউজার্সী), ড. খন্দকার মনসুর (বিজ্ঞানী, মেরিল্যান্ড), ড. সৈয়দ আবু হাসনাত (শিক্ষক, মাসাচুসেটস), মাহবুবুর রহমান ভূঁইয়ান (ব্যবসায়ী, জর্জিয়া), তাজুল ইমাম (শিল্পী, নিউইয়র্ক), আব্দুর রহিম বাদশা (ব্যবসায়ী, নিউইয়র্ক), ড. মিজানুর রহমান (বিজ্ঞানী), আব্দুল কাদের মিয়া (কমিউনিটি লিডার, নিউইয়র্ক), জাকারিয়া চৌধুরী (কমিউনিটি লিডার, নিউইqর্ক, বেদারুল ইসলাম বাবলা (কমিউনিটি লিডার, নিউইয়র্ক), মিন্টু রহমান (কমিউনিটি লিডার, জর্জিয়া), নাদিরা রহমান (কমিউনিটি লিডার, জর্জিয়া), আরেফিন বাবুল (কমিউনিটি লিডার, জর্জিয়া), ড. শাহাব সিদ্দিক (বিজ্ঞানী, জর্জিয়া), মোহাম্মদ আলী বাবুল (এডভোকেট, নিউইয়র্ক), মোহাম্মদ মাওলা (কমিউনিটি লিডার, জর্জিয়া), ঝর্ণা চৌধুরী (থিয়েটার শিল্পী, নিউইয়র্ক), লুতফুন নাহার লতা (অভিনয় শিল্পী, নিউইয়র্ক), ডা. ফারুক আজম, (চিকিৎসক, নিউজার্সী), মিয়ান হেলাল (ব্যবসায়ী, নিউজার্সী), শামসুন নাহার হেলেন (প্রযুক্তিবিদ, নিউজার্সী), ইকবাল ইউসুফ (কমিউনিটি লিডার, মাসাচুসেটস), আতিকুর রহমান (কমিউনিটি লিডার), রুমি কবির (লেখক, জর্জিয়া), আলী আহমদ ফারিস (ব্যবসায়ী, মিশিগান), রাশেদ আহমেদ (কমিউনিটি লিডার, নিউইয়র্ক), শীতাংশু গুহ (সাংবাদিক, নিউইয়র্ক), ড. দিলীপ নাথ (শিক্ষক, নিউইয়র্ক), এমএ সালাম (কমিউনিটি লিডার, নিউজার্সী), ফকির ইলিয়াস (কবি, নিউইয়র্ক), মিশুক সেলিম (কবি, নিউইয়র্ক), খালেদ শরীফউদ্দিন (কবি, নিউইয়র্ক), আবু সাঈদ রতন (কবি, নিউইয়র্ক), হাসান আল আবদুল্লাহ (কবি, নিউইয়র্ক), মিথুন আহমেদ (সাংস্কৃতিক ব্যক্তিত্ব, নিউইয়র্ক), মিনহাজ আহমেদ (সাংস্কৃতিক ব্যক্তিত্ব, নিউইয়র্ক), শাখাওয়াত আলী (কমিউনিটি লিডার, নিউইয়র্ক), ড. আব্দুল বাতেন (বিজ্ঞানী, নিউইয়র্ক), ড. হাসান মাসুদ (শিক্ষক, নিউইয়র্ক), শহীদ হাসান (কণ্ঠশিল্পী, নিউইয়র্ক), রথীন্দ্র নাথ রায় (কণ্ঠশিল্পী, নিউইয়র্ক), ইসতিয়াক রূপু (কবি, নিউইয়র্ক), গোপাল স্যান্নাল (কমিউনিটি লিডার, নিউইয়র্ক), ড. মাহবুবুর রহমান টুকু (ব্যবসায়ী, নিউইয়র্ক, ড. নাহিদ বানু (বিজ্ঞানী, নিউজার্সী), মাহবুব রেজা রহিম (কমিউনিটি লিডার, আরিজোনা), ড. মনোয়ার হোসেন (বিজ্ঞানী, নিউজার্সী), গোলাম ফারুক ভূঁইয়ান (ব্যবসায়ী, নিউজার্সী, রেহান রেজা (কমিউনিটি লিডার, ক্যানসাস), ড. হাসান মামুন, (শিক্ষক, নিউজার্সী), জাহেদুল মাহমুদ জামি (কমিউনিটি লিডার, ক্যালিফোর্নিqা), তৌফিক সোলাইমান খান (কমিউনিটি লিডার, ক্যালিফোর্নিয়া), নজরুল আলম (কমিউনিটি লিডার, ক্যালিফোর্নিয়া, সাইফুর রহমান ওসমানি (সাংবাদিক, ক্যালিফোর্নিয়া), ড. গোলাম মোস্তফা (অধ্যাপক, পেনসিলভেনিয়া), রবিউল করিম বেলাল (ব্যবসায়ী, পেনসিলভেনিয়া), ড. আহসান চৌধুরী (প্রকৌশলী, টেক্সাস), হাশমত মোবিন (কমিউনিটি লিডার, টেক্সাস), শাহ হালিম (কমিউনিটি লিডার, টেক্সাস), ম্যাগি হালিম (কমিউনিটি লিডার, টেক্সাস), ডা. আনিসুল আসলাম (চিকিৎসক, ক্যালিফোর্নিয়া), মোহাম্মদ বিল্লাহ রানা (ব্যবসায়ী, ক্যালিফোর্নিয়া), হাদি বিল্লাহ রোবা (ব্যবসায়ী, নেভাডা), কাজী শাহরিয়ার রহমান (প্রকৌশলী, ক্যালিফোর্নিয়া), করিমুল হক চৌধুরী (ব্যবসায়ী, ক্যালিফোর্নিয়া), বশীর আখার (বিজ্ঞানী, ক্যালিফোর্নিয়া, তপন মন্ডল (অ্যাক্টিভিস্ট, ক্যালিফোর্নিয়া), শাহ আলম (কমিউনিটি লিডার, ক্যালিফোর্নিয়া), মমিনুল হক বাচ্চু (কমিউনিটি লিডার, ক্যালিফোর্নিqা), তাসনিম সালাম আসলাম (প্রকৌশলী, ক্যালিফোর্নিয়া), আবেদ মনসুর (কমিউনিটি লিডার, ক্যালিফোর্নিয়া), হাবিব আহমেদ টিয়া (কমিউনিটি লিডার, ক্যালিফোর্নিয়া), মোফাজ্জল হোসেন (কমিউনিটি লিডার, ক্যালিফোর্নিয়া), মোহাম্মদ হোসেন রানা (কমিউনিটি লিডার, ক্যালিফোর্নিয়া), আবুল হাসনাত রায়হান (কমিউনিটি লিডার, ক্যালিফোর্নিয়া), আসাদুজ্জামান বাচ্চু (ব্যবসায়ী, মিশিগান), দেওয়ান জামির (প্রকৌশলী, ক্যালিফোর্নিয়া), বেলাল বেগ (প্রবন্ধকার, নিউইয়র্ক), নিনি ওয়াহেদ (সাংবাদিক, নিউইয়র্ক), ড. ফরজাহান রহমান শাওন, (অধ্যাপক, নর্থ ক্যারোলিনা), ড. খন্দকার মনসুর (কমিউনিটি লিডার, নিউইয়র্ক), খুরশিদ আনোডার বাবলু (কমিউনিটি লিডার, নিউইয়র্ক), হাসান আল আবদুল্লাহ (লেখক, নিউইডর্ক), সৈয়দ আবু হাসনাত (অধ্যাপক, মাসাচুসেটস), ড. দেলওয়ার হোসেন (অধ্যাপক, আলাবামা), ইকবাল ইউসুফ (ডাইরেক্টর, আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা), আতিকুর রহমান (ব্যবসায়ী, ফ্লোরিডা), হাসান জাহাঙ্গীর (ব্যবসায়ী, ফ্লোরিডা), জুনাইদ আখতার (কমিউনিটি লিডার, ফ্লোরিডা), ড. হেমায়েত উল্লাহ (অধ্যাপক, ড. মাহবুব প্রমাণিক), ড. পুরবী বসু (লেখক, ফ্লোরিডা), ফারহানা ইলিয়াস তুলি (কবি, নিউইয়র্ক), সৈয়দ মামুনুর রশিদ (কবি, নিউইয়র্ক), স্বপ্নিল ফিরোজ (কবি, নিউইয়র্ক), লিটন আহমেদ (অ্যাক্টিভিস্ট, নিউইqর্ক), গোলাম মহিউদ্দিন (সঙ্গীতশিল্পী, জর্জিয়া), নজরুল ইসলাম (কমিউনিটি লিডার, জর্জিয়া), ফারুক আহমেদ (কমিউনিটি লিডার, জর্জিয়া), মহিন (কমিউনিটি লিডার, ফ্লোরিডা), আবুল হাসান (কমিউনিটি লিডার, জর্জিয়া), আহমাদুর পরভেজ (কমিউনিটি লিডার, জর্জিয়া), ড. মোহাম্মদ নাসিম (কমিউনিটি লিডার, জর্জিয়া),

মাহমুদ আব্বাস (কমিউনিটি লিডার, জর্জিয়া), মোহাম্মদ আকবর খান (কমিউনিটি লিডার, জর্জিয়া), রেজা করিম (কমিউনিটি লিডার, জর্জিয়া), আলি হোসেন (কমিউনিটি লিডার, জর্জিয়া), পিন্টু ইউসুফ (কমিউনিটি লিডার, জর্জিয়া), নুরুল কবির নাহিদ (কমিউনিটি লিডার, জর্জিয়া), মোজাম্মেল (কমিউনিটি লিডার, জর্জিয়া), মশিউর রহমান (ব্যবসায়ী, জর্জিয়া), রাসেল ভূইয়ান (ব্যবসায়ী, জর্জিয়া), আরেফিন পিয়াল (শিক্ষক, জর্জিয়া), মাহরুফুর ভূইয়ান (ব্যবসায়ী, জর্জিয়া), বোরহান উদ্দিন (কমিউনিটি লিডার, জর্জিয়া), রাশেদুল করিম (ব্যবসায়ী, জর্জিয়া), বিন্দু হোসেন (শিল্পী, জর্জিয়া), রেজাউল বারী (অ্যাক্টিভিস্ট, নিউইয়র্ক), আবুল বাশার চুন্নু (অ্যাক্টিভিস্ট, নিউইয়র্ক), নবেন্দু দত্ত (অধ্যাপক, নিউইয়র্ক), সিরাজ আহমেদ সোহাগ (কমিউনিটি লিডার, নিউইয়র্ক)।

বদলে দেই পৃথিবী
ধাঁপে ধাঁপে
শুভকাজে

RENAISSANCE
HOME HEALTH CARE



নিউইয়র্ক সিটির সর্বশ্রেষ্ঠ হোমকেয়ার প্রতিষ্ঠান রেঁনেসা হোম এন্ড হেলথ কেয়ার
সর্বোচ্চ সম্মানীতে রেঁনেসা হোম এন্ড হেলথ কেয়ারে যোগ দিন

আপনার মর্যাদা, সম্মান ও সহানুভূতির সাথে সর্বোচ্চ গুণগত পরিসেবা প্রদানই আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য

- আমাদের রয়েছে আকর্ষণীয় ক্ষতিপূরণ প্যাকেজ
- ছুটির দিনে দ্বিগুণ বেতন
- বিনামূল্যে প্রশিক্ষণের ব্যবস্থা
- গুগল-এ ৪.৫ স্টার রেটিং



রেনেসাঁয় কাজ করতে চান? আজই যোগাযোগ করুন

(718) 649-3670

1959 WESTCHESTER AVE.
BRONX, NY 10462

www.renaissancehomehc.com

বাংলা পত্রিকা
প্রান্তিক পৃষ্ঠা
The Weekly Bangla Patrika
বাংলা পত্রিকা The Weekly Bangla Patrika // Monday // June 19 // 2023

নিউইয়র্কে বেকারত্বের হার আরও কমেছে

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউ ইয়র্কে মে মাসে বেকারত্বের হার ছিলো ৪ শতাংশেরও নিচে। ২০২০ সালের গোড়ার দিকে কোভিড-১৯ অতিমারি শুরু হওয়ার পর এই প্রথম সিটিতে কর্মহীনতা এতটা নিচে নামলো। ডিপার্টমেন্ট অব লেবার বৃহস্পতিবার এই ঘোষণা দেয়। কোভিড-১৯ এ বিপর্যয়ের পর গত তিন বছর ধরেই কর্মসংস্থানের পরিস্থিতি ধীরে উন্নতি হচ্ছিলো। শ্রম দফতরের কর্মকর্তারা বৃহস্পতিবার জানান গত এপ্রিলেও কর্মহীনতার হার ৪ শতাংশে নেমে আসে, যা মে মাসে ৩.৯ শতাংশে পৌঁছায়। রিপোর্টে বলা হয় ব্যক্তিমালিকানাধীন খাতে মে-মাসে ৩১ হাজার নতুন কাজের সুযোগ তৈরি হয়। যা থেকে মোট কর্মসংস্থা দাঁড়ায় ৮.২ মিলিয়ন। কর্ম সংস্থান বৃদ্ধিতে যুক্তরাষ্ট্রে অন্য যে কোনো স্টেটের চেয়ে এগিয়ে নিউ ইয়র্ক। মে মাসেই এখানে বৃদ্ধির হার ছিল ০.৪ শতাংশ। যা গোটা দেশে বৃদ্ধির গড় হারের চেয়ে ০.২ শতাংশ বেশি। তবে কোভিড-১৯ এর সময় কাজ হারিয়েছেন তাদের কেউ কেউ এখনো কাজ পেতে সংগ্রাম করে যাচ্ছেন। ওই সময়টিতে নিউইয়র্কের প্রতি ৫ জনের মধ্যে ১ জন কর্মহীন হয়ে পড়েছিলেন। শ্রম শক্তির অংশগ্রহণের হারও ধীরে ধীরে বাড়ছে। এই হার এপ্রিলে ছিলো ৬০.৮ শতাংশ যা মে মাসে ৬১ শতাংশে পৌঁছায়













কেন্দ্রীয় সভাপতি ড. মোহাম্মদ আবদুল করিমের সাথে চবি এলামনাই এসোসিয়েশনের একান্ত আলাপ

নিউইয়র্ক: চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশনের কেন্দ্রীয় কমিটির সভাপতি, বাংলাদেশ সরকারের সাবেক মুখ্য সচিব ড. মোহাম্মদ আবদুল করিমের আমেরিকা আগমন উপলক্ষে গত ৬ জুন মঙ্গলবার নিউইয়র্ক সিটির কিউ গার্ডেনস্থ 'দি ইটার্নিটি' রেষ্টুরেন্টের পার্টি হলে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন উত্তর আমেরিকা ইন্‌ক-এর উদ্যোগে 'একান্ত আলাপন' শীর্ষক অনুষ্ঠানে প্রাণঢালা সংবর্ধনা প্রদান করা হয়। সংগঠনের সভাপতি সাবিনা শারমিন নিহারের সভাপতিত্বে ও যুগ্ম সাধারণ সম্পাদক মীর কাদের রাসেলের সঞ্চালনায় সভাটি অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের শুরুতে বাংলাদেশের জাতীয় সঙ্গীত পরিবেশন করা হয়। সংবর্ধিত অতিথিকে ফুল দিয়ে বরণ করেন সংগঠনের সাবেক সভাপতি ও উপদেষ্টা পারভেজ কাজী ও সাবেক সভাপতি, উপদেষ্টা ও প্রধান নির্বাচন কমিশনার রেজাউল করিম সগীর।

সভায় পারভেজ কাজী ও রেজাউল করিম সগীর ছাড়াও আলোচনায় অংশ নেন উপদেষ্টা অধ্যাপক এ. কে. আখতার হোসেন, বিগ্রেডিয়ার জেনারেল (অব) রেজাউল করিম রবিন, সাবেক সভাপতি ও উপদেষ্টা আবদুল আজিজ নঈমী, উপদেষ্টা মোহাম্মদ হুমায়ুন কবির, হোসেইন মোসাদ্দেক, হাবিবুল কাদের। এছাড়াও উপস্থিত এলামনাই এসোসিয়েশনের অন্যান্য সদস্যরা নিজ নিজ পরিচয় দিয়ে সংক্ষিপ্ত শুভেচ্ছা বক্তব্য ও অতিথির সাথে পরিচিতি হতে পেরে কৃতজ্ঞতা ও উচ্ছাস প্রকাশ করেন।

সভায় ড. মোহাম্মদ আবদুল করিম চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে তাঁদের সময়ের স্মৃতিচারণ করেন। তুলে ধরেন তাঁর ছাত্র জীবন ও কর্ম জীবনের গুরুত্বপূর্ণ কিছু ঘটনার স্মৃতি। কেন্দ্রীয় এলামনাই গঠন ও এর অগ্রযাত্রায় বিভিন্ন কর্মকান্ডের বর্ণনাও তুলে ধরেন। তিনি বলেন, আপনারা কঠোর পশ্রিম করে এদেশে টিকে আছেন। অনেক ব্যস্ততার মাঝেও এ ধরণের আয়োজন করার জন্য তিনি ধন্যবাদ জানিয়ে বলেন, আপনাদের হৃদয়ে যেমন দেশ আছে, তেমনি সাবেক ছাত্র হিসাবে অনেক দূরে থেকেও বিশ্ববিদ্যালয়কে মনে রেখেছেন। তিনি পরম মমতায় আপনারা যেখানে লেখাপড়া শিখেছেন, সেই বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের বিভিন্ন সুযোগ-সুবিধায় সার্বিক সহায়তা প্রদানে এগিয়ে আসার আহবান জানান।

অনুষ্ঠানে সাবেক চবিয়ানরা তাঁদের বক্তব্যে বলেন, আমাদের হৃদয়ে এই বিশ্ববিদ্যালয়ের স্মৃতি জাগরুক হয়ে আছে। যেখানে প্রতিটি শিক্ষার্থীর তারুণ্যের সোনালী দিনগুলো কাটে, সেখানকার স্মৃতি মন থেকে মুছে ফেলা যায়না। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রাকৃতিক সৌন্দর্য এবং মনোরম পরিবেশে এই ক্যাম্পাসে যারা শিক্ষা জীবন কাটিয়ে এসেছেন তারা কোনো দিনই সেই সোনালী অতীতের স্মৃতিগুলো ভুলতে পারবে না। বক্তারা কেন্দ্রীয় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন গঠন ও এর অগ্রগতিতে ড. মোহাম্মদ আবদুল করিমের অবদানের কথা তুলে ধরেন এবং সাংগঠনিক কাজে তাঁর মূল্যবান সময় ব্যয় করার জন্য তাঁকে ধন্যবাদ জানান।

সভায় ঘরোয়া পরিবেশে সঙ্গীত পরিবেশন করেন এসোসিয়েশনের সাংস্কৃতিক সম্পাদক অনুপ দাশ, ডা. সোহেলী সাত্তার ও উপদেষ্টা এন. বি. নাহার বুলবুল। সংগঠনের সভাপতি সাবিনা শারমিন নিহার সভাপতির বক্তব্যে সবাইকে ধন্যবাদ জানান এবং এলামনাই এসোসিয়েশনের বিভিন্ন কার্যক্রম তুলে ধরেন। তিনি এলামনাই এসোসিয়েশনের পক্ষ থেকে বাৎসরিক বৃত্তি প্রদানের ঘোষণা দেন।

অনুষ্ঠানে প্রধান অতিথির সৌজন্যে কেক কাটা হয়। অনুষ্ঠানে প্রতিষ্ঠাতা সদস্য এটর্নি খায়রুল বাশার, এডভোকেট আবদুল হামিদ, উপদেষ্টা মহিউদ্দিন মোহাম্মদ আলমগীর, সিনিয়র সহ সভাপতি অধ্যাপক গোলাম মোহাম্মদ মুহিত, অর্থ সম্পাদক মাকসুদা খান, ফারহানা আকতার, মোহাম্মদ আমির আজম চৌধুরী, আব্দুল হান্নান, ইকবাল মাহমুদ, শিবব্রত চৌধুরী বাবলু, ফরিদা শিরীন খান, মিসেস মিনারা কাজী, মিসেস ফা-রহানা মোসাদ্দেক, মিসেস রবীন, মিসেস রাসেলা কাদের, পূর্ণিমা চৌধুরী, জেসমিন উদ্দিন, মো: মাহফুজুল হাসান কিশোর, প্রবাল চৌধুরী, জাহাঙ্গীর আলম, জসিম ইউ আহমেদ, মাহফুজুল হাসান কিশোর প্রমুখ উপস্থিত ছিলেন। সভায় চবিয়ানদের উপস্থিতিতে আয়োজনটি হয়ে উঠে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থীদের মিলন মেলা। -প্রেস বিজ্ঞপ্তি।



শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় অ্যালামনাই'র নতুন কমিটির অভিষেক

দেশ গঠনে মেধাবী পেশাদারদের দায়িত্ব অনেক বেশি : আবু জাফর মাহমুদ

নিউইয়র্ক: বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের মাউন্টেন ব্যাটেলিয়ন কমান্ডার, বিশিষ্ট রাজনীতিবিদ, পিপল ইউনাইটেড ফর প্রোগ্রেস- 'পিপল আপ' এর প্রেসিডেন্ট আবু জাফর মাহমুদ বলেছেন, প্রতিটি পেশাদার গ্রুপের মেধাবী মানুষদের জ্ঞান ও চিন্তা বাংলাদেশে কাজে লাগাতে হবে। সেজন্য পেশাদার যত অ্যালামনাই গ্রুপ, তাদেরকেই অগ্রণী ভূমিকা নিতে হবে। গত ১০ জুন শনিবার সন্ধ্যায় কুইন্স বুলেভার্ডের আগ্রা প্যালেসে শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন আমেরিকা'র নবনির্বাচিত কমিটির অভিষেক ও বার্ষিক পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে আবু জাফর মাহমুদ একথা বলেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন বিশিষ্ট ব্যবসায়ী শাহ নেওয়াজ, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের উপদেষ্টা ড. প্রদীপ রঞ্জন কর ও নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেটের ফার্স্ট সেক্রেটারী ইসরাত জাহান। এসোসিয়েশনের সভাপতি মীর ফরিদ উদ্দীন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে নব নির্বাচিত কমিটির শপথ বাক্য পাঠ করান প্রধান নির্বাচন কমিশনার ড. গোলাম সামদানী তরফদার। নিউইয়র্কে হোম কেয়ার সেবার পথিকৃৎ ব্যক্তিত্ব, বাংলা সিডিপ্যাপ সার্ভিসেস ও অ্যালেগ্রা হোম কেয়ারের প্রতিষ্ঠাতা প্রেসিডেন্ট এন্ড সিইও আবু জাফর মাহমুদ বলেছেন, কেউ আমরা বাংলাদেশ ভুলিনি। যুদ্ধ করে আমরা বাংলাদেশ রাষ্ট্র প্রতিষ্ঠা করেছি। তারপর এই সময়ের ভেতর অনেক অভিজ্ঞতা হয়েছে। যারা পেশাদার তাদের দায়িত্ব অনেক বেশি। কৃষিবিদরা দেশের কৃষি গবেষণা ও সম্প্রসারণে অনেক বড় অবদান রাখতে পারেন। এখন বাংলাদেশে কৃষিকাজে অধিকাংশ শিক্ষিত তরুণ যুক্ত হয়েছে। তারা নিজেরাই কৃষিকাজ করছেন। এখান থেকে প্রকৌশলী, ডাক্তারসহ বিভিন্ন পেশাজীবীরা দেশের জন্য বহুমুখি উদ্যোগ নিচ্ছেন। বিনিয়োগ করছেন। ডাক্তাররা হসপিটাল করছেন। আমি নিজে তিনটি হসপিটালের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতির অর্ডার করেছি। যাতে সুবিধামতো জায়গায় হসপিটাল স্থাপন করা যায়। একইভাবে কৃষিবিদদেরকেও দেশের জন্য বড় উদ্যোগ নিয়ে যেতে হবে।

বীর মুক্তিযোদ্ধা আবু জাফর মাহমুদ বলেন, মা-বাবার প্রতি সম্মান ও দায়িত্বের মতোই আমাদের জন্মভূমির প্রতি দায়িত্ব সবার আগে। স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয় আমাদের ব্যক্তিগত বাবা-মা প্রতিষ্ঠা করেননি। যে রাস্তা দিয়ে হেঁটেছি সেটিও আমার-আপনার বাবা-মা প্রতিষ্ঠা করেননি। আমাদের জাতি করেছে। জাতির এই ঋণ শোধ দেয়ার জন্য আজীবন প্রচেষ্টা থাকতে হবে।

আবু জাফর মাহমুদ বলেন, দেশ স্বাধীন করার জন্য আমরা একসময় শ্লোগান দিয়েছি 'জয় বাংলা'। এখন যুদ্ধ করে স্বাধীন করা দেশটির জন্য আমার চেতনায় ও চিত্তে সারাক্ষণই শ্লোগান থাকে "জয় বাংলাদেশ"। এই 'জয় বাংলাদেশ'ই আমাদের সম্পর্কের সূত্র। দেশপ্রেমের শ্লোগান।

শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় এলামনাই'র নব নির্বাচিত কর্মকর্তারা হলেন: সভাপতি- এম এ রশীদ, সিনিয়র সহ সভাপতি- রেজাউল হক চৌধুরী মানিক, সহ সভাপতি- তপতী রায়, সাধারণ সম্পাদক- এম এ মামুন, সহ-সাধারন সম্পাদক- যুগল কিশোর নাথ, সাংগঠনিক সম্পাদক- আনিসুল হক সোহেল, কোষাধ্যক্ষ- আব্দুল আজিম, ক্রিড়া ও সাংস্কৃতিক সম্পাদক- শুভময় বিশ্বাস। কার্যকরি কমিটির সদস্যরা হলেন- মীর ফরিদ উদ্দীন আহমেদ, মনোয়ারুল ইসলাম, প্রভাত বোস, আসাদুজ্জামান কিরন ও সেকেন্দার আলী। -প্রেস বিজ্ঞপ্তি।







সিরাজুল আলম খান স্মরণে সভা সোমবার



বাংলা পত্রিকা রিপোর্ট: মহান মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক ও বাংলাদেশের রাজনীতির 'রহস্য পুরুষ' হিসেবে পরিচিত সিরাজুল আলম খান স্মরণে সভা আহবান করা হয়েছে নিউইয়র্কে। সোমবার (১৯ জুন) সন্ধ্যা ৬টায় জ্যাকসন হাইটসের জুইস সেন্টারে এই সভা অনুষ্ঠিত হবে। চলবে রাত ১০টা পর্যন্ত। নিউইয়র্কের প্রবাসী নাগরিক সমাজের উদ্যোগে আয়োজিত সভায় প্রবাসীদের উপস্থিত থাকার অনুরোধ জানানো হয়েছে।





TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS
Direct Lender
Low Closing Cost Good Rate
Call 718-507-LOAN for Approval
70-17, 37th Ave. Suite# 2F, Jackson Heights, NY 11372
Licensed Mortgage Banker of New York
M. Kamal, MLO
CPA



খুশবু আলমের কন্যার জানাজা ও দাফন সম্পন্ন

নিউইয়র্ক (ইউএনএ): নিউইয়র্ক তথা উত্তর আমেরিকার বাংলাদেশী কমিউনিটির পরিচিত মুখ, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও জনপ্রিয় তবলা বাদক খুশবু আলমের কন্যা চাঁদনী আলমের **(বাকি অংশ ০৩ পাতায়)**

সাঈদ তারেকের কলাম

মানব সমাজের জঘন্যতম অপরাধ হচ্ছে হত্যাকান্ড!



শাহরিয়ার কবিরের মেয়েটার গলায় ফাঁসি নিয়ে আত্মহত্যার খবরে দেখলাম কেউ কেউ উল্লাস বা সন্তোষ প্রকাশ করেছেন, সোস্যাল মিডিয়ার পাতায় পাতায় নানা বিদ্রুপাত্মক মন্তব্য। **(বাকি অংশ ৩৭ পাতায়**

বাড়ী ক্রয়ের প্রস্তুতি



এম. কামাল: নিউইয়র্কে বাড়ী ক্রয় করা যতনা সহজ বাড়ী রক্ষা বা বাড়ীর রক্ষণাবেক্ষণ তত কঠিন। তবে এজন্য বাড়ীর মালিককে শিল্পী হওয়ার প্রয়োজন নেই। কিন্তু এ সম্পর্কে **(বাকি অংশ ৩৭ পাতায়)**

নিউয়র্কের বাজারে মৌসুমী ফলের ব্যাপক সরবরাহ

উচ্চ দাম নিয়ে অস্বস্তি



বিশেষ প্রতিনিধি: নিউয়র্কের বাজারে মৌসুমী ফলের এখন ব্যাপক সরবরাহ। বিশেষ করে এশিয়ান ও বাংলাদেশী প্রজাতির ফলের ব্যাপক সরবরাহ এসেছে বাজারে। কিন্তু ফলের এ ভরা মৌসুমেও উচ্চ দাম নিয়ে অসন্তোস জানিয়েছেন ক্রেতারা। যদিও ব্যবসায়ীরা বলেছেন আগামী এক মাসের মধ্যে দাম প্রায় অর্ধেকে নেমে যাবে। নিউইয়র্ক সিটির জ্যাকসন হাইটসসহ বাংলাদেশী অধ্যুষিত এলাকাগুলোর গ্রোসারী শপগুলোতে **(বাকি অংশ ৩৬ পাতায়)**

জালালাবাদ এসোসিয়েশনের পাল্টা সাধারণ সভায়

বদরুল খান-রুকন হাকিমকে বহিষ্কার

বিশেষ প্রতিনিধি: 'জালালাবাদ ভবন' ক্রয়কে কেন্দ্র করে সৃষ্ট জটিলতায় জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সহ সভাপতি শাহীন কামালী ও সাধারণ সম্পাদক মইনুল ইসলাম আহুত এসোসিয়েশনের পাল্টা জরুরী সাধারণ সভায় সভাপতি বদরুল খান ও সহ সাধারণ সম্পাদক রুকন হাকিম-কে বহিষ্কার করার সিদ্ধান্তের পাশাপাশি শাহীন কামালকে ভারপ্রাপ্ত সভাপতি ও মইনুল ইসলাম সাধারণ সম্পাদক হিসেবে সংগঠন পরিচালনা করবেন বলে সিদ্ধান্ত হয়েছে। সভায় উপস্থিত **(বাকি অংশ ৪৪ পাতায়)**

'এলএফআই' পেয়েছে ইমিগ্র্যান্ট ও বারী হোম কেয়ার





বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ হেলথ কর্তৃক লীড ফিস্কাল ইন্টারমিডিয়ারী কন্ট্রাক্টিং এটেস্টেশান কর্মসূচির আওতায় সিডিপ্যাপ (কনজুমার ডিরেক্টেড পার্সোনাল এসিসট্যান্স প্রোগ্রাম) এর জন্য লীড **(বাকি অংশ ০৩ পাতায়)**

বিল ক্লিনটনের শুভেচ্ছা

বর্ণিল আয়োজনে ডব্লিউইউএসটি'র সমাবর্তন সম্পন্ন

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট বিল ক্লিনটনের একটি শুভেচ্ছাপত্র পেলেন ওয়াশিংটন ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির গ্রাজুয়েটেড শিক্ষার্থীরা। শনিবার (১৭ জুন) ছিলো এই গ্রাজুয়েশন সেরিমনি। ক্লাস **(বাকি অংশ ৩০ পাতায়)**

আবু জাফর মাহমুদের ডক্টরেট ডিগ্রি লাভ



বিশেষ প্রতিনিধি: মানব সেবা ও বিশ্বশান্তির পক্ষে অবদানের স্বীকৃতি হিসেবে বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের মাউন্টেন ব্যাটালিয়ন কমান্ডার বীর মুক্তিযোদ্ধা আবু জাফর মাহমুদ সম্মানসূচক ডক্টরেট ডিগ্রি লাভ করেছেন। জুন ১৪ বুধবার একই সঙ্গে তাকে ইনস্টিটিউট অফ পাবলিক পলিসি এন্ড ডিপলোমেসি রিসার্চ এর পক্ষ থেকে গ্লোবাল পিস অ্যামব্যাসেডরের সম্মাননা প্রদান **(বাকি অংশ ২৩ পাতায়)**

ছয় কংগ্রেসম্যানের চিঠির প্রতিবাদে ১৯২ প্রবাসীর বিবৃতি

বাংলা পত্রিকা ডেস্ক: বাংলাদেশের বিরুদ্ধে ব্যবস্থা নিতে ছয় ইউএস কংগ্রেসম্যানের চিঠির তথ্য মিথ্যা এবং বাস্তবতাবিবর্জিত বলে মন্তব্য করে তা প্রত্যাখ্যান এবং ওই চিঠি প্রত্যাহারের দাবী জানিয়ে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের কাছে পাল্টা **(বাকি অংশ ৪৪ পাতায়)**

মুন্সিগঞ্জ বিক্রমপুর এসোসিয়েশনের নতুন কমিটি

নিউইয়র্ক: মুন্সিগঞ্জ বিক্রমপুর এসোসিয়েশন ইনক এর ২০২৩-২০২৪ সালের নতুন কমিটি গঠন **(বাকি অংশ ৪১ পাতায়)**



GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেলথ কেয়ার এজেন্সী
HHA/PCA & CDPAP SERVICE
Call: 718-775-7852
646-591-8396

ZAKIR CPA, PLLC
Certified Public Accountants
Accurate, Fast & Reliable Services
আমাদের সেবা সমূহ
929-207-1516
1506 Castle Hill Ave,
2nd Floor, Bronx, NY-10462
Zakir Choudhury, CPA
Founder & CEO
আমরা ইমিগ্রেশন এবং সিটিজেনশীপ নিয়ে আবেদন করে থাকি
www.zakircpa.com info@zakircpa.com

ফাউন্ডেশন অফ গ্রেটার জৈন্তা'র উদ্যোগে

শায়খ আব্দুল মতীন (রহ:) স্মরণে আলোচনা ও দু'আ মাহফিল

বিশেষ প্রতিনিধি: সিলেটের নিভৃতচারী আলেমে দ্বীন, কোম্পানীগঞ্জের জামেয়া মুশাহিদিয়া খাগাইল মাদরাসার সাবেক দীর্ঘকালীন নাজিমে তালিমাত, মাওলানা শায়েখ আব্দুল মতিন (রহ:) নিরবে নিভৃতে জীবনভর দ্বীন ইসলামের খেদমত করে গেছেন। ইলমে ওহীর আলো ছড়িয়ে দিতে পুরো জীবনকে উৎসর্গ করেছেন আল্লাহর রাহে। **(বাকি অংশ ০৭ পাতায়)**

জ্যাকসন হাইটসে
মেঘনা ট্রাভেলস
718-478-1920
718-930-1494
বিস্তারিত ৩০ পাতায়

Largest & Most Reliable Travel Agent
CONCORDE
Travel Inc
Jackson Heights: 347-448-6175
Manhattan: 212-563-2800
Call: 917-355-7374
বিস্তারিত ৩১ পাতায়

বাংলা পত্রিকায় বিজ্ঞাপন দিন

ট্রাভেল ব্যবসায় দীর্ঘদিন অভিজ্ঞতার আলোকে ওজনপার্কের প্রাণকেন্দ্রে অবস্থিত গ্লোবাল এয়ার সার্ভিস আপনাকে দিচ্ছে নিরাপদ এবং ঝামেলামুক্ত আকাশ ভ্রমণের সুযোগ
গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
Your Trusted Travel Guide...
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
হজ্বব্রত পালনকারীরগণ গ্রহণ করুন সর্বোত্তম সেবা ওমরা ও মূল হজ্ব
গ্লোবাল এয়ার
WALL STREET FINANCE LLC
76-01, 101 AVE, OZONE PARK, NY 1141
FAX: 718-296-8259, EMAIL: GLBL001@YAHOO.COM



জিলহজ মাসের আমল ও কোরবানির বিধিবিধান

মুফতি মাওলানা শাঈখ মুহাম্মাদ উছমান গনী

শাওয়াল, জিলকদ ও জিলহজ্জমূলত এই তিন মাসই হজের মাস। এর মধ্যে প্রধান হলো জিলহজ মাস। এই মাসের ৮ থেকে ১৩ তারিখএই **(বাকি অংশ ২০ পাতায়)**

খেলার খবর

বিশ্বকাপের তিন ভেন্যু নিয়ে তিন আপত্তি পাকিস্তানের

স্পোর্টস ডেস্ক: এশিয়া কাপের জন্য পাকিস্তানের প্রস্তাবিত 'হাইব্রিড মডেলে' রাজি হয়েছে এশিয়ান ক্রিকেট কাউন্সিল (এসিসি)। এতে **(বাকি অংশ ৩৬ পাতায়)**

হেলথ টিপস

হেঁটেই কমান ডায়াবেটিস

বাংলা পত্রিকা ডেস্ক: পরিমিত খাওয়া-দাওয়া, নিয়ম করে ওষুধ খাওয়া, মিষ্টিজাতীয় খাবার থেকে দূরে থাকা- ডায়াবেটিস হলে **(বাকি অংশ ৩৬ পাতায়)**

বিনোদন

চিকনি-চামেলি হয়ে ফিরতে চান মাহিয়া মাহি

বিনোদন ডেস্ক: মা হওয়ার পর অনেকটাই মুটিয়ে গেছেন চিত্রনায়িকা মাহিয়া মাহি। তবে শরীর থেকে মেদ ঝরিয়ে চিকনি চামেলি হয়ে **(বাকি অংশ ৩৬ পাতায়)**

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com